৮. **নিম্নের কোন দুটি দেশ এখনও বাস্তবিক পক্ষে যুদ্ধরত রয়েছে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]
ক ভারত ও পাকিস্তান খ উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়া
গ চীন ও জাপান ঘ মার্কিন যুক্তরাষ্ট্র ও জার্মানি **উত্তর: খ**

৯. **'সানশাইন পলিসি'র সাথে কোন দেশটি জড়িত?** [তথ্য মন্ত্রণালয়ের তথ্য অফিসার : ০৫]
ক চীন খ উত্তর কোরিয়া
গ দক্ষিণ কোরিয়া ঘ তাইওয়ান **উত্তর: গ**

১০. **Which of the two countries is involved with Sunshine Policy?/ কোন দুটি দেশ সানসাইন নীতি সম্পর্কিত?** [Shahjalal Islami Bank Ltd. MTO : 10]
ⓐ China – Russia ⓑ North Korea – South Korea
ⓒ Japan – Thailand ⓓ Taiwan – Hong Kong **Ans.** b

১১. **পানমুনজাম কি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০১-০২]
ক তাইওয়ানের রাজধানী খ আগামী শীতকালীন অলিম্পিকের ভেন্যু
গ আসিয়ানের সদর দপ্তর ঘ দুই কোরিয়ার মধ্যে একটি গ্রাম **উত্তর: ঘ**

১২. **Panmunjom Declaration is a peace treaty signed between-** [Bangladesh Bank Assistant Director (General) : 18]
ⓐ North Korea & South Korea
ⓑ USA and North Korea
ⓒ USA and Vietnam
ⓓ China and Japan **Ans.** a

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

গণচীন

রাজনৈতিক পরিক্রমা

৪ মে আন্দোলন : প্রথম বিশ্বযুদ্ধে চীন মিত্রশক্তিকে সমর্থন দেয়। কিন্তু যুদ্ধ শেষে সম্পাদিত ভার্সাই চুক্তিতে চীনের শ্যানডং অঞ্চলে জাপানের অধিকার প্রতিষ্ঠিত হয়। চীনের সরকারের দুর্বল প্রতিক্রিয়ার পরিপ্রেক্ষিতে ১৯১৯ সালের ৪ মে বেইজিংয়ে ছাত্ররা একটি সাম্রাজ্যবিরোধী, সাংস্কৃতিক ও রাজনৈতিক আন্দোলন শুরু করে। এই আন্দোলনের পর থেকে চীনে মার্কসবাদী চিন্তাভাবনা ব্যাপকভাবে প্রসার লাভ করতে শুরু করে এবং ১৯২১ সালের ১ জুলাই চীনা কমিউনিস্ট পার্টি প্রতিষ্ঠিত হয়।

চীনের গৃহযুদ্ধ (Chinese Civil War) : চীনা কমিউনিস্ট পার্টি এবং চীনা জাতীয়তাবাদী দলের অনুসারীদের মধ্যে যুদ্ধ হয়। মাও সেতুং (Mao Zedong) এর নেতৃত্বাধীন চীনা কমিউনিস্ট পার্টির অনুসারীরা যুদ্ধে জয়ী হয় এবং ১৯৪৯ খ্রিষ্টাব্দের ১ অক্টোবর *People's Republic of China* (গণচীন) প্রতিষ্ঠা করেন। ১৯৪৯ সালে চীনে কমিউনিজম প্রতিষ্ঠিত হয়। চায়না জাতীয়তাবাদী দলের নেতৃবৃন্দ তাইওয়ানে আশ্রয় নেন এবং *Republic of China* (তাইওয়ান) প্রতিষ্ঠা করে।


মাও সেতুং

সাংস্কৃতিক বিপ্লব (Cultural Revolution) : ১৯৬৬ সালে চীনা কমিউনিস্ট পার্টির নেতা মাও সে তুং এর আহবানে চীনের সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক উন্নয়নের লক্ষ্যে চীনে বিপ্লবের সূত্রপাত হয়। ১৯৭৬ সালে মাও সে তুং এর মৃত্যুর মাধ্যমে এই বিপ্লবের পরিসমাপ্তি ঘটে।

তিয়েন আনমেন স্কোয়ার হত্যাকাণ্ড : ১৯৮৯ সালের ৪ জুন বেইজিং এর তিয়েন আনমেন স্কোয়ারে ছাত্র- বুদ্ধিজীবীরা অধিক গণতন্ত্র এবং মত প্রকাশের স্বাধীনতার দাবিতে সমবেত হয়। চীনের সরকার এই সমাবেশে ব্যাপক হত্যাযজ্ঞ চালায়।

ভৌগোলিক বিবরণ

চীনের সাথে বিশ্বের সর্বাধিক ১৪ টি দেশের স্থল সীমান্ত রয়েছে যথা- মঙ্গোলিয়া, রাশিয়া, উত্তর কোরিয়া, ভিয়েতনাম, লাওস, মিয়ানমার, ভারত, ভুটান, নেপাল, পাকিস্তান, আফগানিস্তান, তাজিকিস্তান, কিরগিস্তান এবং কাজাকিস্তান এর সাথে চীনের স্থলসীমা রয়েছে। এছাড়া দক্ষিণ কোরিয়া, জাপান, ফিলিপাইন এবং ভিয়েতনামের সাথে রয়েছে জলসীমা। রাশিয়ার সাথেও সর্বাধিক ১৪টি দেশের সীমান্ত রয়েছে।

প্রশাসনিক বিভাগ

গণচীনের শাসনের আওতায় রয়েছে ২২টি প্রদেশ, পাঁচটি স্বায়ত্তশাসিত অঞ্চল, চারটি কেন্দ্রশাসিত পৌরসভা (বেইজিং, থিয়েনচিন, সাংহাই এবং চুংছিং) এবং দুইটি প্রায়-স্বায়ত্তশাসিত বিশেষ প্রশানিক অঞ্চল (হংকং এবং ম্যাকাও)।

তিব্বত (Tibbet) : ১৯৫০ সালে তিব্বতের উপর চীনের সার্বভৌমত্ব প্রতিষ্ঠিত হয়। বর্তমানে তিব্বত চীনের একটি স্বায়ত্তশাসিত অঞ্চল। তিব্বতের ধর্মীয় নেতাকে Dalai Lama (দালাইলামা) বলা হয়।

১৯৫৯ সালে চতুর্দশ দালাইলামা তাঁর অনুসারীদের নিয়ে ভারতে ধর্মশালায় পালিয়ে যান এবং নির্বাসিত তিব্বত সরকার প্রতিষ্ঠা করেন। চীন এই সরকারকে প্রত্যাখ্যান করে। বর্তমান (চতুর্দশ) দালাইলামার আসল নাম তেনজিন গিয়াতসো।

হংকং (Hongkong) : Treaty of Nanking (নানকিং চুক্তি) - 1842 AD প্রথম আফিম (১৮৩৯ -৪২ খ্রি.) এর যুদ্ধে ব্রিটেনের নিকট চীন পরাজিত হলে হংকং ব্রিটিশ কলোনিতে পরিণত হয়।

↓

Convention for the Extension of Hong Kong Territory - 1898 AD
চীন ৯৯ বছরের জন্য হংকং ব্রিটিশ সরকারের নিকট লিজ দেয়।

↓

১৯৯৭ সালের ১ জুলাই ব্রিটিশ সরকার হংকং চীনের নিকট ফেরত দেয়। বর্তমানে হংকং *One Country, Two System* (এক দেশ, দুই পদ্ধতি) -তে পরিচালিত চীনের একটি বিশেষ স্বায়ত্তশাসিত অঞ্চল। চীনের "দ্বৈত অর্থনীতির" ধারণা প্রধানত হংকং এর অর্থনীতিকে সচল রাখার লক্ষ্যে গৃহীত হয়।

ম্যাকাও (Macau) দ্বীপটি চীন সাগরে অবস্থিত একটি পর্তুগিজ কলোনি (১৮৮৭ খ্রি:) ছিল। ১৯৯৯ সালের ২০ ডিসেম্বর পর্তুগাল গণচীনের নিকট ম্যাকাও ফেরত দেয়। চীনের একটি বিশেষ স্বায়ত্তশাসিত অঞ্চল। বর্তমানে 'এক দেশ, দুই পদ্ধতি' (One Country, Two System)-তে পরিচালিত হয়-২০৪৯ সাল পর্যন্ত এ পদ্ধতি চালু থাকবে। ম্যাকাউ বিংশ শতাব্দীর শেষভাগে উপনিবেশবাদের নিগড় থেকে মুক্ত হয়।

MCQ Solution

১. **বিশ্বের কোন দেশ সর্বাধিক প্রতিবেশী রাষ্ট্র দ্বারা পরিবেষ্টিত?** [ব্যাংকার্স নিয়োগ কমিটি (BSC) এর সিনিয়র অফিসার : ১৮/ বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ- ইউনিট) : ১৩-১৪]

ⓚ ভারত ⓛ চীন
ⓜ মায়ানমার ⓝ বাংলাদেশ **উত্তর: খ**

২. **চীনের সাথে কয়টি দেশের জল ও স্থল সীমান্ত রয়েছে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (লোকপ্রশাসন বিভাগ) : ০৫-০৬]

ⓚ ১২টি ⓛ ১৪টি
ⓜ ১৬ টি ⓝ ১৮টি **উত্তর: খ**

৩. **Which one of the following countries does not share any border with China?** [Union Bank Ltd. Senior Officer : 14]

ⓐ Thailand ⓑ Mongolia
ⓒ Vietnam ⓓ Kazakhstan
ⓔ None of these **Ans. a**

৪. **গণচীনের প্রতিষ্ঠাতা কে?** [তথ্য মন্ত্রণালয়ের (গণযোগাযোগ প্রশিক্ষণ) সহকারী পরিচালক : ০১]

ⓚ মাও সেতুং ⓛ সান ইয়াৎ সেন
ⓜ চিয়াং কাইশেক ⓝ লিও শাও চি **উত্তর: ক**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৫. **Great Leap Forward ইতিহাসের এই অতি সমালোচিত কর্মসূচিটির প্রবক্তা হচ্ছেন -** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪]

ক) দেং শিয়াও পিং খ) মাও সে তুং
গ) হু জিনতাও ঘ) চৌ এন **উত্তর: খ**

৬. **চীনে কত সালে কমিউনিজম প্রতিষ্ঠিত হয়?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ) : ০৯-১০]

ক) ১৯৭১ খ) ১৯৫০
গ) ১৯৮০ ঘ) ১৯৪৯ **উত্তর: ঘ**

৭. **সাংস্কৃতিক বিপ্লব কোথায় সংঘটিত হয়?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]

ক) কিউবা খ) চীন
গ) রাশিয়া ঘ) চিলি **উত্তর: খ**

৮. **'তিয়েন আনমেন স্কোয়ার' কোথায় অবস্থিত?** [সহকারী থানা শিক্ষা কর্মকর্তা (ATEO): ১৬/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০/ পরিবেশ অধিদপ্তরের ফিল্ড ইনভেস্টিগেটর এবং রিসার্চ অ্যাসিস্টেন্ট : ০৬]

ক) বেইজিং খ) সাংহাই
গ) হংকং ঘ) ক্যান্টন **উত্তর: ক**

৯. **'এশিয়া ওয়াচ' কর্তৃক সম্প্রতি উৎঘাটিত কোন অপরাধের জন্য চীনের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র Special 301 প্রয়োগ করার বিবেচনা করে?**

ক) জুন ১৯৮৯ সালে তিয়ানমেন স্কোয়ারে সংঘঠিত ট্রাজেডি
খ) জেলখানার কয়েদীদের শ্রমে উৎপাদিত দ্রব্য
গ) পাকিস্তানের কাছে মিসাইল বিক্রি
ঘ) আলজিরিয়ার কাছে পারমাণবিক যুদ্ধাস্ত্রের প্রযুক্তি বিক্রয় **উত্তর: ক**

১০. **What does '*Dalai lama*' stand for?/ দালাইলামা বলতে কি বুঝায়?** [Premier Bank Ltd. Trainee Junior Officer : 09]

ⓐ Continent ⓑ Ocean
ⓒ Plateau ⓓ Mountain
ⓔ None of these **Ans.** e

১১. **তিব্বতের ধর্মীয় নেতাকে বলা হয়-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]

ক) পোপ খ) ভিক্ষু
গ) দালাইলামা ঘ) কনফুসিয়াস **উত্তর: গ**

১২. **দালাই লামা কোন দেশের নাগরিক?** [সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) : ০৭]

ক) ভারত খ) চীন
গ) মঙ্গোলিয়া ঘ) তিব্বত **উত্তর: ঘ**

১৩. **তেনজিন গিয়াতসো কোন নামে অধিক পরিচিত?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট) : ১৩-১৪]

ক) শেরপা তেনজিং খ) অশো
গ) পঞ্চেন লামা ঘ) দালাই লামা **উত্তর: ঘ**

১৪. **যে দুটো দেশের মধ্যে আফিম যুদ্ধ (Opium War) সংঘটিত হয়েছিল?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]

ক) চীন ও যুক্তরাজ্য খ) চীন ও মার্কিন যুক্তরাষ্ট্র
গ) চীন ও রাশিয়া ঘ) চীন ও ফ্রান্স **উত্তর: ক**

১৫. **First China War was fought between — / প্রথম চীন যুদ্ধে কোন দুই প্রতিপক্ষের মধ্যে সংগঠিত হয়–** [Janata Bank Ltd. Executive Officer (Teller) : 15]

ⓐ China and France ⓑ China and Britain
ⓒ China and Egypt ⓓ China and Greek Ans. b

১৬. **ব্রিটিশ কর্তৃক হংকং ..... বছর শাসিত হয়েছিল?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]

ক) ১৫০ বছর খ) ১০০ বছর
গ) ১৫৬ বছর ঘ) ২০০ বছর **উত্তর: গ**

ব্যাখ্যা: (১৮৪২-১৯৯৭) = ১৫৬ বছর।

১৭. **কোন যুদ্ধের পরে হংকং-এ ব্রিটিশ শাসন প্রতিষ্ঠিত হয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]

ক) বক্সার যুদ্ধ খ) এট্রিশন যুদ্ধ
গ) আফিম যুদ্ধ ঘ) জল যুদ্ধ **উত্তর: গ**

১৮. **কত সালে নানকিং চুক্তি স্বাক্ষরিত হয়েছিল, যে চুক্তির অধীনে হংকংকে ব্রিটিশ কলোনি হিসেবে ঘোষণা দেয়া হয়েছিল?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা : ০৬]

ক) ১৮৩৯ খ) ১৮৪২
গ) ১৮৪৩ ঘ) ১৮৫৬ **উত্তর: খ**

১৯. **হংকং কোন সালে যুক্তরাজ্যের কর্তৃত্ব থেকে চীনের হাতে চলে আসে?** [কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসার : ০৮/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫]

ক) ১ জানুয়ারি, ১৯৯৭ খ) ১ মার্চ, ১৯৯৭
গ) ১ জুলাই, ১৯৯৭ ঘ) ১ সেপ্টেম্বর, ১৯৯৭ **উত্তর: গ**

২০. **কত খ্রিষ্টাব্দে ইংল্যান্ড চীনের কাছ থেকে হংকং শহর লিজ গ্রহণ করে?** [Sonali, Janata, Agrani and Rupali Bank Senior Officer: 98]

ক) ১৬৯৮ খ) ১৭৯৮
গ) ১৮৯৮ ঘ) ১৯৪৪ **উত্তর: গ**

২১. **When did Hong Kong become part of China?/ কখন হংকং চীনের সাথে একীভূত হয়?** [Pubali Bank Ltd. Senior Officer/ Officer : 11]

ⓐ 2000 ⓑ 1997
ⓒ 1998 ⓓ 1999
ⓔ None of them **Ans.** b

২২. **১৯৯৭ সালে এশিয়ার কোন রাষ্ট্রে 'এক দেশ, দুই পদ্ধতি' নীতি চালু হবে?** [১৪তম বিসিএস]

ক) লাওস খ) ভিয়েতনাম
গ) মঙ্গোলিয়া ঘ) গণচীন **উত্তর: ঘ**

২৩. **চীনের "দ্বৈত অর্থনীতির" ধারণা প্রধানত কোন বাস্তবতার নিরীখে গৃহীত?** [২০তম বিসিএস]

ক) বাজার অর্থনীতিকে গ্রহণযোগ্য করা খ) মতাদর্শগত ধারণার সমন্বয় সাধন
গ) হংকং এর অর্থনীতিকে সচল রাখা ঘ) তাইওয়ানকে চীনের অন্তর্ভুক্তিকরণ **উত্তর: গ**

২৪. **'ম্যাকাও' চীন সাগরে অবস্থিত একটি দ্বীপ যা কিনা একটি ইউরোপীয় দেশের কলোনি। ঐ ইউরোপীয় দেশটি কি ?** [২০তম বিসিএস/ পিএসসি সহকারী পরিচালক : ৯৮]

ক) নেদারল্যান্ড খ) স্পেন
গ) পর্তুগাল ঘ) ইউ. কে **উত্তর: গ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

২৫. ম্যাকাও কোন দেশের উপনিবেশ ছিল? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট) : ১১-১২]
ক ব্রিটেন খ পর্তুগাল
গ ফ্রান্স ঘ জাপান **উত্তর: খ**

২৬. গণচীন কখন ম্যাকাওর উপর সার্বভৌমত্ব ফিরে পায়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ৯৯-০০]
ক ১৯৯০ সালে খ ১৯৯৬ সালে
গ ১৯৯৮ সালে ঘ ১৯৯৯ সালে **উত্তর: ঘ**

২৭. কোনটি বিংশ শতাব্দীর শেষভাগে উপনিবেশবাদের নিগড় থেকে মুক্ত হয়? [২৭তম বিসিএস]
ক হংকং খ শ্রীলংকা
গ ম্যাকাও ঘ বাংলাদেশ **উত্তর: গ**

তাইওয়ান

১. তাইওয়ানের প্রথম নারী রাষ্ট্রপতির নাম- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৬-১৭]
ক ওয়াং লি খ মিং কিন
গ হুং সিউ চু ঘ সাই ইং উয়েন **উত্তর: ঘ**

ফিলিপাইন

রাজনৈতিক পরিক্রমা

- স্বাধীনতার পূর্বে ফিলিপাইন স্পেনীয় (১৫২১ খ্রি: -১৮৯৮ খ্রি:) এবং মার্কিন সাম্রাজ্যের (১৮৯৮ খ্রি. - ১৯৪৬ খ্রি.) অন্তর্ভুক্ত ছিল।
- মিন্দানাও ফিলিপাইনের দক্ষিণাঞ্চলে অবস্থিত একটি মুসলিম সংখ্যাগরিষ্ঠ দ্বীপ। এ অঞ্চলের মুসলমানরা স্বাধীনতার জন্য সংগ্রাম করছে। Abu Sayyaf (আবু সায়েফ) ফিলিপাইনের মিন্দানাও অঞ্চলের স্বাধীনতার জন্য আন্দোলনরত গেরিলা সংগঠন।
- মরো ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট (Moro National Liberation Front - MNLF) ফিলিপাইনের মিন্দানাও অঞ্চলের স্বাধীনতার জন্য সংগ্রামরত ছিল। ১৯৯৬ সালে MNLF ফিলিপাইন সরকারের সাথে একটি শান্তি চুক্তির মাধ্যমে স্বাধীনতার দাবি পরিত্যাগ করে একটি রাজনৈতিক দল হিসেবে আত্মপ্রকাশ করে।
- ফিলিপাইনের প্রেসিডেন্ট কোরাজন একিনো ছিলেন এশিয়া মহাদেশের প্রথম মহিলা রাষ্ট্রপ্রধান।

ভৌগোলিক বিবরণ

ফিলিপাইন একটি দ্বীপরাষ্ট্র। ফিলিপাইন তিনটি প্রধান দ্বীপের সমন্বয়ে গঠিত। যথা- লুজন, মিন্দানাও এবং ভিসায়াস। দ্বীপ তিনটির মধ্যে লুজন আয়তনে বৃহত্তম। ফিলিপাইনের রাজধানী ম্যানিলা লুজন দ্বীপে অবস্থিত।

MCQ Solution

১. দক্ষিণ এশিয়ার কোন দেশটি এক সময় স্পেনীয় সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা, ব্যক্তিগত কর্মকর্তা ও কারা তত্ত্বাবধায়ক এবং নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা : ০৬]
ক ভিয়েতনাম খ মালয়েশিয়া
গ ফিলিপাইন ঘ সিঙ্গাপুর **উত্তর: গ**

২. আবু সায়েফ গেরিলা গোষ্ঠী কোন দেশে তৎপর? [২৬তম বিসিএস]
ক ইরাক খ ফিলিপাইন
গ ইন্দোনেশিয়া ঘ থাইল্যান্ড **উত্তর: খ**

৩. মরো ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট কোন দেশের বিদ্রোহী গ্রুপ? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ) : ০৯-১০]
ক চীন খ ইন্দোনেশিয়া
গ ফিলিপাইন ঘ থাইল্যান্ড **উত্তর: গ**

৪. গ্লোরিয়া অ্যারাইয়ো কোন দেশের প্রেসিডেন্ট ছিলেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০১-০২]
ক লাওস খ কাম্পুচিয়া
গ ফিলিপাইন ঘ পেরু **উত্তর: গ**

ইন্দোনেশিয়া

ভৌগোলিক বিবরণ

ইন্দোনেশিয়ার প্রধান দ্বীপ সুমাত্রা, বোর্নিও (কালিমানতান), জাভা, সুলাওসি, নিউগিনি (ইরিয়ান জায়া), বালি প্রভৃতি। আয়তনে ইন্দোনেশিয়ার বৃহত্তম দ্বীপ সুমাত্রা। জাভা ইন্দোনেশিয়া তথা পৃথিবীর সর্বাধিক জনবহুল দ্বীপ। ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তা জাভা দ্বীপে অবস্থিত।

রাজনৈতিক পরিক্রমা

১৯৪৯ সালে ইন্দোনেশিয়া নেদারল্যান্ডের কাছ থেকে স্বাধীনতা লাভ করে।

সুকর্ণ (মেয়াদ: ১৮ আগস্ট, ১৯৪৫- ১২ মার্চ, ১৯৬৭ খ্রি.) ছিলেন ইন্দোনেশিয়ার প্রথম রাষ্ট্রপতি এবং স্বাধীনতা সংগ্রামের সফল নেতৃত্বদানকারী নেতা। তিনি বাংকর্ন (Bung Karno) নামে ও পরিচিত ছিলেন।

জেনারেল সুহার্তো (মেয়াদ : ২৭ মার্চ, ১৯৬৮ - ২১ মে, ১৯৯৮ এবং ভারপ্রাপ্ত হিসেবে ১২ মার্চ, ১৯৬৭ - ২৭ মার্চ, ১৯৬৮ খ্রি.) ছিলেন ইন্দোনেশিয়ার দ্বিতীয় রাষ্ট্রপতি। তিনি টানা ৩২ বছর ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব পালন করেন।

মেঘবতী সুকর্ণপুত্রী (মেয়াদ: ২৩ জুলাই, ২০০১- ২০ অক্টোবর, ২০০৪ খ্রি.) ২০০১ সালে ইন্দোনেশিয়ার পঞ্চম রাষ্ট্রপতি নির্বাচিত হন। তিনি মুসলিম বিশ্বের প্রথম নির্বাচিত মহিলা রাষ্ট্রপ্রধান।

প্রশাসনিক কাঠামো

- আচেহ প্রদেশের রাজধানী বান্দা আচেহ।
- পাপুয়া (পূর্ব নাম - ইরিয়ান জায়া) ইন্দোনেশিয়ার একটি স্বাধীনতাকামী প্রদেশ।
- পশ্চিম তিমুর ইন্দোনেশিয়ার একটি প্রদেশ।

MCQ Solution

১. সুমাত্রা দ্বীপ কোন দেশের অংশ? [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI)-এর সহকারী পরিচালক : ১৭]
ক মালয়েশিয়া খ থাইল্যান্ড
গ ফিলিপাইন ঘ ইন্দোনেশিয়া **উত্তর: ঘ**

২. ইন্দোনেশিয়ার স্বাধীনতাকামী দ্বীপটির নাম কী? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৮-৯৯]
ক সুমাত্রা খ বোর্নিও গ পূর্ব তিমুর ঘ সারা ওয়াক **উত্তর: ক**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৩. **বালি দ্বীপ কোন দেশের অন্তর্ভুক্ত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৫-০৬]
ক ভারত খ ইন্দোনেশিয়া
গ মালয়েশিয়া ঘ অস্ট্রেলিয়া **উত্তর: খ**

৪. **স্বাধীনতার পূর্বে ইন্দোনেশিয়া কোন দেশের উপনিবেশ ছিল?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই- ইউনিট) : ১৩-১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০২-০৩]
ক ব্রিটেন খ পর্তুগাল
গ নেদারল্যান্ড ঘ ফ্রান্স **উত্তর: গ**

৫. **ইন্দোনেশিয়া ..... দেশের উপনিবেশ ছিল।** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]
ক নেদারল্যান্ডস খ নিউজিল্যান্ড
গ ব্রিটেন ঘ স্পেন **উত্তর: ক**

৬. **ইন্দোনেশিয়ার জেনারেল সুহার্তো কত বছর ক্ষমতায় ছিলেন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ৯৭-৯৮]
ক ২৪ খ ২৭
গ ৩০ ঘ ৩২ **উত্তর: ঘ**

৭. **প্রেসিডেন্ট সুকর্ন অন্য যে নামে পরিচিত ছিলেন-** [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার : ১৩]
ক মহাথির খ বাংকর্ন
গ সুহার্তো ঘ সাদ্দাম হোসেন **উত্তর: খ**

৮. **Who is/was the first female head of the state in the Muslim world?/ মুসলিম বিশ্বের প্রথম মহিলা রাষ্ট্রপ্রধান কে ছিলেন?** [Bangladesh Bank: Cash Officer : 11]
ⓐ Benazir Bhutto ⓑ Megawati Sukarnoputri
ⓒ Beatriz ⓓ Hina Robbani Khan
ⓔ Isabella **Ans.** b

৯. **মেঘবতী সুকর্ণপুত্রী কত সালে ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছিলেন?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার : ০৬]
ক ২০০০ খ ২০০১
গ ২০০২ ঘ ২০০৩ **উত্তর: খ**

১০. **আচেহ প্রদেশটি কোন দেশের অংশ?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ক মালয়েশিয়ার খ ইন্দোনেশিয়ার
গ থাইল্যান্ডের ঘ মিয়ানমারের **উত্তর: খ**

১১. **বান্দা আচেহ কোথায় অবস্থিত?** [মহা- হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর : ১৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ১১-১২]
ক মালয়েশিয়া খ ইন্দোনেশিয়া
গ ভিয়েতনাম ঘ থাইল্যান্ড **উত্তর: খ**


১২. **ইরিয়ানজায়া (Irian Jaya) প্রদেশ নিয়ে কোন দেশের কেন্দ্রীয় সরকারের সাথে বিরোধ চলছে?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ক ফিলিপাইন্স খ ফিজি
গ ইন্দোনেশিয়া ঘ কাম্পুচিয়া **উত্তর: গ**

১৩. **পশ্চিম পাপুয়া কোন দেশের প্রদেশ?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]
ক পাপুয়া নিউগিনি খ অস্ট্রেলিয়া
গ ইন্দোনেশিয়া ঘ মালয়েশিয়া **উত্তর: গ**

১৪. **পশ্চিম তিমুর এর বর্তমান মর্যাদা কি?** [২৬তম বিসিএস]
ক ইন্দোনেশিয়ার একটি অঙ্গ রাজ্য খ একটি স্বাধীন দেশ
গ অস্ট্রেলিয়ার একটি প্রদেশ ঘ কোনটি ঠিক নয় **উত্তর: ক**

পূর্ব তিমুর

রাজনৈতিক পরিক্রমা


জানানা গুসামাও

পূর্ব তিমুর পর্তুগিজ কলোনি ছিল। ১৯৭৫ সালে পূর্ব তিমুর স্বাধীনতা ঘোষণা করলে ইন্দোনেশিয়া দেশটি দখল করে নেয়। সেই থেকে দ্বীপটিকে চরম সহিংসতা ও উত্তেজনা বিরাজ করছিল। দেশটিতে ১৯৯৯ সালে জাতিসংঘের তত্ত্বাবধানে স্বাধীনতার প্রশ্নের গণভোট অনুষ্ঠিত হয়। গণভোটে জনগণ স্বাধীনতার পক্ষে রায় দেয়। ২০০১ সালে প্রথম সংসদীয় নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে স্বাধীনতাকামী দল ফ্রেটিলিন সংখ্যাগরিষ্ঠতা পায়। ২০০২ সালের ২০ মে পূর্ব তিমুর ইন্দোনেশিয়া হতে বিচ্ছিন্ন হয়ে একবিংশ শতাব্দীর প্রথম স্বাধীন দেশ হিসেবে আত্মপ্রকাশ করে। পূর্ব তিমুরের স্বাধীনতা সংগ্রামের নেতৃত্ব দেন জানানা গুসামাও।

MCQ Solution

১. **১৯৭৪ সালের আগে পূর্ব তিমুর কোন দেশের উপনিবেশ ছিল?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ - ইউনিট) : ০০-০১]
ক ব্রিটেন খ ফ্রান্স
গ স্পেন ঘ পর্তুগাল **উত্তর: ঘ**

২. **স্বাধীনতার পূর্বে পূর্ব তিমুর কোন দেশের অধীন ছিল?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০/ সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ক পর্তুগাল খ ইন্দোনেশিয়া
গ মালয়েশিয়া ঘ ফিলিপাইন **উত্তর: খ**

৩. **'*East Timor*' has separated from-** [Pubali Bank Ltd. Senior Officer : 10]
Or,
পূর্ব তিমুর কোন দেশ থেকে বিচ্ছিন্ন হয়ে স্বাধীনতা লাভ করে? [বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) : ১১]
ⓐ Indonesia ⓑ Australia
ⓒ China ⓓ Japan
ⓔ None of them **Ans.** a

৪. **Which was the first sovereign state of the twenty first century?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট : সেট-২) : ১৫-১৬]
ⓐ Yugoslavia ⓑ Belarus
ⓒ East Timor ⓓ Tibet **Ans.** c

৫. **পূর্ব তিমুর স্বাধীন হয় ২০০২ সনের কোন মাসে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে চীফ ইন্সট্রাক্টর : ০৩]
ক এপ্রিল খ মে
গ জুন ঘ জুলাই **উত্তর: খ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৬. পূর্ব তিমুরের স্বাধীনতা সংগ্রামের নেতার নাম- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৯-০০]
ক জানানা গুসামাও খ আনোয়ার ইব্রাহিম
গ আব্দুল ওয়াহিদ ঘ সিতিভেনী রাবুকা উত্তর: ক

৭. জানানা গুসামাও কোন দেশের রাষ্ট্রপতি ছিলেন? [পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ০৪]
ক ইন্দোনেশিয়া খ মালয়েশিয়া
গ ব্রুনাই ঘ পূর্ব তিমুর উত্তর: ঘ

৮. পূর্ব তিমুরের স্বাধীনতার জন্য লড়াইকারী দল - [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (গ্রেড-২) : ০৩]
ক তিমুর ফ্রিডম পার্টি খ ইস্ট তিমুর ফ্রিডম পার্টি
গ তিমুর ফ্রিডম অ্যালায়েন্স ঘ ফ্রেটিলিন উত্তর: ঘ

মালয়েশিয়া

রাজনৈতিক পরিক্রমা


মাহাথির মোহাম্মদ

১৯৫৭ সালে ব্রিটেনের নিকট হতে স্বাধীনতা লাভ করে। ডা. মাহাথির মোহাম্মদ মালয়েশিয়ার চতুর্থ প্রধানমন্ত্রী এবং আধুনিক মালয়েশিয়ার স্থপতি। তিনি দীর্ঘ ২২ বছর (১৯৮১ - ২০০৩ খ্রি.) মালয়েশিয়ার ক্ষমতায় অধিষ্ঠিত ছিলেন। তিনি ছিলেন এশিয়ার সবচেয়ে দীর্ঘ সময় ধরে গণতান্ত্রিকভাবে নির্বাচিত প্রধানমন্ত্রী। ২০০৩ সালের ৩০শে অক্টোবর তিনি স্বেচ্ছায় প্রধানমন্ত্রীর পদ ছেড়ে দেন। অবসর গ্রহণের দীর্ঘ পনের বছর পর ৯২ বছর বয়সে প্রধানমন্ত্রী নাজিব রাজাকের ব্যাপক দুর্নীতি সংশ্লিষ্টতার কারণে মাহাথির মোহাম্মদ আবারও আসেন রাজনীতিতে। ২০১৮ সালের ৯ মে অনুষ্ঠেয় সাধারণ নির্বাচনে জয়ের পরদিন ১০ মে মালয়েশিয়ার সপ্তম প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন তিনি।

MCQ Solution

১. মালয়েশিয়া কোন দেশের উপনিবেশ ছিল? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ও ড্রাফটসম্যান :১৮ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১২/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক ব্রিটেন খ পর্তুগাল
গ ফ্রান্স ঘ যুক্তরাষ্ট্র উত্তর: ক

২. ব্রিটেনের নিকট হতে মালয়েশিয়া কত সালে স্বাধীনতা লাভ করে? [উপজেলা ও থানা শিক্ষা অফিসার : ০৫]
ক ১৯৫০ সালে খ ১৯৫৭ সালে
গ ১৯৬০ সালে ঘ ১৯৬৩ সালে উত্তর: খ

৩. মাহাথির মোহাম্মদ কোন সনে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী হন? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী : ১৬]
ক ১৯৭৯ খ ১৯৮০
গ ১৯৮১ ঘ ১৯৮২ উত্তর: গ

৪. Mahathir Mohammad was the ..... Prime Minister of Malaysia./ মাহাথির মোহাম্মদ মালয়েশিয়ার ..... প্রধানমন্ত্রী ছিলেন। [Bangladesh Krishi Bank Officer : 11]
ⓐ 3rd ⓑ 5th
ⓒ 4th ⓓ 6th Ans. c

৫. মালয়েশিয়ার মাহাথির মোহাম্মদ ক্ষমতায় ছিলেন- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) :০৫-০৬]
ক ২২ বছর খ ২৫ বছর
গ ২০ বছর ঘ ১৫ বছর উত্তর: ক

সিঙ্গাপুর

রাজনৈতিক পরিক্রমা

১৯৬৩ সালের ৩১ আগস্ট সিঙ্গাপুর ব্রিটেনের নিকট হতে স্বাধীনতা লাভ করে। একই বছর ১৬ সেপ্টেম্বর মালয়েশিয়ার সাথে একীভূত হয়। কিন্তু ১৯৬৫ সালের ৯ আগস্ট সিঙ্গাপুর মালয়েশিয়া হতে পৃথক হয়ে সিঙ্গাপুর প্রজাতন্ত্র হিসেবে আত্মপ্রকাশ করে। সিঙ্গাপুরের প্রথম প্রধানমন্ত্রী ছিলেন লি কুয়ান ইউ। তাঁকে 'সিঙ্গাপুরের স্বাধীনতার জনক' বলা হয়। তিনি ১৯৬৫ সাল থেকে ১৯৯০ সাল পর্যন্ত দেশ পরিচালনা করেন। তাঁর নেতৃত্বে এক প্রজন্মের মধ্যে দেশটি তৃতীয় বিশ্বের দেশ থেকে প্রথম বিশ্বের দেশে পরিণত হয়। তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ "*From third world to first*"।

MCQ Solution

১. Singapore was the colony of - / সিঙ্গাপুর কোন দেশের উপনিবেশ ছিল? [RAKUB Senior Officer : 10]
ⓐ France ⓑ UK ⓒ USA
ⓓ Italy ⓔ Malaysia Ans. b

২. কবে মালয়েশিয়া যুক্তরাষ্ট্র গঠন হয়েছিল? [তথ্য মন্ত্রণালয়ের তথ্য অফিসার : ০৫]
ক ১৯৬১ সালে খ ১৯৬৩ সালে
গ ১৯৬৪ সালে ঘ ১৯৬৫ সালে উত্তর: খ

৩. কোন দেশ এ বছর (২০১৫ সালে) তার স্বাধীনতার ৫০ বছর পূর্তি উদযাপন করেছে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]
ক মালয়েশিয়া খ ইন্দোনেশিয়া
গ থাইল্যান্ড ঘ সিঙ্গাপুর উত্তর: ঘ

৪. আধুনিক সিঙ্গাপুরের জনক বলা হয় কাকে? [Islami Bank Ltd. Assistant Trainee Officer : 17]
ক লি কুয়ান ইউ খ ডেবিট বেন গুয়েরিন
গ ড. ড্যানিয়েল টিমস ঘ লি শিয়েন লুং উত্তর: ক

৫. Who wrote the autobiography '*From third world to first*'? [Shahjalal Islami Bank Ltd. MTO : 10 / BASIC Bank Asst. Officer: 09] *Or,*
'From Third World to First' - এই আত্মজীবনীমূলক গ্রন্থের রচয়িতা -[ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪ / গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ) : ০৩]
ⓐ Indira Gandhi ⓑ Lee kuan U
ⓒ Mahathir Muhammed ⓓ Aung Saan Suchi Ans. b

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

ভিয়েতনাম

রাজনৈতিক পরিক্রমা

উনিশ শতকের শেষ দিকে ফ্রান্স ভিয়েতনাম আক্রমণ করে। ফরাসিরা ভিয়েতনামকে কম্বোডিয়া ও লাওসের সাথে সংযুক্ত করে ইন্দোচীন ইউনিয়ন বা ফরাসি ইন্দোচীন গঠন করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের (১৯৩৯ -১৯৪৫ খ্রি.) পর ভিয়েতনামে উপনিবেশ বিরোধীরা সাম্যবাদী দলের নেতৃত্বে ফরাসি শাসনের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। ১৯৪৬ থেকে ১৯৫৪ সাল পর্যন্ত ভিয়েতনামিরা প্রথম ইন্দোচীন যুদ্ধে লড়াই করে ফ্রান্সের ঔপনিবেশিক শাসন থেকে মুক্তি লাভ করে। ভিয়েতনামের স্বাধীনতা সংগ্রামের পুরোধা ছিলেন হো চি মিন (আঙ্কেল হো নামেও পরিচিত)। তিনি ছিলেন একজন কমিউনিস্ট বিপ্লবী নেতা। যুদ্ধ শেষে (১৯৫৪ সালে) ভিয়েতনামকে জেনেভা চুক্তির মাধ্যমে ১৭° অক্ষরেখা বরাবর অস্থায়ীভাবে উত্তর এবং দক্ষিণ এই দুই অংশে বিভক্ত হয়। ভিয়েতনামের সাম্যবাদীরা যারা ফ্রান্সের বিরোধিতা করেছিল, তারা উত্তর ভিয়েতনামের নিয়ন্ত্রণ পায়। অন্যদিকে দক্ষিণ ভিয়েতনামে সাম্যবাদ বিরোধীরা শাসন শুরু করে। উত্তর ভিয়েতনামের সাম্যবাদীরা একটি একত্রিত সাম্যবাদী ভিয়েতনাম গঠন করতে চাচ্ছিল। মার্কিন নীতি নির্ধারকরা বিশ্বাস করতেন যে, যদি সমগ্র ভিয়েতনাম সাম্যবাদী শাসনের অধীনে চলে আসে, তবে 'ডমিনো তত্ত্ব' অনুসারে দক্ষিণ-পূর্ব এশিয়ার সর্বত্র সাম্যবাদ ছড়িয়ে পড়বে। ফলে মার্কিন যুক্তরাষ্ট্র ভিয়েতনামের ঘটনাবলির সাথে জড়িয়ে পড়ার সিদ্ধান্ত নেয়। তারা দক্ষিণ ভিয়েতনামে সাম্যবাদ বিরোধী সরকার প্রতিষ্ঠায় সহায়তা করে। শুরু হয় দ্বিতীয় ইন্দোচীন যুদ্ধ (১৯৫৫ -১৯৭৫ খ্রি.)। এটি ভিয়েতনাম যুদ্ধ নামেও পরিচিত। ১৯৭৬ সালের ২ জুলাই আনুষ্ঠানিকভাবে দুই ভিয়েতনাম একত্রিত করে একটি সাম্যবাদী রাষ্ট্র প্রতিষ্ঠা করা হয়, রাজধানী হয় হ্যানয়। বিলুপ্ত দক্ষিণ ভিয়েতনামের রাজধানী সাইগনের নাম পাল্টে 'হো চি মিন' রাখা হয়।



হো চি মিন

MCQ Solution

১. **ইন্দোচীনের অন্তর্ভুক্ত নয় কোন দেশটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সিলেট বিভাগ) : ০৭]
ক লাওস খ কম্বোডিয়া
গ ভিয়েতনাম ঘ জাপান
উত্তর: ঘ

২. **হো চি মিন কে ছিলেন?** [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক, : ০৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০০-০১]
ক ভিয়েতনাম কমিউনিস্ট পার্টি নেতা
খ সংযুক্ত ভিয়েতনামের প্রথম প্রেসিডেন্ট
গ উত্তর কোরিয়ার প্রেসিডেন্ট ঘ আগের কোনোটিই নয়
উত্তর: ক

৩. **হো চি মিন নামটি যে দেশের স্বাধীনতা সংগ্রামের সাথে জড়িত?** [তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে সহকারী প্রোগ্রামার : ১৭/ বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫/ সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ১০]
ক কিউবা খ চীন
গ ভিয়েতনাম ঘ দক্ষিণ কোরিয়া
উত্তর: গ

৪. **'ডমিনো' তত্ত্বটি কোন অঞ্চলের জন্য প্রযোজ্য ছিল?** [৩৫তম বিসিএস]
ক নিকট প্রাচ্য খ পূর্ব আফ্রিকা
গ দক্ষিণ-পূর্ব এশিয়া ঘ পূর্ব ইউরোপ
উত্তর: গ

৫. **Duration of Vietnam War is form -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট - সেট ৫) : ১৫-১৬]
ⓐ 1955 to 1973 ⓑ 1956 to 1967
ⓒ 1966 to 1977 ⓓ 1987 to 1989
Ans. a

৬. **উত্তর ও দক্ষিণ ভিয়েতনাম কত সালে একত্রিত হয়?** [সমাজসেবা অফিসার : ০৬/ উপজেলা ও থানা শিক্ষা অফিসার : ০৫]
ক ১৯৭৩ সালে খ ১৯৭৪ সালে
গ ১৯৭৫ সালে ঘ ১৯৭৬ সালে
উত্তর: ঘ

৭. **আমেরিকার কোন প্রেসিডেন্টের সময় ভিয়েতনাম যুদ্ধ সমাপ্ত হয়?** [রাবি (সামাজিক বিজ্ঞান অনুষদ) : ১১-১২]
ক লিন্ডন বি জনসন খ রিচার্ড নিক্সন
গ জিমি কার্টার ঘ জন এফ কেনেডি
উত্তর: খ

কম্বোডিয়া

রাজনৈতিক পরিক্রমা

কম্বোডিয়া ১৯৫৩ সালে ফ্রান্সের নিকট হতে স্বাধীনতা লাভ করে। প্রাচীনকাল থেকেই কম্বোডিয়াতে রাজতন্ত্র বিদ্যমান ছিল। ১৯৭০ সালে অভ্যুত্থানের মাধ্যমে তৎকালীন প্রধানমন্ত্রী জেনারেল লন নল রাজতন্ত্র বিলোপ করে প্রজাতন্ত্র প্রতিষ্ঠা করেন। ১৯৭৫ সালে খমের রুজ নামের একটি সাম্যবাদী সরকার ক্ষমতা লাভ করে। তারা দেশটি 'গণতন্ত্রী কাম্পুচিয়া' নাম দেয়। খেমারুজদের নেতা ছিলেন পলপট এবং খিউ সাম্পান। খমের রুজের নিপীড়ন এবং চরম সমাজতান্ত্রিক সংস্কার কম্বোডিয়ার সমাজ ও অর্থনীতিতে ধস নামায়। ১৯৭৯ সালে খমের রুজ সরকারের পতন হয় এবং অপেক্ষাকৃত একটি সহিষ্ণু সমাজতান্ত্রিক সরকার ক্ষমতা গ্রহণ করে। ১৯৮৯ সালে দেশটি সমাজতন্ত্র ত্যাগ করে এবং ১৯৯৩ সালে নতুন সংবিধান পাস করে রাজতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করে।

MCQ Solution

১. **কম্বোডিয়ায় রাজতন্ত্র বিলোপ করেন কে?** [জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৬]
ক প্রিন্স নরোদম সিহানুক খ হেং সামরিন
গ পল পট ঘ লন নল
উত্তর: ঘ

২. **'Khmer Rouge' কী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১০-১১]
ক উপজাতি খ ভাষা
গ দেশ ঘ গেরিলা সংগঠন
ঙ. ছায়াছবি
উত্তর: ঘ

৩. **Pol pot was the leader of -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ⓐ Cambodia ⓑ Vietnam
ⓒ Laos ⓓ Thailand
Ans. a

৪. **কম্পুচিয়ার খেমাররুজ নেতা পলপটের ঘনিষ্ঠ সহযোগী ছিলেন -** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ৯৭-৯৮]
ক নগুয়েন থিউ খ হোচামিল
গ খিউ সাম্পান ঘ অং সান সুচি
উত্তর: গ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৫. **'Democracy Square' is located in-/'গণতন্ত্র চত্বর' কোথায় অবস্থিত?** [Karmasangsthan Bank Senior Officer : 13/ Southeast Bank Ltd. Officer : 11]

ⓐ Phnom Penh ⓑ Islamabad
ⓒ Dhaka ⓓ New Delhi
ⓔ Tokyo

Ans. a

ব্যাখ্যা: কম্বোডিয়ার রাজধানী নমপেনে Democracy Square বা 'গণতন্ত্র চত্বর' অবস্থিত। বর্তমানে এটি Freedom Park হিসাবে পরিচিতি পেয়েছে।

থাইল্যান্ড

রাজনৈতিক পরিক্রমা

১৭৮২ খ্রিষ্টাব্দ থেকে চক্রী রাজবংশ দেশটি শাসন করছে। ১৭৮২ সাল থেকে ১৯৩২ সাল পর্যন্ত দেশটিতে নিরঙ্কুশ রাজতন্ত্র প্রতিষ্ঠিত ছিল। ১৯৩২ সালে বিদ্রোহীরা একটি অভ্যুত্থান ঘটায় এবং দেশে শাসনতান্ত্রিক রাজতন্ত্র প্রতিষ্ঠা করে। তখন থেকে আজ পর্যন্ত থাইল্যান্ড বহু সামরিক ও বেসামরিক সরকারের অধীনে শাসিত হয়েছে। রাজা ভূমিবল অতুল্যতেজ (রাজত্বকাল : ১৯৪৬ - ২০১৬ খ্রি.) থাইল্যান্ডের ইতিহাসের সবচেয়ে দীর্ঘস্থায়ী রাজা ছিলেন।

থাইল্যান্ড শব্দের অর্থ 'মুক্তভূমি'। থাইল্যান্ড একমাত্র দক্ষিণ-পূর্ব এশীয় রাষ্ট্র যা যুদ্ধকালীন সময় ব্যতীত কখনও কোনো ইউরোপীয় বা বিদেশী শক্তির নিয়ন্ত্রণে ছিল না।

MCQ Solution

১. **Which country is currently ruled by the Chakri dynasty that has been in power since 1782?** [Pubali Bank Ltd. Junior Officer (Cash) : 13]

Or,

১৭৮২ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত কোন দেশে 'চক্রী' বংশ শাসন করছে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট): ১২-১৩]

ⓐ Thailand ⓑ Nepal
ⓒ Bhutan ⓓ Laos
ⓔ None of these

Ans. a

২. **লাল শার্ট ও হলুদ শার্ট সমর্থকরা আন্দোলন করেছে যে দেশে-** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ- ইউনিট) : ১৩-১৪/ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল) : ১১-১২]

ⓚ থাইল্যান্ডে ⓚ মায়ানমারে
ⓖ লাটভিয়ায় ⓖ ভিয়েতনামে **উত্তর:** ক

৩. **রাজা ভূমিবল কত দিন থাইলান্ডের সিংহাসনে ছিলেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - জোড়) : ১৬-১৭]

ⓚ ৫ বছর ⓚ ২০ বছর
ⓖ ৭০ বছর ⓖ ৫০ বছর **উত্তর:** গ

৪. **'থাইল্যান্ড' শব্দের অর্থ কি?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিকেল অফিসার : ০৩]

ⓚ উচ্চভূমি ⓚ নিম্নভূমি
ⓖ যুক্তভূমি ⓖ মুক্তভূমি **উত্তর:** ঘ

৫. **কোন দেশটি অতীতে কখনও অন্য কোন দেশের উপনিবেশে পরিণত হয়নি?** [২০তম বিসিএস/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৭-১৮/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বিটা) : ১৪]

ⓚ থাইল্যান্ড ⓚ মায়ানমার
ⓖ ইন্দোনেশিয়া ⓖ মালয়েশিয়া **উত্তর:** ক

৬. **The only country in South East Asia that was never colonized by a European power is- / দক্ষিণ পূর্ব এশিয়ার কোন দেশ কখনই ইউরোপীয় ঔপনিবেশিক শক্তির অধীনে ছিল না?** [Bangladesh Bank Assistant Director : 14]

ⓐ Thailand ⓑ Nepal
ⓒ Myanmar ⓓ Bhutan **Ans:** a

মিয়ানমার

রাজনৈতিক পরিক্রমা



অং সান সু চি

মিয়ানমার ১৯৪৮ সালে ব্রিটেনের নিকট হতে স্বাধীনতা লাভ করে। ১৯৬২ সালে মিয়ানমারে সামরিক শাসন চালু হয়। দীর্ঘ প্রতীক্ষার পর ৮ নভেম্বর ২০১৫ সালে মিয়ানমারে অনুষ্ঠিত জাতীয় নির্বাচনে গণতন্ত্রপন্থী নেত্রী অং সান সু চির রাজনৈতিক দল 'ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি' (NLD) পার্লামেন্টের মোট আসনের ৮৬ শতাংশে জয়লাভ করে। ২০১৬ সালের ১ ফেব্রুয়ারি নতুন পার্লামেন্টের প্রথম অধিবেশনে যোগদানের মধ্য দিয়ে সুচির NLD মিয়ানমারের ক্ষমতাসীন দল হিসেবে আত্মপ্রকাশ করে। অং সান সু চি ১৯৯১ সালে শান্তিতে নোবেল পুরস্কার এবং ২০০৮ সালে যুক্তরাষ্ট্রের 'কংগ্রেসনাল গোল্ড মেডেল' লাভ করেন।

MCQ Solution

১. **মিয়ানমার কত সালে ব্রিটিশ শাসন হতে স্বাধীনতা লাভ করে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ই ইউনিট - সেট ১) : ১৭-১৮]

ⓚ ১৯৪২ ⓚ ১৯৩৫
ⓖ ১৯৪৮ ⓖ ১৯৪৭ **উত্তর:** গ

২. **অং সান সু চি কোন দেশের নেত্রী?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ১৪-১৫]

ⓚ চীন ⓚ ভিয়েতনাম
ⓖ জাপান ⓖ মিয়ানমার **উত্তর:** ঘ

৩. **ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি কোন দেশের রাজনৈতিক দল?** [৩৯তম বিসিএস (বিশেষ)]

ⓚ মিয়ানমার ⓚ ভারত
ⓖ থাইল্যান্ড ⓖ মালয়েশিয়া **উত্তর:** ক

৪. **মায়ানমারে গৃহবন্দী অবস্থা থেকে অং সান সুচি কবে মুক্ত হন?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]

ⓚ ডিসেম্বর ২০১১ ⓚ এপ্রিল ২০১২
ⓖ নভেম্বর ২০১১ ⓖ নভেম্বর ২০০৯ **উত্তর:**

ব্যাখ্যা: সঠিক উত্তর ১৩ নভেম্বর ২০১০।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

৫. মিয়ানমারের গণতন্ত্রী নেত্রী অং সান সুচি কত সালে নোবেল শান্তি পুরস্কার পেয়েছিলেন? [তথ্য মন্ত্রণালয়ের তথ্য অফিসার : ০৫]
ক ১৯৮৯ সালে খ ১৯৯০ সালে
গ ১৯৯১ সালে ঘ ১৯৯২ সালে উত্তর: গ

৬. অং সান সুচিকে যে সালে কংগ্রেসনাল গোল্ড মেডেল দেয়া হয়- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]
ক ২০০৭ খ ২০০৮ গ ২০০৯ ঘ ২০১২ উত্তর: খ

৭. অং সান সুচিকে নিয়ে নির্মিত চলচ্চিত্রের নাম - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১১-১২]
ক Thinking Easily খ The Iron Lady
গ Kobra ঘ The Lady উত্তর: ঘ

৮. মিয়ানমারের গণতন্ত্রপন্থী নেত্রী অং সান সু চি এর জীবনী নির্ভর চলচ্চিত্র 'দ্য লেডি' এর পরিচালক কে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১-১২]
ক ফ্রেডারিকো ফেলিনি খ দীপা মেহতা
গ ইয়ান ফ্লেমিং ঘ লাক বেসন উত্তর: ঘ

৯. মায়ানমারের সামরিক জান্তা কী নামে পরিচিত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০১-০২]
ক স্টেট ল এন্ড অর্ডার রেস্টরেশন কাউন্সিল খ স্টেট পিস এন্ড ডেভেলপমেন্ট কাউন্সিল
গ স্টেট মিলিটারি কাউন্সিল ঘ স্টেট মাইনরিটি এনাইহিলেশন কাউন্সিল উত্তর: খ

১০. স্বাধীনতার জন্য কারেন বিদ্রোহীরা যুদ্ধরত- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৯-০০]
ক মায়ানমারে খ লাওসে
গ কম্পুচিয়ায় ঘ নিকারাগুয়ায় উত্তর: ক

১১. কুখ্যাত 'ইনসেন' কারাগার কোথায়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - সেট এ) : ১৪-১৫]
ক ইরাক খ বাগদাদ
গ আফগানিস্তান ঘ মায়ানমার উত্তর: ঘ

ভারত (India)

রাজনৈতিক পরিক্রমা

১৯৪৭ সালের ১৫ আগস্ট ভারত ব্রিটিশদের নিকট হতে স্বাধীনতা লাভ করে। তাই এই দিনটিকে 'ভারতের স্বাধীনতা দিবস' বলা হয়। ১৯৪৯ সালের ২৬ নভেম্বর গণপরিষদে ভারতের সংবিধান গৃহীত হয় এবং ১৯৫০ সালের ২৬ জানুয়ারি এই সংবিধান কার্যকরের মধ্য দিয়ে ভারত প্রজাতন্ত্রে পরিণত হয়। ভারতীয়রা প্রতিবছর ২৬ জানুয়ারি তারিখটি 'প্রজাতন্ত্র দিবস' হিসেবে উদযাপন করে।

রাষ্ট্রপতি

রাজেন্দ্র প্রাসাদ (মেয়াদ : ১৯৫০ - ১৯৬২ খ্রি.) স্বাধীন ভারতবর্ষের প্রথম রাষ্ট্রপতি, জাতীয় কংগ্রেস নেতা ও একজন আইনজীবী।



এ পি জে আব্দুল কালাম (মেয়াদ : ২০০২ - ২০০৭ খ্রি.) ছিলেন ভারতীয় প্রজাতন্ত্রের একাদশ রাষ্ট্রপতি। কালাম তাঁর কর্মজীবন শুরু করেছিলেন একজন বিজ্ঞানী হিসেবে। পরে তিনি ঘটনাচক্রে রাজনীতিবিদে পরিণত হন। ভারতের ব্যালাস্টিক ক্ষেপণাস্ত্র ও মহাকাশযানবাহী রকেট প্রযুক্তি কালাম তাঁর অবদানের জন্য তাঁকে 'ভারতের ক্ষেপণাস্ত্র মানব' (Missile Man of India) বলা হয়। প্রতিরক্ষা প্রযুক্তির উন্নয়ন ও বিজ্ঞান গবেষণার আধুনিকায়নে অনবদ্য অবদানের জন্য ১৯৯৭ সালে তিনি ভারতের সর্বোচ্চ বেসামরিক সম্মান 'ভারতরত্ন' খেতাব পেয়েছিলেন। তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ 'Wings of Fire'।

প্রতিভা পাতিল (মেয়াদ : ২০০৭ - ১২ খ্রি.) ভারতের প্রথম নির্বাচিত মহিলা রাষ্ট্রপতি। তিনি স্বাধীনতার পর ভারতীয় প্রজাতন্ত্রের দ্বাদশ রাষ্ট্রপতি নির্বাচিত হন।

প্রণব মুখোপাধ্যায় (মেয়াদ : ২০১২ - ১৭ খ্রি.) ভারতের ত্রয়োদশ রাষ্ট্রপতি ছিলেন। তিনি ভারতের একমাত্র বাঙালি রাষ্ট্রপতি।

প্রধানমন্ত্রী


পণ্ডিত জওহরলাল নেহেরু (মেয়াদ : ১৯৪৭ - ১৯৬৪ খ্রি.) ছিলেন ভারতীয় জাতীয় কংগ্রেসের রাজনীতিবিদ, ভারতীয় স্বাধীনতা আন্দোলনের অন্যতম প্রধান নেতা এবং স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী। দূরদৃষ্টিসম্পন্ন পণ্ডিত নেহেরু বিশ্বাস করতেন, "দেশ ভাল হয় যদি দেশের বিশ্ববিদ্যালয়গুলো ভাল হয়"। লেখক হিসেবেও নেহেরু ছিলেন বিশিষ্ট। ইংরেজিতে লেখা তাঁর তিনটি বিখ্যাত বই An Autobiography, Glimpses of World History, The Discovery of India চিরায়ত সাহিত্যের মর্যাদা লাভ করেছে। তাঁর মেয়ে ইন্দিরা গান্ধী ও দৌহিত্র রাজীব গান্ধী ভারতের প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেন।



লাল বাহাদুর শাস্ত্রী (মেয়াদ : ১৯৬৪ - ১৯৬৬ খ্রি.) ছিলেন ভারতের দ্বিতীয় প্রধানমন্ত্রী এবং ভারতীয় জাতীয় কংগ্রেসের একজন অন্যতম নেতা। তাঁকে 'শান্তির মানুষ' বলা হয়।

ইন্দিরা গান্ধী (মেয়াদ : ১৯৬৬ - ১৯৭৭ খ্রি. এবং ১৯৮০ - ১৯৮৪) ছিলেন ভারতের প্রথম মহিলা প্রধানমন্ত্রী। তিনি ভারতীয় প্রজাতন্ত্রের তৃতীয় এবং ষষ্ঠ প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৮৪ সালের ৩১ অক্টোবর তিনি দেহরক্ষী সাতওয়ান্ত সিং এবং বিআন্ট সিং এর গুলিতে নিহত হন। হত্যাকাণ্ডের পরেই অভ্যন্তরীণ সুরক্ষা ও সন্ত্রাসের বিরুদ্ধে লড়াই করতে বিশেষ কমান্ডো বাহিনী National Security Guard ('ব্ল্যাক ক্যাট' নামেও পরিচিত) গঠন করা হয়।





রাজিব গান্ধী (মেয়াদ : ১৯৮৪ - ১৯৮৯ খ্রি.) ছিলেন ভারতের সপ্তম প্রধানমন্ত্রী। ভারতের জন্য অস্ত্র ক্রয়ে সুইডেনের অস্ত্র নির্মাতা প্রতিষ্ঠান বোফর্স হতে ঘুষ নিয়েছিলেন বলে তার বিরুদ্ধে অভিযোগ রয়েছে - যা Bofors Scandal (বোফর্স কেলেঙ্কারী) নামে পরিচিত। তিনি শ্রীলঙ্কায় শান্তি প্রতিষ্ঠার জন্য ভারতীয় সৈন্য প্রেরণ করেন। ১৯৯১ সালের ২১ মে এল.টি.টি.আই এর আত্মঘাতী বোমা হামলায় নিহত হন। রাজীব গান্ধীকে হত্যার জন্য বোমা বহনকারী আত্মঘাতী মহিলার নাম থানু বা গায়েত্রী। রাজীবগান্ধীকে হত্যার দায়ে অভিযুক্ত যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত আসামীর নাম নলিনী। রাজীব গান্ধীর মৃত্যুর পর কংগ্রেস সভাপতি নিযুক্ত হন নরসীমা রাও।


www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

ড. মনমোহন সিং (মেয়াদ : ২০০৪ - ২০১৪ খ্রি.) ছিলেন ভারতের পঞ্চদশ প্রধানমন্ত্রী। তিনি ভারতের প্রথম শিখ প্রধানমন্ত্রী। তিনি পেশায় একজন অর্থনীতিবিদ। তাঁর বিখ্যাত গ্রন্থ 'India's Export Trends and the Prospects for Self-Sustained Growth'। তাঁকে 'Economic Reforms in India' এর স্থপতি বলা হয়।

প্রশাসনিক ভাগ

রাজ্য ২৯টি। যথা- মহারাষ্ট্র, জম্মু ও কাশ্মীর, পশ্চিমবঙ্গ, সিকিম, ..., ছত্তীসগড় (২৬তম), উত্তরাখণ্ড (২৭তম), ঝাড়খণ্ড (২৮তম) এবং তেলাঙ্গনা (২৯তম)। ২০১৪ সালের ২ জুন অন্ধ্রপ্রদেশ রাজ্য ভেঙ্গে নবীনতম রাজ্য 'তেলাঙ্গনা' আত্মপ্রকাশ করে।

কেন্দ্রশাসিত অঞ্চল ৭টি। যথা- আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, চন্ডীগড়, দাদরা ও নাগার হাভেলি, লাক্ষাদ্বীপ, দামান ও দিউ, রাজধানী নয়াদিল্লী এবং পন্ডিচেরী।



চিত্র : ভারতের রাজ্যসমূহ

মহারাষ্ট্র : মহারাষ্ট্রের রাজধানী মুম্বাই (গ্রীষ্মকালীন), নাগপুর (শীতকালীন)। ২০০৮ সালের ২৬-২৯ নভেম্বর পাকিস্তানভিত্তিক জঙ্গি সংগঠন লস্কর-ই-তৈয়বা মুম্বাইয়ে ভয়াবহ সন্ত্রাসী হামলা চালায়।

সিকিম : ১৯৭৫ সালে সিকিম ভারতের অঙ্গীভূত হয়।

পশ্চিমবঙ্গ (West Bengal) : পশ্চিমবঙ্গের রাজধানী কলকাতা। জ্যোতি বসু পশ্চিম বঙ্গের সাবেক মুখ্যমন্ত্রী ছিলেন।

সেভেন সিস্টারস (7 Sisters) : ভারতের উত্তর-পূর্ব অঞ্চলের ৭ টি রাজ্যকে সেভেন সিস্টারর্স বলা হয়। চিকেন নেক (ইংরেজিতে - Chicken's neck; অন্য নাম সিলিগুড়ি করিডোর) এর মাধ্যমে সেভেন সিস্টারর্স ভারতের মূল ভূখণ্ডের সাথে যুক্ত। করিডোরের দৈর্ঘ্য ২১-৪০ কিমি এর মধ্যে। বাংলাদেশ ও নেপালকে পৃথককারী করিডোরটি পশ্চিমবঙ্গে অবস্থিত।



চিত্র: সেভেন সিস্টার্স

7 Sisters	রাজধানী	
অরুণাচল	ইটানগর	
মিজোরাম	আইজল	
ত্রিপুরা	আগরতলা	ত্রিপুরার গেরিলা সংগঠন NLFT (National Liberation Front of Tripura)
নাগাল্যান্ড	কোহিমা	

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

7 Sisters	রাজধানী	
মেঘালয়	শিলং	
আসাম	দিসপুর	আসামের গেরিলা সংগঠন উলফা (ULFA - United Liberation Front of Assam)। উলফার প্রধান পরেশ বড়ুয়া।
মনিপুর	ইম্ফল	

মনে রাখার কৌশল : অমিত্রি নামে আম।

আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ : ১৯৫৬ সালে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ভারতের অন্তর্ভুক্ত হয়। এই অঞ্চলের পূর্বে আন্দামান সাগর ও পশ্চিমে বঙ্গোপসাগর অবস্থিত। পোর্ট ব্লেয়ার এ অঞ্চলের রাজধানী।

MCQ Solution

১. **ভারতের স্বাধীনতা দিবস-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ) : ০৯-১০]
ক ১৯৪৭ সালের ১৫ আগস্ট খ ১৯৪৭ সালের ১৪ আগস্ট
গ ১৯৪৮ সালের ১৫ আগস্ট ঘ ১৯৪৮ সালের ১৪ আগস্ট **উত্তর: ক**

২. **ভারত কত সালে প্রজাতন্ত্র ঘোষিত হয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০০-০১]
ক ১৯৪৭ খ ১৯৫০
গ ১৯৫১ ঘ ১৯৫২ **উত্তর: খ**

৩. **ভারতের প্রজাতান্ত্রিক দিবস কোনটি?** [ত্রয়োদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা স্কুল পর্যায় -২ : ১৬]
ক ২৬ জানুয়ারি খ ১৫ আগস্ট
গ ১৪ আগস্ট ঘ ১৬ ডিসেম্বর **উত্তর: ক**

৪. **ভারতের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন?** [নির্বাচন কমিশন সচিবালয়ে উপজেলা/ থানা নির্বাচন অফিসার : ০৮/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]
ক রাজেন্দ্র প্রাসাদ খ এস রাধাকৃষ্ণান
গ সি রাজা গোপালচারিয়া ঘ ভিভিগিরি **উত্তর: ক**

৫. **নিচের কোন বিজ্ঞানী পরবর্তীতে ভারতের রাষ্ট্রপতি হন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৭-১৮]
ক এ পি জে আবদুল কালাম খ হোমী ভাবা
গ সত্যেন্দ্র নাথ বোস ঘ সি ভি রমন **উত্তর: ক**

৬. **এ পি জে আবুল কালাম কোন সালে ভারতের রাষ্ট্রপতি নির্বাচিত হন?** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার : ১৭]
ⓐ ১৯৯৯ ⓑ ২০০০
ⓒ ২০০১ ⓓ ২০০২ **উত্তর: ঘ**

৭. **এপিজে আবদুল কালাম ভারতের কততম রাষ্ট্রপতি ছিলেন?** [বন অধিদপ্তরের বন প্রহরী : ১৫]
ক ১০তম খ ১১তম
গ ১২তম **উত্তর: খ**

৮. **ভারতের প্রেসিডেন্ট আবুল পাকির জয়নুল আবেদীন আবদুল কালাম কি নামে বহুল পরিচিত?** [সহকারী শ্রম অফিসার : ০৩]
ক গোল্ডেন ম্যান খ মিসাইল ম্যান
গ হিরু অফ ইন্ডিয়া ঘ ভারতরত্ন **উত্তর: খ**

৯. **ভারতের কোন রাষ্ট্রপতি ভারতরত্ন সম্মানে ভূষিত হন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫]
ক ড. রাজেন্দ্রপ্রসাদ খ ড. রাধাকৃষ্ণণ
গ ড. জাকির হোসেন ঘ ড. আব্দুল কালাম **উত্তর: ঘ**

১০. **'Wings of Fire' গ্রন্থের রচয়িতা কে?** [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
Or,
Who wrote the book titled 'Wings of Fire'? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট - সেট ৫) : ১৫-১৬]
ক নেলসন ম্যান্ডেলা খ মাদার তেরেসা
গ অ্যালফ্রেড মার্শাল ঘ এপিজে আবদুল কালাম **উত্তর: ঘ**

১১. **ভারতের প্রথম নারী রাষ্ট্রপতির নাম কি?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ক ইন্দিরা গান্ধী খ মমতা বন্দ্যোপাধ্যায়
গ সোনিয়া গান্ধী ঘ প্রতিভা পাতিল **উত্তর: ঘ**

১২. **"দেশ ভাল হয় যদি দেশের বিশ্ববিদ্যালয়গুলো ভাল হয়-" বলেছিলেন** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০-১১]
Or,
'The country is good if its universities are good' was stated by - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট - সেট ১) : ১৫-১৬/ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ০০]
ক আব্রহাম লিংকন খ আইজাক নিউটন
গ বার্ট্রান্ড রাসেল ঘ পণ্ডিত নেহেরু **উত্তর: ঘ**

১৩. **The book '*Glimpses of World History*' was written by-** [BangladeshBank Officer : 15/ Midland Bank Ltd. Management Trainee Officer : 15]
ⓐ Rabindranath Tagore ⓑ Carlyle
ⓒ Jawaharlal Nehru ⓓ Karl Marx **Ans.** c

১৪. **'Discovery of India' গ্রন্থের লেখক কে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি-১ ও ডি-২ ইউনিট) : ১৬-১৭]
ক মহাত্মা গান্ধী খ মাওলানা আবুল কালাম আজাদ
গ ইন্দিরা গান্ধী ঘ জওহরলাল নেহেরু **উত্তর: ঘ**

১৫. **Who is the author of the book A Bunch of Old Letters?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট : সেট-১) : ১৫-১৬]
ⓐ Jawarhar Lal Nehru ⓑ Mahatma Gandhi
ⓒ Smt.Indira Nehru Gandhi ⓓ Shri K.C. Pant **Ans.** a

১৬. **লালবাহাদুর শাস্ত্রী ভারতের কততম প্রধানমন্ত্রী ছিলেন?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ১৫]
ক ৩য় খ ৪র্থ
গ ৫ম ঘ ৬ষ্ঠ **উত্তর:**

১৭. **ভারতের প্রথম নারী প্রধানমন্ত্রী কে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি-৭ ইউনিট) : ১৫-১৬]
ক ইন্দিরা গান্ধী খ সোনিয়া গান্ধী
গ জয়ললিতা ঘ মমতা ব্যানার্জী **উত্তর: ক**

১৮. **ভারতের সাবেক প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী কবে প্রথম প্রধানমন্ত্রীত্ব লাভ করেন?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন অ্যাডমিনিস্ট্রেশন অফিসার : ০৬]
ক ১৯৬৪ খ ১৯৬৫
গ ১৯৬৬ ঘ ১৯৬৭ **উত্তর: গ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

১৯. Two persons hanged for killing of the Indian prime minister Mrs. Indira Gandhi are- [IFIC Bank Probationary Officer : 92]

ⓐ Beant Singh & Satwant Singh
ⓑ Balbir Singh & Kehar Singh
ⓒ Kehar Singh & Satwant Singh
ⓓ Satwant Singh & Balbir Singh

Ans. a

২০. 'ব্ল্যাক ক্যাট' কোন দেশের কমান্ডো বাহিনী? [বাতিল কৃত ২৪ তম বিসিএস/ মহা- হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর : ১৫/ জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর/ গোয়েন্দা কর্মকর্তা : ১০/ সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]

ক নেপাল খ ভারত
গ মিয়ানমার ঘ ইরান **উত্তর: খ**

২১. 'বোফর্স কেলেঙ্কারি' কোন দেশের সাথে জড়িত? [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২-১৩]

ক যুক্তরাষ্ট্র খ সুইডেন
গ জাপান ঘ ভারত **উত্তর: ঘ**

২২. ভারতের কোন প্রধানমন্ত্রী বোফর্স অস্ত্র কেলেঙ্কারির সাথে জড়িত ছিলেন? [কারা তত্ত্বাবধায়ক : ০৫]

ক রাজিব গান্ধী খ ইন্দিরা গান্ধী
গ নরসীমা রাও ঘ বাজপেয়ী **উত্তর: ক**

২৩. রাজীব গান্ধীকে হত্যার জন্য বোমা বহনকারী আত্মঘাতী মহিলার নাম কি? [১৪তম বিসিএস]

ক নলিনী খ নাথু
গ থানু ঘ আনু **উত্তর: গ**

২৪. রাজীব গান্ধীর মৃত্যুর পর কে কংগ্রেস সভাপতি নিযুক্ত হন? [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ০৭]

ক সোনিয়া গান্ধী খ প্রিয়াংকা গান্ধী
গ মনমোহন সিংহ ঘ নরসীমা রাও **উত্তর: ঘ**

২৫. এদের মধ্যে কোন রক্তের সম্পর্ক নেই? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৮-৯৯]

ক নুসরাত ভুট্টো ও বেনজির ভুট্টো খ ইন্দিরা গান্ধী ও সোনিয়া গান্ধী
গ শ্রীমাভো বন্দরনায়েক ও চন্দ্রিকা কুমারাতুঙ্গা
ঘ সুকর্ণো ও মেঘবর্তী সুকর্ণোপুত্রী **উত্তর: খ**

২৬. Who is known as the architect of economic reforms in India?/ কাকে ভারতের অর্থনীতি সংস্কারের স্থপতি বলা হয়? [Bangladesh Bank Asst. Director : 04]

ⓐ Jyoti ⓑ Jawaharlal Nehru
ⓒ Bajpayee ⓓ Manmohan Singh
ⓔ Indira Gandhi

Ans. d

২৭. 'ইন্ডিয়াজ এক্সপোর্ট ট্রেন্ডস অ্যান্ড প্রসপেক্টস ফর সেলফ সাসটেইন্ড গ্রোথ' গ্রন্থের লেখক- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]

ক পি চিদম্বরম খ যশোবন্ত সিং
গ মনমোহন সিং ঘ অমর্ত্য সিং **উত্তর: গ**

২৮. ভারতের মোট অঙ্গরাজ্য সংখ্যা– [রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৭ / সমাজসেবা অধিদপ্তরে ইনস্ট্রাক্টর : ০৫/ দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক : ০৩]

ক ২৫ টি খ ২৭ টি
গ ২৮ টি ঘ ২৯ টি **উত্তর: ঘ**

২৯. ভারতের ২৬তম রাজ্য কোনটি? [পরিবেশ ও বন মন্ত্রণালয়ের রিসার্চ অফিসার : ০৬]

ক অরুণাচল প্রদেশ খ ঝাড়খণ্ড
গ ছত্তীসগঢ় ঘ গোয়া **উত্তর: গ**

৩০. ঝাড়খণ্ড ভারতের কততম প্রদেশ? [শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক : ০৫]

ক ২৫ তম খ ২৬ তম
গ ২৭ তম ঘ ২৮ তম **উত্তর: ঘ**

৩১. ভারতের কনিষ্ঠতম রাজ্য (নতুন রাজ্য) তেলেঙ্গানা কোন রাজ্যের অংশ ছিল? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট) : ১৪-১৫]

ক তামিলনাড়ু খ অন্ধ্র প্রদেশ
গ কর্ণাটক ঘ উড়িষ্যা **উত্তর: খ**

৩২. ভারতের ২৯তম রাজ্য– [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ১৪-১৫]

ক তেলেঙ্গানা খ অন্ধ্র প্রদেশ
গ হায়দ্রাবাদ ঘ ঝাড়খণ্ড **উত্তর: ক**

৩৩. What is the newest state of India?/ ভারতের নবীনতম রাজ্য কী? [PKSF. Assistant Manager : 14]

ক Jharkhand খ Telengana
গ Chhattisgarh ঘ Karnataka **উত্তর: খ**

৩৪. Which militant organization is blamed for the 2008 Indian city of Mumbai attack? [Probashi Kallyan Bank Ltd. Officer (Cash) : 14]

ⓐ Lashkar-i-Taiba ⓑ Al Qaeda
ⓒ Tehreek-Taliban ⓓ Lashkar-e-Jabbar

Ans. a

৩৫. When was Sikkim merged with India?/ কখন সিকিম ভারতের সাথে একীভূত হয়? [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার : ১৪]

ক 1972 খ 1975
গ 1973 ঘ 1974 **উত্তর: খ**

৩৬. Andaman island belongs to which country? [Agrani Bank Ltd. Officer: 08]

Or,

আন্দামান দ্বীপপুঞ্জ কোন দেশের অন্তর্গত? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪]

ⓐ India ⓑ Bangladesh
ⓒ Burma ⓓ Maldives

Ans. a

৩৭. পোর্টব্লেয়ার কেন বিখ্যাত? [স ও জ গণপূর্ত অধিদপ্তর উপ সহকারী প্রকৌশলী (সিভিল) : ০১/ বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০০]

ক পূর্ব আফ্রিকার একটি বন্দর খ আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জের রাজধানী
গ অস্ট্রেলিয়ার একটি দ্বীপ ঘ পাপুয়া নিউগিনির একটি বন্দর **উত্তর: খ**

৩৮. 'Port Blayer' island is in- [Pubali Bank Ltd. Senior Officer: 12/ Bangladesh Bank Asst. Director: 09]

Or,

পোর্ট ব্লেয়ার কোথায় অবস্থিত? [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার : ০০/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ৯৩]

ⓐ Pacific Ocean ⓑ Atlantic Ocean ⓒ Bay of Bengal
ⓓ Indian Ocean ⓔ None of them

Ans. c

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৩৯. **কখনো ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন না-** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইকার অফিসার : ৯৯]
ক) দেবগৌড়া খ) জ্যোতি বসু
গ) মোরারজী দেশাই ঘ) লালবাহাদুর শাস্ত্রী **উত্তর: খ**

৪০. **7 sisters কোন দেশে অবস্থিত?** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর : ১৮ / সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক : ০৫]
ক) ভারত খ) পাকিস্তান
গ) মায়ানমার ঘ) শ্রীলঙ্কা **উত্তর: ক**

৪১. **Seven Sisters কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট বিজোড়) : ১৩-১৪]
ক) সাত বোন খ) ভারতের সাতটি অঙ্গরাজ্য
গ) সার্কভুক্ত দেশ ঘ) সাতটি নদী **উত্তর: খ**

৪২. **Who are called "SEVEN SISTERS"?** [খুলনা বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০২-০৩]
ⓐ Seven oil producing countries of the Middle East
ⓑ Seven state of the eastern India
ⓒ Seven islands of the a Pacific Ocean
ⓓ Seven hill tops of the Himalayas **Ans. b**

৪৩. **ভারতের কোন অঞ্চলের সাতটি প্রদেশকে একত্রে 'সেভেন সিস্টার্স' বলা হয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]
ক) উত্তরাঞ্চল খ) উত্তর-পশ্চিমাঞ্চল
গ) উত্তর-পূর্বাঞ্চল ঘ) দক্ষিণাঞ্চল **উত্তর: গ**

৪৪. **ভারতের 'সেভেন সিস্টার্স' রাজ্যসমূহের অন্তর্ভুক্ত নয়-** [২৬তম বিসিএস/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক : ১৬]
ক) কেরালা খ) মনিপুর
গ) ত্রিপুরা ঘ) মিজোরাম **উত্তর: ক**

৪৫. **ভারতের কোন রাজ্যের রাজধানী ইম্ফল?** [২৬তম বিসিএস]
ক) মিজোরাম খ) অরুনাচল
গ) মনিপুর ঘ) মেঘালয় **উত্তর: গ**

৪৬. **আগরতলা ভারতের কোন রাজ্যের রাজধানী?** [ঢাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার : ১৮]
ক) পশ্চিম বাংলা খ) ত্রিপুরা
গ) মিজোরাম ঘ) মেঘালয় **উত্তর: খ**

৪৭. **এন. এল. এফ. টি কি?** [থানা শিক্ষা অফিসার : ৯৯]
ক) ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অব তামিলস
খ) ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অব ত্রিপুরা গ) ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অব তেলেগুজ
ঘ) ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অব টাইগারস **উত্তর: খ**

৪৮. **উলফা কোন অঞ্চলের সন্ত্রাসবাদী দল?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ৯৬-৯৭]
ক) ত্রিপুরা খ) আসাম
গ) নাগাল্যান্ড ঘ) মণিপুর **উত্তর: খ**

৪৯. **চিকেন নেক কোনটি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট) : ১৭-১৮/ পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ০৪]
ক) সিলিগুড়ি করিডোর খ) কোলিল করিডোর
গ) দুই জার্মানির সংযোগস্থল ঘ) তিনবিঘা করিডোর **উত্তর: ক**

নেপাল

রাজনৈতিক পরিক্রমা


জ্ঞানেন্দ্র বীর বিক্রম শাহদেব

নেপাল শত শত বছর ধরে নিরঙ্কুশ রাজতন্ত্র দ্বারা শাসিত। ১৯৫৯ সালে সাধারণ নির্বাচনে নেপালী কংগ্রেস জয়লাভ করে এবং বিপি কৈরালা প্রধানমন্ত্রী হন। ১৯৬২ সালে রাজা মহেন্দ্র পার্লামেন্ট বিলুপ্ত করে একদলীয় পঞ্চায়েত ব্যবস্থা প্রতিষ্ঠা করেন। ১৯৯০ সালে গণঅভ্যুত্থানের মাধ্যমে নেপালী রাজতন্ত্রের ক্ষমতা কমানো হয়। এ সময় নিরঙ্কুশ রাজতন্ত্রের পরিবর্তে সাংবিধানিক রাজতন্ত্রের মাধ্যমে সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থা চালু হয়। ১৯৯১ সালের মে মাসে সেখানে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। জনজীবনে শান্তি ফেরেনি, শাসন- শোষণের যাঁতাকলে আগের মতোই পিষ্ট হচ্ছে সাধারণ মানুষ - এই সমালোচনার ভিত্তিতে নেপালে বামপন্থী মাওবাদী গেরিলা আন্দোলন গড়ে উঠে। মাওবাদীদের লক্ষ্য হচ্ছে রাজতন্ত্রের অবসান ও সমাজতান্ত্রিক ব্যবস্থার প্রতিষ্ঠা।

২০০১ সালে রাজা বীরেন্দ্র সপরিপরিবারে রহস্যজনকভাবে মৃত্যুবরণ করার পর তার ভাই জ্ঞানেন্দ্র বীর বিক্রম শাহদেব যখন রাজা হন তারপর থেকেই বদলে যায় নেপালের রাজনীতি। রাজা জ্ঞানেন্দ্র ক্ষমতা গ্রহণের পর ধীরে ধীরে ক্ষমতা কব্জা করেন। মাওবাদী আন্দোলন মোকাবেলায় ব্যর্থ হওয়ার অভিযোগে রাজা জ্ঞানেন্দ্র প্রধানমন্ত্রী দিউবাকে পদচ্যুত করেন এবং নির্বাচিত পার্লামেন্ট ভেঙ্গে দেন। রাজা মাওবাদী গেরিলা ও রাজনীতিবিদদের বিরুদ্ধে অভিযান শুরু করেন। সংঘর্ষের পর সংঘর্ষ ঘটতে থাকে। সারা নেপাল হয়ে ওঠে একটি রণক্ষেত্র। রাজা বিরোধী আন্দোলন ছড়িয়ে পড়ে সারাদেশে। রাজনীতিবিদদের সাথে হাত মেলায় মাওবাদী গেরিলারা। রাতারাতি দৃশ্যপট পাল্টে যায়। নেপাল সরকার ও মাওবাদী গেরিলাদের মধ্যে ঐতিহাসিক শান্তিচুক্তি স্বাক্ষরিত হয় ২১ নভেম্বর, ২০০৬। বিরোধীদলের দাবির কাছে নতি স্বীকার করে রাজা জ্ঞানেন্দ্র ২০০৬ সালে পার্লামেন্ট পুনর্বহাল করেন। ২০০৭ সালের ২৮ ডিসেম্বর নেপালের পার্লামেন্টে রাজতন্ত্রের অবসানের জন্য আইন পাস করে। ২০০৮ সালের ২৮ মে আইনটি কার্যকর হলে ২৪০ বছরের পুরোনো (১৭৬৮ - ২০০৮ খ্রি.) রাজতন্ত্রের অবসান হয়। ২০০৮ সালের ১০ এপ্রিল সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। কম্যুনিস্ট পার্টির (মাওবাদী) নেতৃত্বে সরকার গঠিত হয়।

MCQ Solution

১. **নেপালে সংসদীয় গণতন্ত্র প্রতিষ্ঠিত হয় কোন সালে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি বিভাগ) : ০৯-১০]
ক) ১৯৯০ খ) ২০০৮
গ) ২০০৭ ঘ) ১৯৯১ **উত্তর: ক**

২. **নেপালের সর্বশেষ রাজা ছিলেন-** [৩৫তম বিসিএস/ স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১৬]
ক) ধীরেন্দ্র খ) জ্ঞানেন্দ্র
গ) বীরেন্দ্র ঘ) মহেন্দ্র **উত্তর: খ**

৩. **নেপালের রাজা জ্ঞানেন্দ্র কত সালে ক্ষমতাসীন হয়েছিলেন?** [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক : ০৬]
ক) ১৯৯৯ খ) ২০০০
গ) ২০০১ ঘ) ২০০২ **উত্তর: গ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৪. নেপালের রাজতন্ত্রের বিলুপ্তি ঘটে কোন সালে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন বিভাগ) : ০৮-০৯]

ক ২০০৫ খ ২০০৬
গ ২০০৭ ঘ ২০০৮ **উত্তর: গ**

৫. ২০০৭ সালে নেপালে কত বছরের পুরাতন রাজতন্ত্রের বিলোপ ঘটে? [মাধ্যমিক সহকারী শিক্ষক: ০৮]

ক ২৩৫ বছর খ ২৪০ বছর
গ ২৪৬ বছর ঘ ২৩৮ বছর **উত্তর: খ**

ভুটান

রাজনৈতিক পরিক্রমা

২০০৮ সালের ২৪ মার্চ প্রথম পার্লামেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয় এবং ভুটানের জনগণ প্রথমবারের মতো ভোটাধিকার প্রয়োগ করে।

MCQ Solution

১. ভুটানের জনগণ সে দেশের ইতিহাসে প্রথমবারের মত কখন ভোটাধিকার প্রয়োগ করেন - [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]

ক মে ০৫ খ জুন ০৬
গ এপ্রিল ০৭ ঘ জানুয়ারি ০৮ **উত্তর:**

শ্রীলঙ্কা

রাজনৈতিক পরিক্রমা

১৫০৫ সালে পর্তুগিজরা এই দ্বীপে পৌছে এর নাম দেয় শেইলাও যার ইংরেজি শব্দ হলো Ceylon। ১৯৪৮ সালের ৪ ফেব্রুয়ারি দেশটি ব্রিটিশদের নিকট হতে 'সিলন' নামে স্বাধীনতা লাভ করে। ১৯৬০ সালে শ্রীমাভো বন্দের নায়েকে প্রধানমন্ত্রী হিসেবে কাজ শুরু করেন। তিনি ছিলেন বিশ্বের প্রথম নির্বাচিত মহিলা প্রধানমন্ত্রী এবং সরকার প্রধান। ১৯৭২ সালে শ্রীমাভো বন্দেরনায়েকের প্রধানমন্ত্রীত্বে সিলন থেকে শ্রীলঙ্কা নামকরণ করা হয়।

সিংহলি সম্প্রদায় শ্রীলঙ্কার সংখ্যাগরিষ্ঠ জনগোষ্ঠী। উত্তর-পূর্ব দিকের স্বতন্ত্র সাংস্কৃতিক ঐতিহ্য নিয়ে তামিল সম্প্রদায় দেশের সর্ববৃহৎ সংখ্যালঘু সম্প্রদায়। তামিলরা শ্রীলঙ্কার উত্তর ও পূর্বাংশ নিয়ে স্বাধীন ও পৃথক তামিল রাষ্ট্র গঠনের জন্য শ্রীলঙ্কার সরকারের বিরুদ্ধে লড়াই করছে। তামিলদের বিচ্ছিন্নতাবাদী সংগঠনের নাম লিবারেশন টাইগার্স অব তালিম ইলম (Liberation Tigers of Tamil Eelam) সংক্ষেপে এল.টি.টি.ই (LTTE)। সংগঠনটি প্রতিষ্ঠিত হয়েছিল ১৯৭৬ সালে। সংগঠনটির প্রধান ছিলেন ভিলুপিল্লাই প্রভাকরণ। তিনি ১৯ মে, ২০০৯ শ্রীলঙ্কার সেনাবাহিনীর হাতে নিহত হন।

MCQ Solution

১. শ্রীলঙ্কা স্বাধীনতা লাভ করে নিম্নের কত সালে? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০/ সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৭]

ক ১৯৪৮ খ ১৯৪৭ গ ১৯৪৯ **উত্তর: ক**

২. **First Women Prime Minister in the world-** [Bangladesh Bank Assistant Director: 08]

Or,

বিশ্বের প্রথম মহিলা প্রধানমন্ত্রী কে? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব- রেজিষ্ট্রার : ১৬/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট) : ১৩-১৪/ সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার : ১৩/ বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক(প্রশাসন) : ১১]

ⓐ Benazir Bhutto ⓑ Khalada Zia
ⓒ Sheikh Hasina ⓓ Sirimavo Bandaranaike
ⓔ None of them **Ans.** d

৩. কোন দেশের প্রধানমন্ত্রী বিশ্বের প্রথম মহিলা প্রধানমন্ত্রী? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক : ১০]

অথবা,

১৯৬০ সালে কোন দেশ সর্বপ্রথম একজন নারী প্রধানমন্ত্রী নির্বাচিত করে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ১৬-১৭]

ক ভারত খ যুক্তরাজ্য
গ ইসরাইল ঘ শ্রীলঙ্কা **উত্তর: ঘ**

৪. জনগণের ভোটে নির্বাচিত প্রথম মহিলা সরকার প্রধানের নাম- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫]

ক শ্রীমাভো বন্দরনায়েক খ ইন্দিরা গান্ধী
গ মার্গারেট থ্যাচার ঘ গোল্ডা মেয়ার **উত্তর: ক**

৫. বিশ্বের প্রথম নির্বাচিত মহিলা প্রধানমন্ত্রী কে? [বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (PSC) - এর সহকারী পরিচালক : ০৬]

ক ইন্দিরা গান্ধী খ চন্দ্রিকা কুমারাতুঙ্গা
গ শ্রীমাভো বন্দরনায়েকে ঘ বেনজির ভুট্টো **উত্তর: গ**

৬. এল.টি.টি.ই হলো– [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]

ক বাংলাদেশের একটা সন্ত্রাসী দল খ ভারতের দস্যুদল
সারা পৃথিবীর বিভিন্ন ব্যক্তি এবং প্রতিষ্ঠানকে সফল এবং অনন্য সাধারণ গবেষণা ও উদ্ভাবন এবং মানবকল্যাণমূলক কর্মকাণ্ডের জন্য প্রতি বছর নোবেল পুরস্কার প্রদান করা হয়। নোবেল পুরস্কারের প্রবর্তক আলফ্রেড নোবেল ১৮৩৩ সালে সুইডেনের স্টকহোমে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন একাধারে রসায়নবিদ, প্রকৌশলী এবং উদ্ভাবক। ডিনামাইট (উন্নত মানের বিস্ফোরক) আবিষ্কার করে বিশাল সম্পত্তির মালিক হয়ে যান। কিন্তু শেষ জীবনে নিজের সবচেয়ে বড় আবিষ্কার ডিনামাইটের ধ্বংসাত্মক ব্যবহার দেখে খুবই অনুতপ্ত হন। এ কারণে মৃত্যুর কয়েক বছর আগে তিনি তাঁর সম্পত্তির ৯৪% (৯০ লক্ষ ডলার) উইল করে যান। উইল মোতাবেক, ১৯০১ সালে প্রবর্তিত হয় 'নোবেল পুরস্কার'। ১৯০১ সাল থেকে পাঁচটি বিষয়ে নোবেল পুরস্কার প্রদান করা হতো। বর্তমানে মোট ৬টি বিষয়ে পুরস্কার প্রদান করা হয়। যথা- পদার্থবিজ্ঞান, রসায়ন, চিকিৎসাবিজ্ঞান, সাহিত্য, শান্তি এবং অর্থনীতি। অর্থনীতি ছাড়া অন্য বিষয়গুলোতে ১৯০১ সাল থেকে পুরস্কার প্রদান করা হয়। অর্থনীতির জন্য আলফ্রেড নোবেল তাঁর উইলে কোন অর্থ অনুমোদন করে যাননি। পরবর্তীতে, সুইডেনের কেন্দ্রীয় ব্যাংক 'সেভরিগেস রিক্সব্যাংক' এর অর্থায়নে ১৯৬৯ সাল থেকে নোবেলের স্মরণে অর্থনীতিতেও এই পুরস্কার প্রবর্তন করা হয়। আলফ্রেড নোবেলের মৃত্যু দিবস ১০ ডিসেম্বরে নরওয়ের রাজধানী অসলোতে শান্তি পুরস্কার এবং সুইডেনের স্টকহোমে বাকি পুরস্কারগুলো তুলে দেওয়া হয় বিজয়ীদের হাতে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের কারণে ১৯৪০ থেকে ১৯৪২ সাল পর্যন্ত পুরস্কার প্রদান বন্ধ ছিল।


আলফ্রেড নোবেল

www.boimate.com

MCQ Solution

১. **Home Country of Alfred Nobel is- / আলফ্রেড নোবেলের জন্মভূমি-** [Bangladesh Bank Senior Officer : 06]
ⓐ USA ⓑ UK
ⓒ Sweden ⓓ France
ⓔ None of these **Ans.** c

২. নোবেল পুরস্কারের প্রবর্তক আলফ্রেড নোবেল ধনী হয়েছিলেন-- [১৮তম বিসিএস]
ক তেলের খনির মালিক হিসেবে
খ উন্নত ধরনের বিস্ফোরক আবিষ্কার করে
গ জাহাজের ব্যবসা করে
ঘ ইস্পাত কারখানার মালিক হিসেবে উত্তর: খ

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৩. **ডিনামাইট আবিষ্কার করেন-** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে সহকারী ইনস্ট্রাক্টর (পিইডিপি - ৩) : ১২/ প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪/ তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক (গ্রেড-২) : ০৩]

ক উইলিয়াম মারডক খ আলফ্রেড নোবেল
গ টমাস আলভা এডিসন ঘ জোসেফ প্রিস্টলি **উত্তর: খ**

৪. **আলফ্রেড নোবেল কি আবিষ্কার করেছিলেন?** [৩০তম বিসিএস/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - সেট বি) : ১৩-১৪]

Or,

What invention brought Alfred Nobel fame and fortune? [First Security Islami Bank Ltd. Probationary Officer: 09]

ⓐ Electricity ⓑ Radio
ⓒ Television ⓓ Dynamite
ⓔ None of these **Ans.** d

৫. **নোবেল পুরস্কার প্রবর্তকের মূল আবিষ্কার মুখ্যত কি উদ্দেশ্য ব্যবহৃত হয়?** [আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে হাইকোর্টের রেজিস্ট্রার : ৯৪/ শ্রম অধিদপ্তরে অফিসার : ৯৪]

ক চিকিৎসার জন্য খ কৃষির উন্নতি সাধনে
গ ধ্বংসাত্মক কাজে ঘ যুদ্ধাস্ত্র হিসেবে **উত্তর: গ**

৬. **নোবেল পুরস্কার কোন দেশ থেকে দেয়া হয়?** [Sonali Bank Ltd. Senior Officer : 14/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট বিজোড়) : ১৩-১৪/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিতাস) : ১০/ Pubali Bank Ltd. Junior Officer : 00]

Or,

নোবেল পুরস্কারের প্রবর্তকের দেশ কোনটি? [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে সহকারী শ্রম অফিসার : ০৩/ Sonali, Janata, Agrani and Rupali Bank Senior Officer: 90]

ক যুক্তরাষ্ট্র খ যুক্তরাজ্য
গ সুইডেন ঘ বেলজিয়াম **উত্তর: গ**

৭. **Nobel Prize was initiated in the year —** [National Bank Ltd. Probationary Officer : 14]

Or,

নোবেল পুরস্কার প্রবর্তন করা হয় কত সালে? [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক : ১৮/ বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক ও ব্যক্তিগত কর্মকর্তা : ১৮/ বিটিভি-এর সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]

ⓐ 1896 ⓑ 1901
ⓒ 1876 ⓓ 1900 **Ans.** b

৮. **How often are the Nobel Prizes awarded?/ কতদিন পরপর নোবেল পুরস্কার দেওয়া হয়?** [SIBL Probationary Officer: 11]

ⓐ Five times a year ⓑ Twice a year
ⓒ Once every two years ⓓ Once a year **Ans.** d

৯. **At present how many disciplines are included for awarding Nobel Prize?** [SIBL Trainee Officer: 10]

Or,

মোট কয়টি বিষয়ে নোবেল পুরস্কার দেয়া হয়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দানিদুব) : ১৩/ ইসলামী বিশ্ববিদ্যালয় (জি-ইউনিট; সেট-এ) : ১১-১২/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০-১১/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ০৮-০৯]

ⓐ 6 ⓑ 5
ⓒ 7 ⓓ 8 **Ans.** a

১০. **Award of Nobel Prize in literature was started from the year-/ সাহিত্যে নোবেল পুরস্কার প্রবর্তিত হয়-** [Islamic University (B Unit, Set - II) : 17-18/ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপ-সহকারী : ১৪ / Assistant Director (Primary & Mass Education) : 01]

ⓐ 1901 ⓑ 1911
ⓒ 1913 ⓓ 1917 **Ans.** a

১১. **The Nobel Prize for Economics was introduced in-** [Khulna University (B Unit) : 02-03]

Or,

অর্থনীতিতে নোবেল পুরস্কার কোন সালে প্রবর্তিত হয়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি-১ ও ডি-২ ইউনিট) : ১৬-১৭/ বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭/ মেডিকেল : ০১-০২/ সাব-রেজিস্ট্রার : ৯২]

ⓐ 1969 ⓑ 1968
ⓒ 1970 ⓓ 1972 **Ans.** a

১২. **For which of the following disciplines Nobel Prize is awarded?/ নিম্নোক্ত কোন বিষয়গুলোতে নোবেল পুরস্কার দেয়া হয়?** [34th BCS/ Janata Bank Ltd. Executive Officer (Teller) : 15]

ⓐ Physics and Chemistry ⓑ Physiology or Medicine
ⓒ Literature, Peace and Economics ⓓ All of the above **Ans.** d

১৩. **Which of the catagories of Nobel Prize was not originally included in the will of Alfred Nobel?** [Bangladesh Bank Asst. Director : 13]

Or,

সুইডিস বিজ্ঞানী আলফ্রেড নোবেল যে বিষয়ে পুরস্কার দিয়ে যাননি- [মেডিকেল : ০৬-০৭]

ⓐ Physics ⓑ Chemistry ⓒ Peace
ⓓ Medical Science ⓔ Economic Science **Ans.** e

নোবেল পুরস্কার ঘোষণা

ক্ষেত্র	ঘোষণাকারী প্রতিষ্ঠান
চিকিৎসাবিজ্ঞান (Physiology or Medicine)	ক্যারোলিন্সকা ইনস্টিটিউট
পদার্থবিদ্যা (Physics)	রয়েল সুইডিস একাডেমি অব সায়েন্সেস
রসায়ন (Chemistry)	
অর্থনীতি (Economics)	
সাহিত্য (Literature)	সুইডিস একাডেমি
শান্তি (Peace)	নরওয়েজিয়ান নোবেল কমিটি

MCQ Solution

১. **The Committee of the Norwegian Parliaments awards the Nobel prize for-** [ICB Officer : 11]

ⓐ Economics ⓑ Peace ⓒ Medicine
ⓓ Literature ⓔ Physics **Ans.** b

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

২. **নোবেল শান্তি পুরস্কার কোন দেশ থেকে ঘোষণা করা হয়?** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইন্সট্রাক্টর : ১৮ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৭-১৮]

ক সুইডেন খ নরওয়ে
গ ডেনমার্ক ঘ বেলজিয়াম

উত্তর: খ

৩. **নিচের কোন সংস্থাটি শান্তি বিষয়ে নোবেল পুরস্কার ঘোষণা করে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৭-০৮]

ক সুইডিশ একাডেমি খ নোবেল কমিটি অব দ্য নরওয়েজিয়ান পার্লামেন্ট
গ রয়েল সুইডিশ একাডেমি অব সায়েন্স ঘ কোনোটিই নয়

উত্তর: খ

প্রথম নোবেল পুরস্কার বিজয়ী

ক্ষেত্র	সাল	নোবেলবিজয়ী	দেশ
পদার্থ	১৯০১	উইলহেম কনরাড রন্টগেন	জার্মানি
রসায়ন	১৯০১	জ্যাকবস হেনরিকাস ভ্যান্ট হফ	নেদারল্যান্ডস
চিকিৎসা	১৯০১	এমিল ভন বিহরিং	জার্মানি
সাহিত্য	১৯০১	সুলি প্রুধোম	ফ্রান্স
শান্তি	১৯০১	হেনরি ডুনান্ট	সুইজারল্যান্ড
		ফ্রেডারিক পাসি	ফ্রান্স
অর্থনীতি	১৯৬৯	রাগনার ফ্রিশ	নরওয়ে
		ইয়েন টিনবার্গেন	নেদারল্যান্ডস

MCQ Solution

১. **Who was the first recipient of the Nobel Prize for literature?**
সাহিত্যে প্রথম নোবেলজয়ী কে? [Standard Bank Ltd. Probationary Officer : 10]

ⓐ George Orwell ⓑ Shakespeare
ⓒ Anna Seward ⓓ Sully Prudhomme

Ans. d

বিভিন্ন ক্ষেত্রে নোবেলজয়ী প্রথম নারী

ক্ষেত্র	সময়কাল	নোবেল বিজয়ী	দেশ
পদার্থ	১৯০৩	মেরি কুরি	পোল্যান্ড
রসায়ন	১৯১১		
শান্তি	১৯০৫	বার্থাভন সুটনার	অস্ট্রিয়া-হাঙ্গেরি
সাহিত্য	১৯০৯	সেলমা লাগেরলফ	সুইডেন
চিকিৎসা	১৯৪৭	গার্টি কুরি	যুক্তরাষ্ট্র
অর্থনীতি	২০০৯	ইলিনর অস্ট্রম	

MCQ Solution

১. **Who is the first female recipient of Nobel Prize?** [বাংলাদেশ কৃষিবিদ ইন্সটিটিউশন কর্পোরেশন সহকারী ব্যবস্থাপক : ১৩]
Or,
প্রথম নোবেল বিজয়ী নারী কে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৫-১৬/ গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার : ০৫]

ⓐ ম্যারি কুরি ⓑ আইরিন কুরি
ⓒ ইউনি ম্যান্ডেলা ⓓ লরা জেনি

Ans. a

২. **শান্তির জন্য কোন মহিলা প্রথম নোবেল পুরস্কার পান?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ০৮-০৯]

ক আলভা মায়ার ডাল খ অং সান সুচি
গ বার্থাভন সুটনার ঘ মাদার তেরেসা
ঙ মাদাম কুরি

উত্তর: গ

৩. **সাহিত্যে নোবেল পুরস্কারজয়ী প্রথম মহিলা কে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট): ১৫-১৬]

ক সেলমা লেগারলফ খ সিগ্রিড উন্দসেট
গ গ্রেজিয়া ডেলেদ্দা ঘ পার্ল বাক

উত্তর: ক

৪. **How many women have achieved Nobel Prize in Economics till 2009?/ ২০০৯ সাল পর্যন্ত কতজন মহিলা অর্থনীতিতে নোবেল পুরস্কার পান?** [NCC Bank Ltd. Probationary Officer: 09]

ⓐ 1 ⓑ 2
ⓒ 3 ⓓ 5

Ans. a

৫. **Who is the first woman to win the nobel prize in economics?** [Midland Bank Ltd. Trainee Assistant Officer : 15/ Trust Bank Ltd. MTO: 11]
Or,
কোন মহিলা অর্থনীতিতে প্রথম নোবেল পুরস্কার পান? [গন্নাথ বিশ্ববিদ্যালয় (গ, ঘ ইউনিট) : ১৩-১৪/ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল) : ১১-১২]

ⓐ Irma Adelman ⓑ Ann Krueger
ⓒ Elinor Ostrom ⓓ Joan Robinson
ⓔ None olf them

Ans. c

নোবেলজয়ী মুসলিম মনীষী

ক্রম	ক্ষেত্র	সাল	নোবেলজয়ীর নাম	দেশ	মন্তব্য
১	শান্তি	১৯৭৮	আনোয়ার সাদাত	মিশর	
২	পদার্থ	১৯৭৯	আব্দুস সালাম	পাকিস্তান	
৩	সাহিত্য	১৯৮৮	নাগিব মাহফুজ	মিশর	নোবেলজয়ী প্রথম আরব সাহিত্যিক। উপন্যাসের জন্য সমধিক পরিচিত।
৪	শান্তি	১৯৯৪	ইয়াসির আরাফাত	ফিলিস্তিন	
৫	রসায়ন	১৯৯৯	আহমেদ জেবাইল	মিশর	

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

ক্রম	ক্ষেত্র	সাল	নোবেলজয়ীর নাম	দেশ	মন্তব্য
৬	শান্তি	২০০৩	শিরিন এবাদি	ইরান	নোবেলজয়ী প্রথম মুসলিম নারী।
৭	শান্তি	২০০৫	আল বারাদি	মিশর	IAEA এর প্রধান ছিলেন।
৮	শান্তি	২০০৬	ড. মুহাম্মদ ইউনূস	বাংলাদেশ	
৯	সাহিত্য	২০০৬	ওরহান পামুক	তুরস্ক	বিখ্যাত উপন্যাস 'The White Castle'
১০	শান্তি	২০১১	তাওয়াক্কল কারমান	ইয়েমেন	আরবীয় বসন্তের অগ্রদূত নেত্রী।
১১	শান্তি	২০১৪	মালালা ইউসুফজাই	পাকিস্তান	
১২	রসায়ন	২০১৫	আজিজ সানজার	তুরস্ক	

MCQ Solution

১. **কোন মুসলিম মনীষী সর্বপ্রথম নোবেল পুরস্কার পান?** [২৭তম বিসিএস / বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন / এইচআর) : ১৭ / প্রাক- প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]

ক ইয়াসির আরাফাত খ নাগিব মাহফুজ
গ আনোয়ার সাদাত ঘ প্রফেসর আব্দুস সালাম

উত্তর: গ

২. **Who was the first Arab writer to win Nobel Prize for literature?/ কোন আরব লেখক সর্বপ্রথম সাহিত্যে নোবেল পুরস্কার পান?** [Sonali, Janata & Agrani Bank Ltd. Officer (Cash) : 08/ RAKUB Senior Officer: 06/ IFIC Bank Probationary Officer: 92]

ⓐ Towfiq Al Hakim ⓑ Ibrahim Al Mazini
ⓒ Naguib Mahfouz ⓓ Mohamed Hussain Haikel
ⓔ Taha Hussain

Ans. c

৩. **নাগিব মাহফুজ কি হিসেবে বিখ্যাত?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]

ক ঔপন্যাসিক খ কবি
গ ঐতিহাসিক ঘ নাট্যকার

উত্তর: ক

৪. **নোবেল বিজয়ী আরবি ঔপন্যাসিক?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ২ - আরবি) : ১৪-১৫ / ইসলামী বিশ্ববিদ্যালয় (বি- ইউনিট) : ১৩-১৪]

ক হুসাইন হাইকেল খ নজীব কিলানী
গ নাগিব মাহফুজ ঘ তুহা হুসাইন

উত্তর: গ

৫. **নাজীব মাহফুজ কোন সালে নোবেল পুরস্কার লাভ করেন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]

ক ১৯৭৮ খ ১৯৮০
গ ১৯৮৪ ঘ ১৯৮৮
ঙ ১৯৯০

উত্তর: ঘ

৬. **নোবেল বিজয়ী প্রথম মুসলিম নারী –** [বিভিন্ন মন্ত্রণালয়ের তৃতীয় শ্রেণির কর্মচারী : ১৮/ ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট, সেট-বি) : ১৩-১৪/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১২-১৩]

ক সিফাতই রাব্বানী খ জান্নাতুল ফেরদৌস
গ শিরিন এবাদি ঘ ড. বেনজীর আহমদ

উত্তর: গ

৭. **Who is the first Muslim women to win the Nobel Peace prize?** [RAKUB Senior Officer : 11 Sadharan Bima Corporation Junior Officer : 09/ Bangladesh Bank Asst. Director : 04]

Or,

কোন মুসলিম নারী সর্বপ্রথম নোবেল শান্তি পুরস্কার পান? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - সেট বি) : ১৪-১৫/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২/ ডেন্টাল কলেজ : ০৩-০৪]

ক Benazir Bhutto খ Monika Ali
গ Shirin Ebadi ঘ Mother Teresa

উত্তর: গ

৮. **Shirin Ebadi is a-/ শিরীন এবাদি একজন-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (লোক প্রশাসন) : ০৭-০৮]

ক Famous Scientist (বিখ্যাত বিজ্ঞানী)
খ Nobel laureate (নোবেলজয়ী)
গ Famous actress (বিখ্যাত অভিনেত্রী)
ঘ Famous writer (বিখ্যাত লেখিকা)

উত্তর: খ

৯. **Shirin Ebadi, who won the Nobel Peace prize in 2003, is from-** [Bangladesh Bank Asst Director: 13/ Bangladesh krishi Bank Officer: 07]

Or,

নোবেল বিজয়ী শিরীন এবাদী কোন দেশের নাগরিক? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট - সেট ৩) : ১৪-১৫]

ক তুরস্ক খ ইরান
গ ইংল্যান্ড ঘ কুয়েত

উত্তর: খ

১০. **ইরানের মানবাধিকার কর্মী শিরিন এবাদি কোন সালে শান্তি পুরস্কার পেয়েছিলেন–** [সমাজসেবা অধিদপ্তরের সমাজ কল্যাণ সংগঠক : ০৫]

ক ২০০১ সালে খ ২০০২ সালে
গ ২০০৩ সালে ঘ ২০০৪ সালে

উত্তর: গ

১১. **২০০৩ সালে নোবেল শান্তি পুরস্কার কে পেয়েছেন?** [পরিবেশ ও বন মন্ত্রণালয়ের রিসার্চ অফিসার : ০৬]

ক শিরিন এবাদি খ হানাহ আশরাফি
গ হিলারী ক্লিনটন ঘ মাদার তেরেসা (মরণোত্তর)

উত্তর: ক

১২. **২০০৬ সালে সাহিত্যে নোবেল পুরস্কার কে পেয়েছেন?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৭]

ক ড. ইউনূস খ অরুন্ধতি রায়
গ হোসে সাবামাগো ঘ ওরহান পামুক

উত্তর: ঘ

১৩. **সাহিত্যে নোবেল বিজয়ী ওরহান পামুক কোন দেশের নাগরিক?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১০-১১]

ক ইরান খ গ্রিস
গ রাশিয়া ঘ তুরস্ক

উত্তর: ঘ

১৪. **হোয়াইট ক্যাসেল উপন্যাসের রচিয়তা কে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা বিভাগ) : ০৯-১০]

ক ইমরে কারতেজ খ ওরহান পামুক
গ হুয়ান রুলফো ঘ জে এম কোয়েটজি

উত্তর: খ

১৫. **২০১১ সালে শান্তিতে নোবেল পুরস্কার পাওয়া তাওয়াক্কুল কারমান কোন দেশের নাগরিক?** [বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল) : ১১-১২]

ক ইরান খ মিশর
গ তিউনেশিয়া ঘ ইয়েমেন

উত্তর: ঘ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

উপমহাদেশের নোবেলজয়ী ব্যক্তিত্ব

ক্রম	ক্ষেত্র	সাল	নোবেল বিজয়ী	দেশ
১	সাহিত্য	১৯১৩	রবীন্দ্রনাথ ঠাকুর	ভারত
২	পদার্থ	১৯৩০	স্যার চন্দ্রশেখর ভেঙ্কট রমন (সিভি রমন)	ভারত
৩	চিকিৎসা	১৯৬৮	এইচ জি খোরানা	ভারত
৪	পদার্থ	১৯৭৯	আব্দুস সালাম	পাকিস্তান
৫	শান্তি	১৯৭৯	মাদার তেরেসা	ভারত
৬	পদার্থ	১৯৮৩	সুব্রামানিয়ান চন্দ্রশেখর	ভারত
৭	অর্থনীতি	১৯৯৮	অমর্ত্য সেন	ভারত
৮	শান্তি	২০০৬	ড. মুহাম্মদ ইউনূস	বাংলাদেশ
৯	রসায়ন	২০০৯	ভি.রামকৃষ্ণ	ভারত
১০	শান্তি	২০১৪	মালালা ইউসুফজাঈ	পাকিস্তান
১১	শান্তি	২০১৪	কৈলাস সত্যার্থী	ভারত

মাদার তেরেসা (Mother Teresa) ১৯১০ সালের ২৬ আগস্ট তৎকালীন অটোমান সাম্রাজ্যে (বর্তমান স্কোপেজ, রিপাবলিক অব মেসিডোনিয়ার অন্তর্ভুক্ত) জন্মগ্রহণ করেন। তিনি জাতিতে ছিলেন আলবেনীয়। তিনি ১৯৪৮ সালে ভারতের নাগরিকত্ব লাভ করেন। দুঃস্থ মানবতার সেবার জন্য তিনি ১৯৫০ সালে ভারতের কলকাতায় Missionaries of Charity (মিশনারিজ অফ চ্যারিটি) প্রতিষ্ঠা করেন। মানব সেবায় অসামান্য অবদানের জন্য ১৯৭৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন এবং ১৯৮০ সালে ভারতের সর্বোচ্চ বেসামরিক পদক 'ভারতরত্ন' লাভ করেন। তিনি ছিলেন এশিয়ার প্রথম নোবেলজয়ী নারী। তাঁকে বিংশ শতাব্দীর শ্রেষ্ঠ মানুষ বলা হয়। মাদার তেরেসাকে 'Living Saint' নামে ডাকা হয়। ১৯৯৭ সালের ৫ সেপ্টেম্বর কলকাতায় ইহলোক ত্যাগ করেন।





মালালা ইউসুফজাই (Malala Yousafzai) ১২ জুলাই, ১৯৯৭ পাকিস্তানের সোয়াত উপত্যাকার মিনগোরায় জন্মগ্রহণ করেন। পাকিস্তানে নারীদের শিক্ষার অধিকার নিয়ে প্রচারাভিযানে কাজ করায় ২০১২ সালে তালেবানরা তাঁকে গুলিতে আহত করে। ২০১৪ সালে বিশ্বের সর্বকনিষ্ঠ ব্যক্তি হিসাবে তিনি নোবেল শান্তি পুরস্কার লাভ করেন। নারী ও শিশুর শিক্ষার অধিকারের পক্ষে তাঁর সাহসী আন্দোলনের স্বীকৃতি হিসাবে তাঁকে ওই পুরস্কার দেয়। মালালা ইউসুফজাই জাতীয় যুবশান্তি

পুরস্কার (২০১১), শাখারভ পুরস্কার (২০১৩), ক্লিন্টন সিটিজেন অ্যাওয়ার্ডস (২০১৩), আন্তর্জাতিক শিশু শান্তি পুরস্কার (২০১৩) সহ বহু জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার লাভ করেন। সুইজারল্যান্ডের হেগ শহরে তিনি আন্তর্জাতিক শিশু শান্তি পুরস্কার-২০১৩ গ্রহণ করেন। ২০১৭ সালে তাঁকে কানাডার সম্মানসূচক নাগরিকত্ব সনদ প্রদান করা হয়। *'I Am Malala: How One Girl Stood Up for Education and Changed the World'* তাঁর আত্মজীবনী মূলক গ্রন্থ।

নোবেলজয়ী বাঙালি

নোবেলজয়ী বাঙালি মনীষী ৩ জন। যথা- রবীন্দ্রনাথ ঠাকুর, অমর্ত্য সেন এবং ড.মুহাম্মদ ইউনূস।

অমর্ত্য সেন (Amartya Sen) ১৯৩৩ সালে ভারতের পশ্চিমবঙ্গের শান্তিনিকেতনে জন্মগ্রহণ করেন। তাঁর পৈতৃক নিবাস বাংলাদেশের মানিকগঞ্জ জেলায়। তিনি জনকল্যাণ অর্থনীতি, দুর্ভিক্ষ-ক্ষুধা এবং দারিদ্র্যের অন্তর্নিহিত কারণ নিয়ে গবেষণা করেন। সামাজিক চয়ন তত্ত্ব বা কল্যাণ অর্থনীতিতে অবদানের জন্য ১৯৯৮ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন। তিনি ট্রিনিটি কলেজ (ক্যামব্রিজ), অক্সফোর্ড এবং হাভার্ড বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেন। তিনি ভারতের বর্তমান নালন্দা আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের প্রথম আচার্য ছিলেন। নোবেল পুরস্কার প্রাপ্তির দিক থেকে তিনি দ্বিতীয় বাঙালি, অর্থনীতিতে এশিয়ার প্রথম, উপমহাদেশে সপ্তম এবং ২৮তম এশীয়। তাঁর বিখ্যাত গ্রন্থ 'Poverty and Famine', 'The Idea of Justice', 'Identity and Violence: The illusion of destiny'।



MCQ Solution

১. **The second Nobel laureate in Asia was -/ নোবেলজয়ী দ্বিতীয় এশীয় ব্যক্তিত্ব-** [Rajshahi Krishi Unnayan Bank. Senior Officer : 14/ Bangladesh Krishi Bank Senior Officer : 12]
ⓐ Rabindranath Tagore ⓑ Amartya Sen
ⓒ C.V Raman ⓓ S. Chandrashekhar **Ans.** c

২. **ভারত উপমহাদেশে বিজ্ঞানে প্রথম নোবেল পুরস্কার পান -** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০৬-০৭]
Or,
নোবেল পুরস্কারপ্রাপ্ত দক্ষিণ এশীয় প্রথম বিজয়ী বিজ্ঞানী- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৭-৯৮]
ⓚ এইচ. জি. খোরানা ⓛ আব্দুস সালাম
ⓜ সিভি রমন ⓝ চন্দ্র শেখর **উত্তর: গ**

৩. **নোবেল পুরস্কার প্রাপ্ত দক্ষিণ এশীয় মুসলিম বিজ্ঞানী কে?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০২-০৩]
ⓚ আব্দুল কালাম ⓛ ড. কুদরত-ই-খুদা
ⓜ ড. আঃ কাদের ⓝ ড. আঃ সালাম **উত্তর: ঘ**

৪ **পদার্থ বিজ্ঞানে নোবেল পুরস্কার বিজয়ী আব্দুস সালাম ছিলেন কোন দেশের বিজ্ঞানী?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯৫]
ⓚ বাংলাদেশ ⓛ ভারত
ⓜ পাকিস্তান ⓝ মিশর **উত্তর: গ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৫. এ উপমহাদেশ থেকে এ যাবৎ কতজন নোবেল পুরস্কার পেয়েছেন? [২৫তম বিসিএস]
ক চারজন খ পাঁচজন
গ ছয়জন ঘ সাতজন **উত্তর:**
ব্যাখ্যা: উপমহাদেশ থেকে এ যাবৎ ১১ জন নোবেল পুরস্কার পেয়েছে।

৬. কোন ব্যক্তি সমগোত্রীয় নন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]
ক অধ্যাপক আব্দুস সালাম খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ চন্দ্রশেখর ভেংকটরমন ঘ মাদাম কুরি **উত্তর: খ**
ব্যাখ্যা: উল্লিখিত চারজন মধ্যে রবীন্দ্রনাথ ঠাকুর ছাড়া অবশিষ্ট তিনজনই পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার লাভ করেছেন । কিন্তু রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেছেন।

৭. মাদার তেরেসা কোন দেশে জন্মগ্রহণ করেন? [২৬তম বিসিএস/ বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) : ১৮]
ক আলবেনিয়া খ মেসেডোনিয়া
গ সার্বিয়া ঘ ইতালী **উত্তর: খ**

৮. মাদার তেরেসা কোন দেশে জন্মগ্রহণ করেন? [৩৬তম বিসিএস/ স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের নার্সিং সেবা অধিদপ্তরের মিডওয়াইফ : ১৭/ ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৬-১৭]

Or,

Mother Teresa was born in- [National Bank Ltd. Probationary Officer : 14]
ⓐ England ⓑ India
ⓒ Albania ⓓ Germany **Ans.** c

৯. **Who used to be called a '*Living Saint*'?** [BASIC Bank Ltd. Officer: 02/ NCC Bank Ltd. Officer: 02]
ⓐ Pope John Paul ⓑ Desmond Tutu
ⓒ Mother Teresa ⓓ Florence Nightingale **Ans.** c

১০. মাদার তেরেসা পথের অবহেলিত শিশুদের জন্য কোথায় প্রথম আশ্রয় খোলেন? [ডেন্টাল কলেজ : ০৩-০৪]
ক কলকাতা খ কাবুল
গ বৈরুত ঘ বাগদাদ **উত্তর: ক**

১১. মাদার তেরেসা পরিচালিত দাতব্য প্রতিষ্ঠানটির নাম কি? [ফিমেল সেকেন্ডারি এডুকেশন অফিসার: ৯৯]
ক মাদার তেরেসা প্রতিষ্ঠান খ মিশনারিজ অব চ্যারিটি
গ চ্যারিটি অব মিশনারিজ ঘ চ্যারিটি অব মাদার তেরেসা **উত্তর: খ**

১২. বিংশ শতাব্দীর শ্রেষ্ঠ মানুষ- [পরিকল্পনা মন্ত্রণালয় ডাটা প্রসেসিং অপারেটর : ০২]
ক মার্টিন লুথার কিং খ মাদার তেরেসা
গ প্রিন্সেস ডায়ানা ঘ নেলসন ম্যান্ডেলা **উত্তর: খ**

১৩. শান্তির জন্য প্রথম কোন মহিলা নোবেল পুরস্কার পান? [সাব- রেজিস্ট্রার : ১২]
ক অং সান সুচি খ ইন্দিরা গান্ধী
গ মাদার তেরেসা ঘ শিরিন এবাদি **উত্তর: গ**
ব্যাখ্যা: উল্লিখিত প্রশ্নটি সর্বাংশে সঠিক নয়। উল্লিখিত নারীদের মধ্যে শান্তিতে নোবেলজয়ী প্রথম নারী মাদার তেরেসা। উল্লেখ্য, শান্তিতে নোবেলজয়ী প্রথম নারী বার্থাভন সুটনার।

১৪. মাদার তেরেসা শান্তিতে নোবেল পুরস্কার পান কোন সনে? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল এ্যাডজুটেন্ট : ০৫/ দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক : ০৩]
ক ১৯৭৮ সনে খ ১৯৭৯ সনে
গ ১৯৮০সনে ঘ ২০০০ সনে **উত্তর: খ**

১৫. পাকিস্তান নারী শিক্ষাব্রতী হিসেবে পরিচিত তালেবানদের গুলিতে আহত কিশোরী - [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১২-১৩]
ক মালালা এবাদি খ মালালা জারদারী
গ মালালা ইউসুফজাই ঘ মালালা আফসুন **উত্তর: গ**

১৬. মালালা ইউসুফজাই ২০১৩ সালে যে পুরস্কারের ভূষিত হয়েছেন তার নাম - [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ক Clinton citizens Award খ Clinton Global Award
গ Clinton Global Citizens Award ঘ Clinton world Citizen Award **উত্তর: গ**

১৭. মালালা ইউসুফজাই কোন শহর থেকে শিশু শান্তি পুরস্কার গ্রহণ করেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ক ওয়াশিংটন খ দ্য হেগ
গ লন্ডন ঘ নিউ ইয়র্ক **উত্তর: খ**

১৮. মালালা ইউসুফজাই বর্তমানে কোন দেশের নাগরিকত্ব পেয়েছেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট : গ্রুপ এ-১) : ১৭-১৮]
ক জার্মানি খ যুক্তরাজ্য
গ যুক্তরাষ্ট্র ঘ জাপান **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর হবে কানাডা।

১৯. **In regard to noble prize, which one of the following is not true?** নোবেল পুরস্কার সম্পর্কে নিচের কোনটি সঠিক নয়? [Bangladesh Bank Officer : 15]
ⓐ Malala Yusufzai is the sixtheenth woman noble prize winner
ⓑ Malala Yusufzai is a noble prize winner in peace
ⓒ Malala Yusufzai is a noble prize winner in education
ⓓ Malala Yusufzai is the youngest noble prize winner **Ans.** c

২০. নোবেল বিজয়ী বাঙ্গালী জ্ঞান সাধকের সংখ্যা কত? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বিবিএ) : ০৮-০৯]
ক ৫ খ ৪ গ ৩ ঘ ২ **উত্তর: গ**

২১. নোবেল পুরস্কারপ্রাপ্ত প্রথম বাঙালি কে? [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১৫/ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা : ১৪]
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ অমর্ত্য সেন
গ মুহম্মদ ইউনুস ঘ ফজলে হাসান আবেদ
ঙ কোনোটিই নয় **উত্তর: ক**

২২. সর্বশেষ বাঙালি নোবেল বিজয়ী হলেন- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ অমর্ত্য সেন
গ ফজলে হাসান আবেদ ঘ ড. মোহাম্মদ ইউনূস **উত্তর: ঘ**

২৩. জন্মসূত্রে বাঙালি যে অর্থনীতিবিদ নোবেল পুরস্কার পান তাঁর নাম- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (অর্থনীতি বিভাগ): ০৮-০৯ / ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ক ড. ইউনূস খ রহমান মোল্লা
গ সামসুল হক ঘ অমর্ত্য সেন **উত্তর: ঘ**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

২৪. **Amartya Sen was awarded the Noble Prize for his work on** -[Shahjalal Islami Bank Ltd. Trainee Officer: 13/ Sonali, Janata, Agrani Bank Ltd. Senior Officer: 08]

Or,

অমর্ত্য সেন কোন বিষয়ে গবেষণা করে নোবেল পুরস্কার পান?[২২তম বিসিএস/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বি ইউনিট - সেট-১) : ১৬-১৭/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১২]

ⓐ Food and nutrition (খাদ্য ও পুষ্টি)
ⓑ Micro-credit (ক্ষুদ্রঋণ)
ⓒ International trade (আন্তর্জাতিক বাণিজ্য)
ⓓ Famine and poverty (দুর্ভিক্ষ ও দারিদ্র)
ⓔ None of these

Ans. d

২৫. **Who is famous for his research works on poverty and famine?/ কে দারিদ্র্য এবং দুর্ভিক্ষের উপর গবেষণার জন্য বিখ্যাত?** [Shahjalal Islami Bank Ltd. Trainee Senior Officer: 10/ Bangladesh Bank Asst. Director : 04]

ⓐ Amartya Sen ⓑ J M Keynes
ⓒ Michel Lift ⓓ William Rosto
ⓔ Michel Patro

Ans. a

২৬. **'Poverty and Famines' গ্রন্থের রচয়িতা কে?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৩-১৪ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১০-১১/ পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ : ০১]

ⓚ অমর্ত্য সেন ⓚ গুনার মিরডাল
ⓖ মাইকেল লিফট ⓖ উইলিয়াম রাস্টো

উত্তর: ক

২৭. **'The Idea of justice' গ্রন্থের রচয়িতা কে?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট): ১১-১২]

ⓚ অমর্ত্য সেন ⓚ উইলিয়াম রসেটা
ⓖ মাইকেল লিফট ⓖ গুনার মিরডাল

উত্তর: ক

২৮. **অমর্ত্য সেনের মতে গণতান্ত্রিক দেশে যা থাকা কাম্য নয়।** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজবিজ্ঞান) : ০৫-০৬]

ⓚ স্বৈরাচার ⓚ সামরিক শাসন
ⓖ দুর্নীতি ⓖ দুর্ভিক্ষ

উত্তর: ঘ

২৯. **অধ্যাপক অমর্ত্য সেন অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন কত সালে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক : ০০]

ⓚ ১৯৯৫ সালে ⓚ ১৯৯৬ সালে
ⓖ ১৯৯৭ সালে ⓖ ১৯৯৮ সালে

উত্তর: ঘ

৩০. **অধ্যাপক অমর্ত্য সেন কোন অর্থনৈতিক তত্ত্বের অবদানের জন্য নোবেল পুরস্কার পেয়েছেন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৮-৯৯]

ⓚ সামাজিক চয়ন তত্ত্ব ⓚ বর্গা-চাষ তত্ত্ব
ⓖ কৌশল নির্ধারণ ⓖ সাধারণ তত্ত্ব

উত্তর: ক

৩১. **কোন ক্ষেত্রে অবদানের জন্য অমর্ত্য সেনকে নোবেল পুরস্কার দেয়া হয়েছে?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৬ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০১-০২]

ⓚ উন্নয়ন অর্থনীতি ⓚ কল্যাণ অর্থনীতি
ⓖ আন্তর্জাতিক বাণিজ্য তত্ত্ব ⓖ মজুরি তত্ত্ব

উত্তর: খ

৩২. **কোন জন নোবেল পুরস্কার পাননি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি-১ ও ডি-২ ইউনিট) : ১৫-১৬]

ⓚ ড. হরগোবিন্দ খোরানা ⓚ সি ভি রমন
ⓖ অমর্ত্য সেন ⓖ স্টিফেন হকিং

উত্তর: ঘ

শান্তিতে নোবেলজয়ী জাতিসংঘের অঙ্গসংগঠন

নোবেল পুরস্কারপ্রাপ্ত সংস্থা বা সংগঠন	সাল
জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশন (UNHCR)	১৯৫৪, ১৯৮১
জাতিসংঘ শিশু তহবিল (UNICEF)	১৯৬৫
আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO)	১৯৬৯
জাতিসংঘের শান্তিরক্ষী বাহিনী	১৯৮৮
জাতিসংঘ	২০০১
আন্তর্জাতিক আণবিক শক্তি এজেন্সি (IAEA)	২০০৫
আবহাওয়া পরিবর্তন সংক্রান্ত আন্তঃসরকার প্যানেল (IPCC)	২০০৭
রাসায়নিক অস্ত্র নিষিদ্ধকরণ সংস্থা (OPCW)	২০১৩

শান্তিতে নোবেলজয়ী অন্যান্য সংগঠন

আন্তর্জাতিক সংগঠন	সাল
অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল (মানবাধিকার সংস্থা)	১৯৭৭
ইউরোপীয় ইউনিয়ন	২০১২
পরমাণু নিরস্ত্রীকরণ প্রচারণা গ্রুপ (ICAN)	২০১৭

একাধিকবার নোবেলজয়ী সংগঠন ও ব্যক্তি

নোবেলজয়ীর নাম	পুরস্কার জয়ের বর্ষ (বিষয়)
আন্তর্জাতিক রেডক্রস কমিটি (ICRC)	১৯১৭, ১৯৪৪, ১৯৬৩ (শান্তি)
জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশন (UNHCR)	১৯৫৪, ১৯৮১ (শান্তি)
মেরী কুরি	১৯০৩ (পদার্থ), ১৯১১ (রসায়ন)
লিনাস পাউলিং	১৯৫৪ (রসায়ন), ১৯৬২ (শান্তি)
জন বার্ডিন	১৯৫৬ (পদার্থ), ১৯৭২ (পদার্থ)
ফ্রেডরিক স্যাঙ্গার	১৯৫৮ (রসায়ন), ১৯৮০ (রসায়ন)

MCQ Solution

১. **কোন সালে আন্তর্জাতিক শ্রম সংস্থা নোবেল পুরস্কার পেয়েছিল?** [পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ : ০১]

ⓚ ১৯২৬ সালে ⓚ ১৯৩৩ সালে
ⓖ ১৯৬৯ সালে ⓖ ১৯৮৯ সালে

উত্তর: গ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

২. **Which organization won the Nobel Prize for climate change related activites?/** [Probashi Kallyan Bank Ltd. Officer (Cash) : 14]

ⓐ UNDP ⓑ IPCC
ⓒ UNEP ⓓ UNESCO **Ans.** b

৩. **Which one of the following organizations is Nobel Peace Prize laureate?/ নিচের কোন সংস্থা নোবেল শান্তি পুরস্কারপ্রাপ্ত?** [Mercantile Bank Ltd. Trainee Officer : 13]

ⓐ Grameen Bank ⓑ ICRC
ⓒ ICDDR ⓓ Both (a), (b)
ⓔ None of these **Ans.** d

৪. **২০১২ সালে শান্তির জন্য নোবেল পুরস্কার পায়-** [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার: ১৩/ বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী:১৩]

ⓚ UNIDO ⓛ WHO
ⓜ EU ⓝ BRAC **উত্তর:** গ

৫. **২০১৩ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছে কোন সংস্থা?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট বিজোড়) : ১৩-১৪]

ⓚ আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল ⓛ বিশ্ব বুদ্ধিবৃত্তিক সম্পদ সংস্থা
ⓜ রাসায়নিক অস্ত্র নিষিদ্ধকরণ সংস্থা ⓝ জাতিসংঘ শিল্পোন্নয়ন সংস্থা **উত্তর:** গ

৬. **কোন বৈজ্ঞানিক সর্বপ্রথম দুইবার নোবেল পুরস্কার পান?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]

ⓚ স্যার আইজাক নিউটন ⓛ আলবার্ট আইনস্টাইন
ⓜ আলেকজান্ডার গ্রাহাম বেল ⓝ মেরি কুরি **উত্তর:** ঘ

৭. **দুবার নোবেল পুরস্কার কে পেয়েছিলেন?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৫/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০/ বঙ্গবন্ধু শেখমুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৩-১৪]

ⓚ উইলিয়াম রঞ্জেন ⓛ পিয়ারে কুরি
ⓜ মেরী কুরি ⓝ আব্দুস সালাম **উত্তর:** গ

৮. **নিচের কোন বিজ্ঞানী পদার্থ ও রসায়ন শাস্ত্রে মোট দুবার নোবেল পুরস্কার লাভ করেন?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৫]

ⓚ জন বার্ডেন ⓛ লিনাস পাউলিং
ⓜ ফ্রেডারিক স্যাঙ্গার ⓝ মাদাম কুরি **উত্তর:** ঘ

মরণোত্তর নোবেল বিজয়ী

নোবেল বিজয়ী	ক্ষেত্র	সাল	দেশ
এরিক এক্সেল কার্লফেল্ট	সাহিত্য	১৯৩১	সুইডেন
দ্যাগ হ্যামারশোল্ড	শান্তি	১৯৬১	সুইডেন
রালফ এম স্টেনম্যান	চিকিৎসা	২০১১	কানাডা

MCQ Solution

১. **সাহিত্যের মরণোত্তর একমাত্র নোবেল বিজয়ী-** [পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়ে সহকারী সচিব : ০৫]

ⓚ এরিক কে কার্লফেল্ট ⓛ পার্ল এস.বাক
ⓜ পাবলো নেরুদা ⓝ সল বেলে **উত্তর:** ক

নোবেল পুরস্কার প্রত্যাখ্যান

ক) স্বেচ্ছায় : এ পর্যন্ত দুইজন নোবেলজয়ী স্বেচ্ছায় নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করেন। যথা-

১	জ্যা পল সাত্রে	ফ্রান্স	সাহিত্য	১৯৬৪
২	লি ডাক থো	ভিয়েতনাম	শান্তি	১৯৭৩

খ) সরকারের চাপে

ক্রম	ব্যক্তি	দেশ	ক্ষেত্র	সাল
১	কার্ল ভন অসিসকাই	জার্মানি	শান্তি	১৯৩৫
২	রিচার্ড কুহান	জার্মানি	রসায়ন	১৯৩৮
৩	এডলফ বুটেনঅ্যান্ড	জার্মানি	রসায়ন	১৯৩৯
৪	জারহর্দ ডোমাগক	জার্মানি	চিকিৎসা	১৯৩৯
৫	বরিস পেরেসত্রোনক	রাশিয়া	সাহিত্য	১৯৫৮
৬	লিউ জিয়াবো	চীন	শান্তি	২০১০

জ্যাঁ পল সার্ত্রে (১৯০৫ - ১৯৮০ খ্রি.) একজন ফরাসি অস্তিত্ববাদী দার্শনিক, নাট্যকার, সাহিত্যিক এবং সমালোচক। ১৯৬৪ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করলেও কিন্তু তিনি এ পুরস্কার প্রত্যাখ্যান করেন। Jean-Paul Sartre হচ্ছেন আধুনিক অস্তিত্ববাদের প্রধান ভাষ্যকার। তাঁর দৃষ্টিতে মানুষের জন্ম এক ধরনের শূন্যতা এবং কাদামাটির মধ্যে। সে ইচ্ছা করলে তার মধ্যে নিষ্ক্রিয় ঔদাসীন্যে সবকিছু মেনে নিয়ে জীবন কাটিয়ে দিতে পারে। কিন্তু অপরদিকে সে ইচ্ছা করলে নিষ্ক্রিয়তার মধ্যে থেকে উঠে এসে নিজের অস্তিত্ব সম্পর্কে ক্রমেই সচেতন হয়ে উঠতে পারে। এর জন্য সে এক ধরনের আধ্যাত্মিক ও নৈতিক যন্ত্রণা ভোগ করতে পারে কিন্তু এক ধরনের শক্তিও সে নিজের মধ্যে অনুভব করবে এবং তার সাহায্যে সে 'কাদার মধ্যে থেকে নিজেকে তুলে এনে' নিজের অস্তিত্ব সম্পর্কে যথার্থ সচেতন হয়ে উঠবে।



MCQ Solution

১. **শান্তিতে নোবেল পুরস্কার প্রত্যাখ্যানকারী একমাত্র ব্যক্তি কে?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ভলণা) : ১৩]

ⓚ লি ডাক থো ⓛ মার্টিন লুথার কিং জুনিয়র
ⓜ স্যার স্যামুয়েলসন ⓝ হরগোবিন্দ খোরানা **উত্তর:** ক

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

২. **কোন দার্শনিক সাহিত্যে নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করেছিলেন-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৭-১৮/ বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬/ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল) : ১১-১২]

ক পার্ল এস বাক খ জ্যাঁ পল সার্ত্রে
গ সল বেলো ঘ উইনস্টন চার্চিল **উত্তর:** খ

৩. **জ্যাঁ পল সার্ত্র কোন দার্শনিক মতবাদের প্রবক্তা?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ-ইউনিট) : ১৪-১৫]

ক উপযোগবাদ খ অস্তিত্ববাদ
গ ভোগবাদ ঘ বাস্তবাদ **উত্তর:** খ

৪. **অস্তিত্ববাদ (Existentialism) কি?** [১৮তম বিসিএস/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮/ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের অধীনে প্রদর্শক : ০৪]

ⓐ একটি দার্শনিক মতবাদ ⓑ প্রাণিবিদ্যার একটি তত্ত্ব
ⓒ ভূ-বিদ্যার একটি তত্ত্ব ⓓ পদার্থবিদ্যার একটি তত্ত্ব **Ans.** a

৫. **A Russian author who refused Nobel Prize-** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক : ১০]

ⓐ Maxim Gorky ⓑ Ruskin
ⓒ Alexander Solzhenitsin ⓓ Boris Pasternak **Ans.** d

ফ্যাক্টস অব নোবেল প্রাইজ

- রাজনীতিবিদ কিন্তু সাহিত্যে নোবেল পেয়েছেন - ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টোন চার্চিল (১৯৫৩ খ্রি)
- দার্শনিক কিন্তু শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন - বার্ট্রান্ড রাসেল (১৯৫০ খ্রি.)
- বিজ্ঞানী কিন্তু শান্তিতে নোবেল পেয়েছেন - লিনাস পাউলিং (১৯৬২ খ্রি.)
- মনোবিজ্ঞানী কিন্তু অর্থনীতিতে নোবেল পেয়েছেন - ড্যানিয়েল ক্যানেম্যান (২০০২ খ্রি.)

MCQ Solution

১. **উল্লিখিত বিজ্ঞানীদের মধ্য যিনি নোবেল শান্তি পুরস্কার প্রাপ্ত -** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইকার অফিসার : ১৯]

ক লাইনাস পলিং খ আলবার্ট আইনস্টাইন
গ আব্দুস সালাম ঘ জর্জ পোর্টার **উত্তর:** ক

২. **মনোবিজ্ঞানী হয়েও অর্থনীতিতে নোবেল পুরস্কার পান কে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট): ১৭-১৮]

ক ড্যানিয়েল ক্যাহনম্যান (২০০২) খ অমর্ত্য সেন (১৯৯৮)
গ কোইচি তানাকা (২০০২) ঘ এলিনর অস্ট্রাম (২০০৯) **উত্তর:** ক

৩. **১৯৯২ সালে শান্তি নোবেল পুরস্কার বিজয়ী রিগোবার্তা থেনসু কোন দেশের নাগরিক?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার : ০৬]

ক গুয়েতেমালা খ প্যারাগুয়ে
গ উরুগুয়ে ঘ ভেনিজুয়েলা **উত্তর:** ক

৪. **Among the following who is/ was not a winner of Nobel prize in literature?/ নিম্নোক্ত ব্যক্তিবর্গের মধ্যে কে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেননি?** [Bangladesh Bank Asst Director: 13/ Bangladesh Bank Cash Officer : 11]

ⓐ T.S Eliot ⓑ George Bernard Shaw
ⓒ Pablo Neruda ⓓ Bertrand Russell
ⓔ Leo Tolstoy **Ans.** e

Explation: উল্লিখিত ব্যক্তিবর্গের মধ্যে সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন-
T.S Eliot (1948AD) George Bernard Shaw (1925)
Pablo Neruda (1971) Bertrand Russell (1950)

৫. **Who among the following won Nobel prize for literature?/ নিম্নোক্ত ব্যক্তিবর্গের মধ্যে কে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেছিল?** [Midland Bank Ltd. Management Trainee Officer : 15]

ⓐ Linus Pauling ⓑ Samuel Beckett
ⓒ Philip Noel Baker ⓓ Ralph Bunche **Ans.** b

ম্যাগসেসে পুরস্কার (Magsaysay award)



রামোন ম্যাগসেসে পুরস্কার ১৯৫৭ সালে প্রবর্তিত হয়। এই পুরস্কারটি প্রবর্তন করা হয় ফিলিপাইনের প্রয়াত প্রেসিডেন্ট রামোন ম্যাগসেসেকে স্মরণ করে। এ পুরস্কার এশিয়ার নোবেল পুরস্কার হিসেবে খ্যাত। প্রতিবছর ৬টি শ্রেণিতে এশিয়ার বিভিন্ন ব্যক্তি এবং সংগঠনকে এই পুরস্কার প্রদান করা হয়। যথা- ১) সাংবাদিকতা, সাহিত্য ও যোগাযোগে উদ্ভাবনী কলা ২) শান্তি ও আন্তর্জাতিক সমঝোতা ৩) সরকারি সেবা ৪) জনসেবা ৫) সামাজিক নেতৃত্ব এবং ৬) নতুন নেতৃত্ব।

ম্যাগসেসে পুরস্কারজয়ী বাংলাদেশী : এ পর্যন্ত ১০ জন বাংলাদেশী ম্যাগসেসে পুরস্কার পেয়েছেন।

- তাহরুন্নেছা আবদুল্লাহ সামাজিক নেতৃত্বে নারী উন্নয়নে অবদান রাখার জন্য প্রথম বাংলাদেশি হিসেবে ম্যাগসেসে পুরস্কার (১৯৭৮ খ্রি.) লাভ করেন।
- বাংলাদেশি নারী অধিকারকর্মী এঞ্জেলা গমেজ সামাজিক উন্নয়নে নেতৃত্বদানের জন্য ১৯৯৯ সালে র‍্যামোন ম্যাগসেসে পুরস্কার লাভ করেন।
- ২০১২ সালে বাংলাদেশ পরিবেশ আইনজীবী সংস্থা (বেলা) এর প্রধান নির্বাহী সৈয়দা রিজওয়ানা হাসান সামাজিক নেতৃত্বে অবদান রাখার জন্য সর্বশেষ বাংলাদেশী হিসেবে রামোন ম্যাগসেসে পুরস্কার লাভ করেন।

মিলেনিয়াম শান্তি পুরস্কার

বিশ্ব শান্তিতে নারীর অবদানের স্বীকৃতিস্বরূপ এ পুরস্কার দেওয়া হয়। ২০০১ সালে UNDP মিলেনিয়াম পিস প্রাইজ প্রবর্তন করে।

শাখারভ পুরস্কার

মানবাধিকার এবং মুক্ত চিন্তায় মৌলিক বিকাশে অবদানের জন্য ইউরোপীয় পার্লামেন্ট ১৯৮৮ সালে শাখারভ প্রাইজ ফর ফ্রীডম অব থট বা মুক্ত চিন্তায় 'শাখারভ পুরস্কার' প্রদান করে। রাশিয়ার বিশিষ্ট পরমাণু বিজ্ঞানী, ভিন্নমতাবলম্বী এবং হাইড্রোজেন বোমার জনক আন্দ্রে শাখারভের নামানুসারে এ পুরস্কারের নামকরণ করা হয়।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

MCQ Solution

১. **Ramon Magsaysay award is named after the former president of -/ কোন দেশের প্রাক্তন রাষ্ট্রপতির নামানুসারে রামোন ম্যাগসেসে পুরস্কারের নামকরণ করা হয়?** [Midland Bank Ltd. Trainee Assistant Officer : 15/ SIBL Probationary Officer: 11]

ⓐ Philippines ⓑ Thailand
ⓒ Indonesia ⓓ India

Ans. a

২. **ম্যাগসেসে পুরস্কারটি কোন দেশ থেকে দেয়া হয়?** [Bangladesh Rural Development Board Assistant Officer: 06/ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)- এর সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ০৬/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান) : ০৫-০৬]

ⓚ বাংলাদেশ ⓛ ভারত
ⓜ ফিলিপাইন ⓝ ইন্দোনেশিয়া
ⓞ মায়ানমার

উত্তর: গ

৩. **এশিয়ার নোবেল নামে খ্যাত-** [নার্সিং ও মিডওয়াইফ অধিদপ্তরের মিডওয়াইফ : ১৭]

Or,

Which prize is dignified as Asian noble prize? [খুলনা বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০৫-০৬]

ⓚ পদ্মভূষণ ⓛ ম্যাগসেসে
ⓜ আগাখান পুরস্কার ⓝ পুলিতজার

উত্তর: খ

৪. **'ম্যাগসেসে' পুরস্কার কোন বিষয়ের সাথে সম্পৃক্ত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (হিসাববিজ্ঞান) : ০৭-০৮]

ⓚ সাহিত্য ⓛ বিজ্ঞান
ⓜ মানবকল্যাণ ⓝ অর্থনীতি

উত্তর: ক

৫. **সামাজিক নেতৃত্বের জন্য ১৯৯৯ সালের ম্যাগসেসে পুরস্কার পেয়েছেন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৯-০০]

ⓚ ড. মুহাম্মদ ইউনুস ⓛ শেখ হাসিনা
ⓜ এঞ্জেলা গোমেজ ⓝ ফজলে হাসান আবেদ

উত্তর: গ

৬. **কে ম্যাগসেসে পুরস্কার বিজয়ী?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৩-১৪]

ⓚ এঞ্জেলা গমেজ ⓛ সুফিয়া কামাল
ⓜ বেগম রোকেয়া ⓝ অ্যাড. সুলতানাকামাল

উত্তর: ক

৭. **পরিবেশের উপর বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ 'ম্যাগসাসে' পুরস্কার-২০১২ প্রাপ্ত হন-** [দশম বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/ সমমর্যাদা) : ১৪]

ⓚ অধ্যাপক আব্দুল্লাহ আবু সাঈদ ⓛ ড. আইনুন নিশাত
ⓜ সৈয়দা রেজোয়ানা হাসান ⓝ ড. হাসান মাহমুদ

উত্তর: গ

৮. **বিশ্বশান্তিতে নারীর অবদানের স্বীকৃতিস্বরূপ ২০০১ সালে প্রবর্তিত পুরস্কারের নাম-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫]

ⓚ উইমেন পিস প্রাইজ ⓛ মিলেনিয়াম পিস প্রাইজ
ⓜ উইমেন ফর পিস ⓝ উইনিফেম পিস প্রাইজ

উত্তর: খ

৯. **কোন সংস্থা মানবাধিকার এবং গণতন্ত্রের সংগ্রামে অবদানের জন্য Sakharow Prize for Freedom of Thought পুরস্কার দিয়ে থাকে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]

ⓚ ইউরোপীয় পার্লামেন্ট ⓛ জাতিসংঘ মানবাধিকার কমিশন
ⓜ মার্কিন যুক্তরাষ্ট্র সরকার ⓝ কোনোটিই নয়

উত্তর: ক

মহাবিশ্ব
Universe

জ্যোতির্বিজ্ঞান (Astronomy)

জ্যোতির্বিজ্ঞান বিজ্ঞানের এমন একটি শাখা যাতে মহাবিশ্বে অবস্থিত সকল বিচ্ছিন্ন এবং অবিচ্ছিন্ন জ্যোতিষ্কসমূহের উৎপত্তি, বিবর্তন, গঠন, দূরত্ব এবং গতি নিয়ে আলোচনা করা হয়। অর্থাৎ জ্যোতির্বিজ্ঞান হলো মহাবিশ্বে ভ্রাম্যমাণ জ্যোতিষ্ক বিষয়ক বিজ্ঞান। জ্যোতিষ্কসমূহের ইংরেজি নাম Heavenly bodies বা Astronomical bodies বা স্বর্গীয় বস্তু। প্রাচীনকালে মানুষেরা আকাশকেই স্বর্গ মনে করতো, তাই আকাশে বিদ্যমান সববস্তুকে স্বর্গীয় বস্তু বলতো। জ্যোতির্বিজ্ঞান আর জ্যোতিষশাস্ত্র এক নয়। জ্যোতির্বিজ্ঞান বিশেষজ্ঞদের বলা হয় জ্যোতির্বিজ্ঞানী (Astronomer) আর জ্যোতিষশাস্ত্রবিশারদকে বলে জ্যোতিষী (Astrologer) বলে।



টলেমি (Ptolemy)

টলেমি ছিলেন একজন বিখ্যাত রোমান গণিতবিদ ও জ্যোতির্বিদ। ৯০ খ্রিস্টাব্দে মিশরের আলেকজান্দ্রিয়ায় জন্মগ্রহণ করেন। তাঁর বিখ্যাত গ্রন্থ 'Almagest'।

গালিলিও

গালিলিও (১৫৬৪ - ১৬২৪ খ্রি.) ছিলেন একজন ইতালীয় পদার্থবিদ, জ্যোর্তিবিদ এবং গণিতবিদ। অবীক্ষণ যন্ত্রের উন্নয়নের মাধ্যমে তিনি জ্যোতির্বিজ্ঞানের উন্নতিতে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে।




মেঘনাদ সাহা

মেঘনাদ সাহা (১৮৯৩- ১৯৫৬ খ্রি.) সংক্ষেপে এম. এন সাহা ছিলেন একজন বাঙালি জ্যোতির্পদার্থবিজ্ঞানী (Astrophysicist)। তিনি পদার্থবিজ্ঞানে থার্মাল আয়নাইজেশন (Thermal ionization) তত্ত্বের প্রতিষ্ঠাতা হিসাবে বিখ্যাত। তাঁর আবিষ্কৃত সাহা আয়োনাইজেসন সমীকরণ (Saha ionization equation) নক্ষত্রের ভৌত ও রাসায়নিক ধর্মাবলী ব্যাখ্যায় ব্যবহৃত হয়।

কামাল নজরুল ইসলাম

কামাল নজরুল ইসলাম বাংলাদেশের একজন বিশিষ্ট পদার্থবিজ্ঞানী, জ্যোতির্বিজ্ঞানী। তাঁর জন্ম ঝিনাইদহ শহরে। তিনি মহাবিশ্বের উদ্ভব ও গতি বিষয়ে মৌলিক গবেষণার জন্য খ্যাতি লাভ করেন। তাঁর বিখ্যাত বই 'The Ultimate Fate of the Universe' (১৯৮৩ খ্রি.) কেমব্রিজ বিশ্ববিদ্যালয় প্রেস থেকে প্রকাশিত হলে বিজ্ঞানী মহলে ব্যাপক সাড়া ফেলতে সক্ষম হয়।



www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

বিশ্বতত্ত্ব (Cosmology)

মহাবিশ্বের উৎপত্তি, বিবর্তন এবং চূড়ান্ত পরিণতি নিয়ে গবেষণাকে বিশ্বতত্ত্ব বা সৃষ্টিতত্ত্ব বলে। ধর্মীয় বিশ্বতত্ত্ব (Religious Cosmology) ধর্মীয় বিশ্বাস ও ঐতিহ্যের ওপর প্রতিষ্ঠিত। ভৌত বিশ্বতত্ত্ব (Physical Cosmology) জ্যোতি পদার্থবিজ্ঞানের একটি শাখা যা মহাবিশ্বের বৃহৎ পরিসর গঠন নিয়ে আলোচনা করে এবং এর সৃষ্টি বিবর্তন সংক্রান্ত মৌলিক প্রশ্নসমূহের সদুত্তর দেয়ার চেষ্টা করে।

ভৌত বিশ্বতত্ত্বে মহাবিস্ফোরণ তত্ত্ব মহাবিশ্বের উৎপত্তি সম্পর্কে প্রদত্ত একটি বৈজ্ঞানিক তত্ত্ব। পূর্বে মহাবিশ্বের সমস্ত বস্তু সংকুচিত অবস্থায় একটি বিন্দুর মত ছিল ঠিক যেন একটি অতি-পরমাণু। আজ থেকে ১৫ শত কোটি বৎসর পূর্বে এই অতি-পরমাণুর মধ্যে বিস্ফোরণ ঘটে, পুঞ্জ বস্তু চারিদিকে ছড়িয়ে ছিটিয়ে ছুটতে থাকে। এসব পুঞ্জ থেকেই তৈরি হয়েছে ছায়াপথ, গ্রহ, উপগ্রহ ইত্যাদি। আদি এই বিস্ফোরণকে বলা হয় 'বিগ ব্যাঙ' (Big Bang) বাংলায় একে বলা যেতে পারে "মহাবিস্ফোরণ" বা "বৃহৎ বিস্ফোরণ"। বেলজিয়ামের জ্যোতির্বিজ্ঞানী জি.লেমেটার (G.Lemaitre) 'বিগ ব্যাঙ' তত্ত্বের প্রবক্তা। হাবল মহাবিশ্ব সম্পর্কে বলেন মহাবিশ্ব প্রতিনিয়তই সম্প্রসারিত হচ্ছে। পদার্থবিজ্ঞানী স্টিফেন হকিং তাঁর বিখ্যাত "A Brief History of Time" গ্রন্থে মহাবিস্ফোরণ বা 'বিগ ব্যাঙ' তত্ত্বের ব্যাখ্যা উপস্থাপন করেন।

স্টিফেন হকিংস



জন্ম	:	৮ জানুয়ারি, ১৯৪২ (অক্সফোর্ড, যুক্তরাজ্য)।
মৃত্যু	:	১৪ মার্চ, ২০১৮ (ক্যামব্রিজ, যুক্তরাজ্য)।
কর্মক্ষেত্র	:	পদার্থবিদ, গণিতজ্ঞ।
প্রতিষ্ঠান	:	ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয় (১৯৭৯ - ২০০৯ খ্রি. লুকাসীয় অধ্যাপক, গণিত বিভাগ)।
পরিচিতি	:	A scientist on a wheelchair.
লেখালেখি	:	A brief History of time (1988) The Universe in a Nutshell (2001) The Grand Design (2010)
চলচ্চিত্র	:	The Theory of Everything.

MCQ Solution

১. ..... chart the movement of stars and planets. [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট): ১১-১২]
ⓐ Astronauts ⓑ Astronomers
ⓒ Wizards ⓓ Magicians **Ans.** b

২. One who studies heavenly bodies is called- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (পরিবেশ বিজ্ঞান বিভাগ) A4: ১৩-১৪]
ⓐ Astrologer ⓑ Astronomer
ⓒ Palmist ⓓ Vintner **Ans.** b

৩. 'টলেমি' কি ছিলেন? [১৮তম বিসিএস/ প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বিটা) : ১৪]
ⓚ চিকিৎসক ⓛ দার্শনিক
ⓜ জ্যোতির্বিদ ⓝ যাদুকর উত্তর: গ

৪. ইতালীয় জ্যোতির্বিদ গ্যালিলিও - [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ২- আরবি): ১৫-১৬]
ⓚ টেলিস্কোপের উন্নয়ন সাধন করেন
ⓛ বৃহস্পতি গ্রহের চারটি উপগ্রহ আবিষ্কার করেন
ⓜ দোলকের দোলনের সাথে সময় পরিমাপের সম্পৃক্ততা আবিষ্কার করেন
ⓝ উপরের সবকটি উত্তর: ঘ

৫. যে বাঙালি বিজ্ঞানী 'ফাদার অব মডার্ন অ্যাসট্রোফিজিকস' হিসেবে পরিচিত - [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ⓚ সত্যেন সাহা ⓛ জগদীশচন্দ্র বসু
ⓜ মেঘনাদ সাহা ⓝ এফ আর খান উত্তর: গ

৬. জামাল নজরুল ইসলাম কে? [৩৪তম বিসিএস]
ⓚ ফুটবল খেলোয়াড় ⓛ অর্থনীতিবিদ
ⓜ কবি ⓝ বৈজ্ঞানিক উত্তর: ঘ

৭. The Book titled '*The Ultimate Fate of the Universe*' is written by the scientist- [Shahjalal Islami Bank Ltd. Trainee Senior Officer: 13]
ⓐ Satyendra Nath Bose ⓑ Jamal Nazrul Islam
ⓒ Abdus Salam ⓓ C.V. Raman
ⓔ Meghnad Saha **Ans.** b

৮. Study of universe is known as - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১) : ১৬-১৭]
ⓐ Cosmology ⓑ Universology
ⓒ Pedology ⓓ Antrology **Ans.** a

৯. Cosmology deals with - [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
ⓐ Cell Formation ⓑ Cell
ⓒ Creation of the Universe ⓓ Origin and Growth of Plants **Ans.** c

১০. Big Bang Theory এর প্রবক্তা কোন বিজ্ঞানী? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]
ⓚ আলবার্ট আইনস্টাইন ⓛ নিউটন
ⓜ জর্জ লেমিটিয়ার ⓝ স্টিফেন হকিং উত্তর: গ

১১. Stephen Hawking was born in the year-[ইসলামী বিশ্ববিদ্যালয়(জি-ইউনিট;সেট-জবা):১৩-১৪]
ⓐ 1945 ⓑ 1942
ⓒ 1952 ⓓ 1950 **Ans.** b

১২. স্টিফেন হকিং কোন দেশের বিজ্ঞানী? [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০৫-০৬]
ⓚ ইংল্যান্ড ⓛ আমেরিকা
ⓜ চীন ⓝ কোরিয়া উত্তর: ক

১৩. স্টিফেন হকিন্স একজন - [৩৮তম বিসিএস/ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী লাইব্রেরিয়ান কাম ক্যাটালগার : ১৮]
ⓚ দার্শনিক ⓛ পদার্থবিদ
ⓜ রসায়নবিদ ⓝ কবি উত্তর: খ

১৪. In 1979, Stephen Hawking joined Cambridge University as Lucasian Professor of - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট : সেট-১) : ১৫-১৬]
ⓐ Physics ⓑ Mathematics
ⓒ Cosmology ⓓ Applied physics **Ans.** b

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

১৫. **'A brief History of time' গ্রন্থের লেখক কে?** [উপজেলা শিক্ষা অফিসার (মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী) ১৫/ ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট; সেট-চীন): ০৮-০৯/ প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার : ০৪]
ক গিবন খ স্টিফেন হকিং
গ গ্যালিলিও ঘ নিউটন **উত্তর: খ**

১৬. **'A Brief History of Time' গ্রন্থে বিগ ব্যাং বা মহাবিস্ফোরণ তত্ত্বটি ব্যাখ্যা দিয়েছেন** - [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ও ড্রাফটসম্যান : ১৮/ তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ) : ০৯]
ক জি. লেমেটর খ স্টিফেন হকিং
গ আগাস্টা বায়রন ঘ চার্লস ব্যাবেজ **উত্তর: খ**

১৭. **'The Universe in a Nutshell' গ্রন্থটির লেখক কে?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৫-১৬]
ক আইনস্টাইন খ টমাস মুর
গ স্টিফেন হকিং ঘ ব্রায়ান গ্রিন **উত্তর: গ**

১৮. **বিখ্যাত পদার্থবিদ স্টিফেন হকিং এর প্রকাশিত নতুন বইয়ের নাম কি?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১০-১১]
ক ইউটোপিয়া খ অল ফর লাভ
গ দ্য গ্রান্ড ডিজাইন ঘ দ্য ব্রিফ হিস্টরি অব টাইম **উত্তর: গ**

১৯. **'A scientist on a wheelchair' is related with-** [ইসলামী বিশ্ববিদ্যালয় (এ- ইউনিট) : ১৭-১৮]
ⓐ Stephen Hawking ⓑ Albert Einstein
ⓒ Copernicus ⓓ None **Ans. a**

২০. **The motion picture titled "Theory of Everything" is based on the life of-** [Bangladesh Bank Officer (General): 18]
ⓐ Albert Einstein ⓑ Isaas Newton
ⓒ Stephen Hawking ⓓ Steve Jobs **Ans. c**

২১. **বিজ্ঞানী হাবল মহাবিশ্ব সম্পর্কে বলেন-** [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল এন্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং) : ১৯]
ক মহাবিশ্ব ভেঙ্গে নতুন মহাবিশ্ব হচ্ছে
খ মহাবিশ্বের ছায়াপথগুলো ক্রমেই নিকটে আসছে
গ মহাবিশ্ব প্রতিনিয়তই সম্প্রসারিত হচ্ছে
ঘ মহাবিশ্ব স্থির আছে **উত্তর: গ**

জ্যোতিষ্কমণ্ডলী (Luminaries)

বিশ্বব্রহ্মাণ্ডের যাবতীয় বস্তুর শক্তি যে অঞ্চলে ভাসমান অবস্থায় বিন্যস্ত তার নাম মহাকাশ। মহাশূন্যে অবস্থিত বস্তুসমূহকে জ্যোতিষ্ক বলা হয়ে থাকে। জ্যোতিষ্ক ৭ প্রকার। যথা- নক্ষত্র, নীহারিকা, গ্রহ, উপগ্রহ, ছায়াপথ, ধূমকেতু এবং উল্কা।

নক্ষত্র (Stars)

রাত্রিবেলা মেঘমুক্ত আকাশের দিকে তাকালে অনেক আলোক বিন্দু মিটমিট করে জ্বলতে দেখা যায়, এদের নক্ষত্র বলে। নক্ষত্রগুলো প্রকৃতপক্ষে জলন্ত গ্যাসপিণ্ড এবং এদের নিজস্ব আলো ও উত্তাপ আছে। নক্ষত্রের আকার গোল, সর্পিল, রৈখিক আবার অবয়বহীন হতে পারে।

- আকাশে উজ্জ্বলতম নক্ষত্র লুব্ধক (Sirius)।
- পৃথিবীর নিকটতম নক্ষত্র সূর্য।
- সূর্যের নিকটতম নক্ষত্র প্রক্সিমা সেন্টারাই (Proxima Centauri)। এটি পৃথিবীর দ্বিতীয় নিকটতম নক্ষত্র। পৃথিবী থেকে এর দূরত্ব প্রায় ৪.২৪ আলোকবর্ষ।

নক্ষত্রের জন্ম

সূর্যের ভরের ১.৪ গুণ কম ভরের নক্ষত্র	সূর্যের ভরের ১.৪-৩ গুণ	সূর্যের ভরের ৩ গুণের বেশি ভরের নক্ষত্র
রক্তিম দৈত্য	রক্তিম দৈত্য	রক্তিম দৈত্য
নেবুলা	সুপারনোভা	সুপারনোভা
শ্বেত বামন	নিউট্রন ভরের নক্ষত্র	কৃষ্ণগহবর
কালো বামন	তারকা	

কৃষ্ণগহবর (Black hole) : কৃষ্ণগহবর কথাটির অর্থ হল কালো গহবর। কৃষ্ণগহবর তৈরি হয় খুবই বেশি পরিমাণ ঘনত্ব বিশিষ্ট ভর থেকে। এর মহাকর্ষ শক্তি খুব বেশি। ফলে কৃষ্ণগহবর হতে কোনো কিছু যেমন তাড়িৎচৌম্বক বিকিরণ (আলো) বের হতে পারে না।




দুটি ব্ল্যাকহোল মিলিত হলে যে অশান্ত ব্ল্যাকহোল তৈরি হয়, সেখান থেকে আসে বৃত্তায়িত মহাকর্ষ তরঙ্গ। ১৯১৫ সালে বিজ্ঞানী আইনস্টাইন তাঁর আপেক্ষিকতা তত্ত্বে এই মহাকর্ষীয় তরঙ্গের কথা উল্লেখ করেন। ২০১৫ সালের ১৪ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রের লাইগোর (LIGO - Laser Interferometer Gravitational-Wave Observatory) সনাক্তকারক যন্ত্রে একটা সংকেত আসে। এটি ছিল ১৩০ কোটি আলোকবর্ষ দূরের দুটি ব্ল্যাকহোলের মিলনের ফলে সৃষ্ট মহাকর্ষ তরঙ্গেরই সংকেত। মহাকার্ষীয় তরঙ্গ সনাক্তকারী গবেষক দলের অন্যতম সদস্য ছিলেন বাংলাদেশি বংশোদ্ভূত পাবনা জেলার সেলিম শাহরিয়ার এবং বরগুনার দীপঙ্কর তালুকদার। দীপঙ্কর তালুকদার ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের ছাত্র ছিলেন। সেলিম শাহরিয়ার এবং দীপঙ্কর তালুকদার যথাক্রমে যুক্তরাষ্ট্রের নর্থওয়েস্টার্ন বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের অরিগন বিশ্ববিদ্যালয়ে কর্মরত আছেন।

শ্বেতবামন (White dwarf) : শ্বেতবামন একটি মৃততারা। যে সব তারার ভর নিউট্রন তারা হওয়ার জন্য যথেষ্ট নয় তারাই শ্বেতবামন এ পরিণত হয়। ১৯২২ সালে ইংরেজি White dwarf নামটি চয়ন করেছিলেন ডেনীয়-মার্কিন জ্যোর্তিবিজ্ঞানী Willem Jacob Luyten।

নক্ষত্রমণ্ডলী (Constellation) : মেঘমুক্ত অন্ধকার রাতে আকাশের দিকে তাকালে মনে হয় কতকগুলো নক্ষত্র মিলে জোট বেঁধেছে। এরূপ নক্ষত্রদলকে নক্ষত্রমণ্ডলী বলে। প্রাচীনকালে

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

জ্যোতির্বিজ্ঞানীরা এক একটি নক্ষত্রদলকে কাল্পনিক রেখা দ্বারা যুক্ত করে বিভিন্ন আকৃতি কল্পনা করে এগুলোকে বিভিন্ন নাম দিয়েছেন। যেমন- সপ্তর্ষিমণ্ডল (Great Bear), কালপুরুষ (Orion) বা আদমসুরত, ক্যাসিওপিয়া (Cassiopeia), লঘুসপ্তর্ষি (Little Bear), বৃহৎ কুক্কুরমণ্ডল বা যুগল মণ্ডল (Canis Major), এরিডানাস (Eridanus) উল্লেখযোগ্য। উত্তর আকাশের কাছাকাছি যে সাতটি উজ্জ্বল নক্ষত্র দেখা যায়, তার নাম সপ্তর্ষিমণ্ডল। সাতজন ঋষির নাম অনুসারে এরা পরিচিত। জ্যামিতিক রেখা দিয়ে এদের যুক্ত করলে প্রশ্নবোধক (?) চিহ্নের মত দেখায়। কালপুরুষকে তীর ধনুক হাতে শিকারীর মতো দেখায়। কালপুরুষকে আদমসুরত বলা হয়।



সপ্তর্ষিমণ্ডল

ছায়াপথ (Milky Way)

মহাকাশে কোটি কোটি নক্ষত্র, ধূলিকণা এবং বিশাল বাষ্পকুণ্ড নিয়ে জ্যোতিষ্কমণ্ডলীর যে দল সৃষ্টি হয়েছে, তাকে গ্যালাক্সি বা নক্ষত্রজগৎ বলে। মহাকাশে অসংখ্য গ্যালাক্সি রয়েছে। একটি গ্যালাক্সির ক্ষুদ্র অংশকে ছায়াপথ (Milky Way) বলে। রাতের অন্ধকার আকাশে উত্তর-দক্ষিণে উজ্জ্বল দীপ্ত দীর্ঘপথের মত যে তারকারাশি দেখা যায় তাই ছায়াপথ। একটি ছায়াপথ লক্ষ কোটি নক্ষত্রের সমষ্টি। কোনো ছায়াপথ তার নিজ অক্ষকে কেন্দ্র করে একবার ঘুরে আসতে যে সময়ের প্রয়োজন হয়, তাকে কসমিক ইয়ার বলে। পৃথিবীর সবচেয়ে কাছের ছায়াপথের নাম অ্যান্ড্রোমিডা (Andromeda)। পৃথিবী থেকে এর দূরত্ব ২৫ লক্ষ আলোকবর্ষ।

গ্রহ (Planet)

মহাকর্ষ বলের প্রভাবে মহাকাশে কতকগুলো জ্যোতিষ্ক সূর্যের চারিদিকে নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট পথে পরিক্রমণ করে। এদের নিজেদের কোনো আলো বা তাপ নেই। এরা নক্ষত্র থেকে আলো এবং তাপ পায়। এরা তারার মত মিটমিট করে জ্বলে না। এ সব জ্যোতিষ্ককে গ্রহ বলে। যেমন- পৃথিবী, মঙ্গল, কেপলার-৪৫২বি প্রভৃতি।

উপগ্রহ (Satellite)

মহাকর্ষ বলের প্রভাবে যে জ্যোতিষ্ক বা বস্তু গ্রহকে ঘিরে আবর্তিত হয় তাদের উপগ্রহ বলে। এদের নিজস্ব আলো ও তাপ নেই। উপগ্রহ দুই ধরনের। যথা- প্রাকৃতিক উপগ্রহ এবং কৃত্রিম উপগ্রহ। প্রাকৃতিক কারণে সৃষ্ট উপগ্রহকে প্রাকৃতিক উপগ্রহ বলে। যেমন- চাঁদ পৃথিবীর একমাত্র প্রাকৃতিক উপগ্রহ। মহাশূন্য পাড়ি দেওয়ার জন্য মানব সৃষ্ট উপগ্রহকে কৃত্রিম উপগ্রহ বলে। 'স্যাটেলাইট' বলতে এখন কৃত্রিম উপগ্রহকেই বোঝায়। যেমন- স্পুটনিক-I, ভস্টক-১ ইত্যাদি।

ধূমকেতু (Comet)

মহাকাশে মাঝে মাঝে এক প্রকার জ্যোতিষ্কের আবির্ভাব ঘটে। এ সব জ্যোতিষ্ক কিছু দিনের জন্য উদয় হয়ে আবার অদৃশ্য হয়ে যায়। এ সব জ্যোতিষ্ককে ধূমকেতু বলা হয়। নক্ষত্রের চারপাশে দীর্ঘপথে এগুলো পরিভ্রমণ করে। সূর্যের নিকটবর্তী হলে প্রথমে অস্পষ্ট মেঘের আকারে দেখা যায়।

- জ্যোতির্বিজ্ঞানী এডমন্ড হ্যালি যে ধূমকেতু আবিষ্কার করেন তা হ্যালির ধূমকেতু নামে পরিচিত। হ্যালির ধূমকেতু প্রায় ৭৫ বা ৭৬ বছর পরপর দেখা যায়। ১৯৮৬ সালে হ্যালির ধূমকেতু সর্বশেষ দেখা গেছে। হ্যালির ধূমকেতু আবার দেখা যাবে (১৯৮৬ + ৭৬) = ২০৬২ সালে।

- একবিংশ শতাব্দীর প্রথম ধূমকেতু লাইনিয়ার।
- বিংশ শতাব্দীর সবচেয়ে উজ্জ্বল ধূমকেতু Ikeya-Seki। ধূমকেতুটি প্রথম দৃশ্যমান হয় ১৬ অক্টোবর, ১৯৬৫।
- জ্যোতির্বিজ্ঞানী এলান হেল ও টমাস বপ ১৯৯৫ সালে ২৩ জুলাই 'হেলবপ' ধূমকেতু আবিষ্কার করেন।

উল্কা (Meteor)

মহাশূন্যে অজস্র জড়পিণ্ড ভেসে বেড়ায়। এই জড়পিণ্ডগুলো মাধ্যাকর্ষণ বলের আকর্ষণে প্রচণ্ড গতিতে পৃথিবীর দিকে ছুটে আসে। বায়ুর সংস্পর্শে এসে বায়ুর সঙ্গে ঘর্ষণের ফলে এরা জ্বলে ওঠে। এগুলোকে উল্কা বলে। ধূমকেতুর সূর্যের কাছাকাছি এসে পড়লে এর প্রচণ্ড উত্তাপ এবং সৌরঝড়ের কারণে সম্মুখভাগ ও অন্তঃস্থল গলে গিয়ে পেছনের দিকে ধূমকেতুর লেজ-এ ছড়িয়ে পড়ে। এই 'লেজ'-এর মধ্যে থাকে অসংখ্য পাথরের টুকরো, ধূলিকণা ও গ্যাস। কোনো ধূমকেতুর অংশবিশেষ কক্ষপথ হতে বিচ্যুত হয়ে পৃথিবীর বায়ুমণ্ডলে প্রবেশ করে ঘর্ষণে জ্বলে ওঠলে তাকে উল্কা বৃষ্টি বলে। ১৬-২২ জুলাই, ১৯৯৪ ধূমকেতু শুমেকার লেভী- ৯ কক্ষপথ থেকে বিচ্যুত হয়ে বৃহস্পতির কক্ষপথে চলে আসে এবং ২১টি খণ্ডে বিভক্ত হয়ে বৃহস্পতি গ্রহে আঘাত হানে।

MCQ Solution

১. **জ্যোতিষ্ক কত প্রকার -** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯৮]
ক ৫ প্রকার খ ৩ প্রকার
গ ৭ প্রকার ঘ ৪ প্রকার
উত্তর: গ

২. **সূর্য, চাঁদ ও তারা এগুলোকে একত্রে কি বলে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক নক্ষত্র খ গ্রহ
গ জ্যোতিষ্ক ঘ নীহারিকা
উত্তর: গ

৩. **আকাশে উজ্জ্বলতম নক্ষত্র কোনটি?** [১৮তম বিসিএস/ প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ভলগা) : ১৩ /প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ড্যাফোডিল) : ১২ /প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২]
ক ধ্রুবতারা খ প্রক্সিমা সেন্টারাই
গ লুব্ধক ঘ পুলহ
উত্তর: গ

৪. **প্রক্সিমা সেন্টারাই হল একটি-** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৪]
ক উপগ্রহ খ নক্ষত্র
গ গ্রহ ঘ ধূমকেতু
উত্তর: খ

৫. **সূর্যের নিকটতম নক্ষত্র কোনটি ?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৪/কর্মসংস্থান ব্যাংক এসিস্টেন্ট অফিসার : ০১]
ক লুব্ধক খ বার্নাড স স্টার
গ আলফা সেন্টরাই ঘ প্রক্সিমা সেন্টেরাই
উত্তর: ঘ

৬. **সূর্য ছাড়া পৃথিবীর নিকটতম নক্ষত্র কোনটি?** [কর্মসংস্থান ব্যাংক এসিস্টেন্ট অফিসার : ০১]
ক বলকাম খ সেটাম
গ নেবুলা ঘ প্রক্সিমা সেন্টেরাই
উত্তর: ঘ

৭. **পৃথিবী থেকে প্রক্সিমা সেন্টারাই এর দূরত্ব কত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট) : ১৭-১৮]
ক ৩.২ আলোক বর্ষ খ ৪.২ আলোক বর্ষ
গ ৪.৮ আলোক বর্ষ ঘ ৫.২ আলোক বর্ষ
উত্তর: খ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৮. **মহাকর্ষীয় তরঙ্গ আবিষ্কারক দীপংকর তালুকদারের নিজ জেলা কোনটি?** [১৩তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন : ১৬]
ক বরিশাল খ বরগুনা
গ ঝালকাঠি ঘ পটুয়াখালী **উত্তর: খ**

৯. **তারাদের জীবন প্রবাহের তৃতীয় অবস্থা কোনটি?** [পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ০৪]
ক হোয়াইট ডোয়ার্ফ খ ব্লাকহোল
গ রেড জায়েন্ট ঘ নাথিংনেস **উত্তর: ক**

১০. **সপ্তর্ষিমণ্ডল আকাশে কিসের মত দেখায়?** [স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে স্বাস্থ্য সহকারী : ০৪]
ক এস আকৃতির খ যতি আকৃতির
গ জিজ্ঞাসা চিহ্নের মত **উত্তর: গ**

১১. **আদমসুরত বলা হয়-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্ণফুলী) : ১২]
ক কালপুরুষকে খ সপ্তর্ষিমণ্ডলকে
গ ক্যাসিওপিয়াকে ঘ সুরনদীকে **উত্তর: ক**

১২. **Milky way একটি-** [আনসার ও ভিডিপি অধিদপ্তরে সার্কেল এ্যাডজুটেন্ট : ০৫/ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী ড্রিলিং প্রকৌশলী : ৯৮]
ক তারা খ নীহারিকা মণ্ডল
গ সৌরজগৎ ঘ সুপারনোভা **উত্তর: খ**

১৩. **'Nebula' এর বাংলা পারিভাষিক শব্দ-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (A5) : ১০-১১]
ক নক্ষত্র খ নীহারিকা
গ গ্রহ ঘ তারকা **উত্তর: খ**

১৪. **ছায়াপথ তার নিজ অক্ষকে কেন্দ্র করে ঘুরে আসতে যে সময় লাগে তাকে কি বলে?** [২৮তম বিসিএস]
ক সৌর বছর খ কসমিক ইয়ার
গ আলোক বর্ষ ঘ পলিসার **উত্তর: খ**

১৫. **'কসমিক ইয়ার' বলতে কি বুঝায়?** [বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট অব সার্ভে : ০৫]
ক সূর্যের নিজ অক্ষে আবর্তনকাল
খ পৃথিবীর নিজ অক্ষে আবর্তনকাল
গ নক্ষত্রের নিজ অক্ষে আবর্তনকাল
ঘ ছায়াপথের নিজ অক্ষে আবর্তনকাল **উত্তর: ঘ**

১৬. **পৃথিবী মহাকাশে একটি-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (লোকপ্রশাসন বিভাগ) : ০২-০৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯২]
ক জ্যোতিষ্ক খ নীহারিকা
গ নক্ষত্র ঘ উপগ্রহ **উত্তর: ক**

১৭. **'কেপলার-৪৫২বি' কি?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI) এর সহকারী পরিচালক : ১৫]
ক পৃথিবীর মত একটি গ্রহ খ NASA -এর অত্যাধুনিক টেলিস্কোপ
গ সূর্যের মত একটি নক্ষত্র ঘ একটি মহাকাশ যান **উত্তর: ক**

১৮. **হ্যালির ধূমকেতু কত বছর পর পর দেখা যায়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা) : ১২/মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬/ সহকারী থানা শিক্ষা অফিসার : ০৪]
ক ৫৫ বছর খ ৬৫ বছর
গ ৭৫ বছর ঘ ৮৫ বছর **উত্তর: গ**

১৯. **কত বছর পর পর হ্যালির ধূমকেতু দেখা যায়?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (গোলাপ) : ১১ /প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (শাপলা) : ০৯/ প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার : ০৪]
ক ৭০ বছর খ ৬৫ বছর
গ ৭৬ বছর ঘ ৮০ বছর **উত্তর: গ**

২০. **হ্যালির ধূমকেতু আবার দেখা যাবে** [খাদ্য অধিদপ্তরের অধীন খাদ্য পরিদর্শক : ০০]
ক ২০৪২ খ্রি: খ ২০৭২ খ্রি:
গ ২০৫২ খ্রি: ঘ ২০৬২ খ্রি: **উত্তর: ঘ**

২১. **'হ্যালির ধূমকেতু' সর্বশেষ কোন বছর দেখা যায়?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪/ টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ০৪]
ক ১৯৫৬ খ ১৯৬৬
গ ১৯৭৬ ঘ ১৯৮৬ **উত্তর: ঘ**

২২. **একবিংশ শতাব্দীর প্রথম ধূমকেতুর নাম কি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৫]
ক হ্যালি খ লারা
গ উল্কা ঘ লাইনিয়ার **উত্তর: ঘ**

২৩. **'হেল-বপ' ধূমকেতু আবিষ্কৃত হয়-** [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ৯৭]
ক ১৯৯৩ সালে খ ১৯৯৭ সালে
গ ১৯৯৫ সালে ঘ ১৯৯৪ সালে **উত্তর: গ**

২৪. **উল্কা বৃষ্টি কি?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৯]
ক মহাকাশ থেকে আসা এক ঝাঁক উজ্জ্বল বস্তু
খ খসে পড়া তারা
গ কোন ধূমকেতুর অংশবিশেষ কক্ষপথ হইতে বিচ্যুত বস্তু কণা যা পৃথিবীর বায়ুমণ্ডলে প্রবেশ করে ঘর্ষণে জ্বলে ওঠে
ঘ কোন গ্রহের ভগ্নাবশেষ যা পৃথিবীর বায়ুমণ্ডলে প্রবেশের ফলে ঘর্ষণে জ্বলে উঠে **উত্তর: গ**

মহাজাগতিক রশ্মি (Cosmic ray)

মহাশূন্য থেকে পৃথিবীর বায়ুমণ্ডলে উচ্চশক্তিসম্পন্ন যে আহিত কণাসমূহ প্রবেশ করে, তাদের সমষ্টিকে মহাজাগতিক রশ্মি বলে। বিজ্ঞানী ভিক্টর ফ্রান্সিস হেস মহাজাগতিক রশ্মি আবিষ্কারের জন্য ১৯৩৬ সালে পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পান।


MCQ Solution

১. **মহাশূন্য থেকে আগত রশ্মি বা কণাকে কি বলে?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৩]
ক আলফা রে খ বিটা রে
গ গামা রে ঘ কসমিক রে **উত্তর: ঘ**

২. **মহাজাগতিক রশ্মি আবিষ্কার করে কোন বিজ্ঞানী নোবেল পুরস্কার পান?** [২০তম বিসিএস/ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব : ১৭]
ক হেস খ গোল্ডস্টাইন
গ রাদারফোর্ড ঘ আইনস্টাইন **উত্তর: ক**


www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

সৌরজগৎ (Solar System)



নিকোলাস কোপার্নিকাস

সৌরজগৎ বলতে সূর্য ও মহাজাগতিক জ্যোতিষ্কবিষয়ক বস্তুসমূহকে বুঝায়। সূর্য এবং তার গ্রহ, উপগ্রহ, গ্রহাণুপুঞ্জ, অসংখ্য ধূমকেতু ও অগণিত উল্কা নিয়ে সৌরজগৎ বা সৌরপরিবার গঠিত হয়েছে। খ্রিস্টপূর্ব তৃতীয় অব্দে জ্যোতির্বিদ অ্যারিস্টর্কাস (Aristarchus) প্রথম প্রস্তাব করেন, পৃথিবী সূর্যের চারদিকে পরিভ্রমণ করিতেছে কিন্তু অ্যারিস্টর্কাস এর কথা মানুষ বিশ্বাস করেনি। সূর্য সৌরজগতের কেন্দ্রে অবস্থিত এবং পৃথিবী সূর্যের চতুর্দিকে পরিভ্রমণ করিতেছে' ষোড়শ শতাব্দীতে নিকোলাস কোপার্নিকাস (Nicolaus Copernicus) গাণিতিক মডেলসহ এ তত্ত্ব উপস্থাপন করেন যা Heliocentrism নামে পরিচিত। কোপার্নিকাসকে আধুনিক জ্যোতির্বিজ্ঞানের স্থপতি (founder of modern astronomy) বলা হয়। কোপর্নিকাস তাঁর মতবাদটি প্রমাণ করে যেতে পারেন নি। কোপার্নিকাসের মৃত্যুর পর তাঁর মতবাদটি প্রথম প্রমাণ করেন গ্যালিলিও।



সৌরজগৎ

সূর্য (Sun)

সূর্যের ব্যাস ১৩ লক্ষ ৮৪ হাজার কিমি. এবং ভর প্রায় ১.৯৯ $\times 10^{৩০}$ কেজি। আয়তনে সূর্য পৃথিবীর চেয়ে ১৩ লক্ষ বা ১.৩ মিলিয়ন গুণ এবং চাঁদের চেয়ে ২ কোটি ৬০ লক্ষ গুণ বড়। সূর্য প্রচণ্ড রকম উত্তপ্ত একটি নক্ষত্র। এর কেন্দ্রভাগের উত্তাপ প্রায় ১৫০,০০০,০০° সে.[] এবং পৃষ্ঠভাগের তাপমাত্রা প্রায় ৬,০০০° সে.। সূর্যের নিজ অক্ষের উপর এক বার আবর্তন করতে ২৫

সূর্যের গঠন উপাদান

উপাদান	শতকরা সংযুক্তির অনুপাত	
	আয়তন	ভর
হাইড্রোজেন	৯১.২%	৭৩.৪৬%
হিলিয়াম	৮.৭%	২৪.৮৫%
অন্যান্য	০.১%	১.৬৯%

দিন সময় লাগে। একে সূর্যের আবর্তনকাল বলে। সূর্যপৃষ্ঠের যে সব স্থানের তাপমাত্রা এর পার্শ্ববর্তী স্থান অপেক্ষা কম, পৃথিবী থেকে সে স্থানগুলো কালো দেখায়, তাদের সৌরকলঙ্ক বলে। সৌরকলঙ্ক গুলোকে সর্বপ্রথম গ্যালিলিও আবিষ্কার করেন। সৌর ঝলক হল সূর্য থেকে উৎক্ষিপ্ত চার্জযুক্ত হাইড্রোজেন ও হিলিয়াম। সূর্য সাধারণত প্রতি ১১ বছরে একবার কয়েক টন পরিমাণ চার্জযুক্ত হাইড্রোজেন ও হিলিয়াম আলোর ঝলকানিসহ মহাশূন্যে ছুঁড়ে দেয়। সৌর ঝলকের কারণে পৃথিবীতে বেশকিছু সমস্যা বিশেষ করে চৌম্বক ক্ষেত্রে অস্থিরতা দেখা দেয়। ফলশ্রুতিতে টেলিফোন সংযোগ এবং ইলেকট্রনিক ট্রান্সমিশনে সাময়িক বিঘ্ন ঘটতে পারে।

সৌরজগতের গ্রহ

সূর্যের ৮টি গ্রহ আছে। সূর্য হতে দূরত্ব অনুযায়ী গ্রহগুলো যেভাবে সাজানো রয়েছে সেগুলো নিচে বর্ণনা করা হল। যথা- বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল, বৃহস্পতি, শনি, ইউরেনাস এবং নেপচুন। ২০০৬ সালের ২৪ আগস্ট প্লুটো গ্রহের মর্যাদা হারায়। প্লুটোকে বর্তমানে 'বামন গ্রহ' (dwarf planet) এর মর্যাদা দেওয়া হয়। বর্তমানে সৌরজগতের পাঁচটি বামন গ্রহ আছে। যথা- সেরেস, প্লুটো, হাউমিয়া, মেকমেক এবং এরিস। পৃথিবী ছাড়া সৌরজগতের অন্যান্য সকল গ্রহ এবং উপগ্রহের নাম গ্রিক যা রোমান দেবতার নাম হতে নেওয়া হয়েছে।

গ্রহের নাম	নামের উৎস
বুধ (Mercury)	রোমান বাণিজ্য দেবতার নাম
শুক্র (Venus)	রোমান ভালবাসা এবং সৌন্দর্যের দেবীর নাম
মঙ্গল (Mars)	রোমান যুদ্ধদেবতার নাম
বৃহস্পতি (Jupiter)	রোমান দেবতাদের রাজার নাম
শনি (Saturn)	রোমান কৃষি দেবতার নাম
ইউরেনাস (Uranus)	গ্রিক স্বর্গের দেবতার নাম
নেপচুন (Neptune)	রোমান সমুদ্র দেবতার নাম

বুধ : বুধ সৌরজগতের ক্ষুদ্রতম এবং দ্রুততম গ্রহ। এটি সবচেয়ে কম সময়ে সূর্যকে প্রদক্ষিণ করে। সূর্যকে একবার প্রদক্ষিণ করে আসতে বুধের সময় লাগে ৮৮ দিন।

শুক্র : সৌরজগতের উষ্ণতম গ্রহ শুক্র। শুক্রগ্রহে কার্বন-ডাই অক্সাইডের ঘন বায়ুমণ্ডল থাকায় তা তাপ ধরে রাখে। পক্ষান্তরে বুধ গ্রহে কোনো বায়ুমণ্ডল নেই। এজন্য বুধ অপেক্ষা সূর্য হতে দূরবর্তী হওয়া সত্ত্বেও শুক্র গ্রহের তাপমাত্রা অধিক। শুকতারা ও সন্ধ্যাতারার কথা আমরা শুনেছি। শুকতারা বা সন্ধ্যাতারা আসলে কোনো তারা নয়। শুক্রগ্রহ ভোরের আকাশে শুকতারা এবং সন্ধ্যার আকাশে সন্ধ্যা তারা নামে পরিচিত। নক্ষত্রের মত জ্বলজ্বল করে বলেই আমরা একে ভুল করে তারা বলি। পৃথিবীর নিকটতম গ্রহ শুক্র। একে পৃথিবীর 'জমজ গ্রহ'ও বলা হয়।

পৃথিবী : পৃথিবী একটি অভিগত গোলক। অভিগত গোলক অর্থ উত্তর দক্ষিণে সামান্য চাপা এবং পূর্ব-পশ্চিমে সামান্য স্ফীত। আহ্নিক

পৃথিবীর .....

ব্যাসার্ধ	গড়	৬৩৭১ কিমি. বা ৩৯৫৮ মাইল
	বিষুবীয়	৬,৩৭৮ কিমি. বা ৩৯৬৩ মাইল
	মেরু অঞ্চলীয়	৬,৩৫৬ কিমি. বা ৩৯৫০ মাইল
পরিধি		৪০,০৭৫ কি.মি. বা ২৪৯০২ মাইল
ভর		৫.৯৭২৩৭ $\times 10^{২৪}$ কেজি
আপেক্ষিক গুরুত্ব		৫.৫

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

গতির জন্য পৃথিবীর আকৃতি এরূপ হয়েছে। পৃথিবীর নিকটতম নক্ষত্র সূর্য। সূর্যের চারিদিকে একবার ঘুরে আসতে পৃথিবীর সময় লাগে ৩৬৫ দিন ৫ ঘণ্টা ৪৮ মিনিট ৪৭ সেকেন্ড। পৃথিবী থেকে সূর্যের দূরত্ব ৯৩ মিলিয়ন মাইল বা ১৫ কোটি কি.মি.। সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে ৮.৩২ মিনিট বা ৮ মিনিট ১৯ সেকেন্ড বা ৫০০ সে.।

মঙ্গল : মঙ্গল গ্রহের মাটিতে প্রচুর পরিমাণে লাল আয়রন অক্সাইড (যাকে 'মরিচা' বলা হয়) বিদ্যমান। পৃথিবী থেকে এই গ্রহটি দেখতে লালচে দেখায়। এজন্য মঙ্গলকে অনেক সময় 'লাল গ্রহ' বলেও অভিহিত করা হয়। গ্রহের বায়ুমণ্ডলের প্রধান উপাদান কার্বন ডাই অক্সাইড (৯৫.৯৭%)। গ্রহটি সূর্যকে ৬৮৭ দিনে আবর্তন করে।

বৃহস্পতি : সৌরজগতের বৃহত্তম গ্রহ। সবচেয়ে বড় গ্রহ বলে একে 'গ্রহরাজ' বলা হয়। আয়তনে বৃহস্পতি পৃথিবীর চেয়ে ১,৩০০ গুণ বড়।

শনি : সৌরজগতের দ্বিতীয় বৃহত্তম গ্রহ। এটি গ্যাসের তৈরী বিশাল এক গোলক। শনিকে ঘিরে আছে হাজার হাজার বলয়।

ইউরেনাস : ইউরেনাস সৌরজগতের তৃতীয় বৃহত্তম গ্রহ। একে 'সবুজ গ্রহ'ও বলা হয়।

নেপচুন : সৌরজগতের গ্রহসমূহের মধ্যে সূর্যকে প্রদিক্ষণ করতে নেপচুনের সবচেয়ে বেশি সময় লাগে।

সৌরজগতের উপগ্রহ

গ্রহ	উপগ্রহের সংখ্যা	নাম
বুধ	নেই	
শুক্র		
পৃথিবী	১	চাঁদ
মঙ্গল	২	ফোবোস এবং ডিমোস।
বৃহস্পতি	৭৯	লো, ইউরোপা, গ্যানিমেড, ক্যালিস্টো প্রভৃতি।
শনি	৬২	টাইটান, হুয়া, ডাইওন, ক্যাপিটাস, টেথিস প্রভৃতি।
ইউরেনাস	২৭	মিরিন্ডা, এরিয়েল, আম্ব্রিয়েল, টাইটানিয়া, ওবেরন প্রভৃতি।
নেপচুন	১৪	ট্রাইটন, নেরাইড প্রভৃতি।
বামন গ্রহ	৯	
মোট	১৯৪	

সৌরজগতের সবচেয়ে বড় উপগ্রহ বৃহস্পতির গ্যানিমেড। উপগ্রহগুলোর আকারের ক্রম : গ্যানিমেড > টাইটান > ক্যালিস্টা > লো > চাঁদ > .....

চাঁদ

পৃথিবী হতে চাঁদের দূরত্ব গড়ে ২,৩৮,৪৩৭ মাইল বা ৩,৮১,৫০০ কিমি.। আলোর গতিতে চললে পৃথিবী থেকে চাঁদে পৌছাতে প্রায় ১.৩ সেকেন্ড সময় লাগবে। আয়তন এবং ব্যাসে পৃথিবী চাঁদের চেয়ে যথাক্রমে ৫০ গুণ এবং ৪ গুণ বড়। পৃথিবীর চারদিকে চাঁদের একবার ঘুরে আসতে সময় লাগে ২৭ দিন ৮ ঘণ্টা। শান্ত সাগর চাঁদে অবস্থিত।

www.boimate.com

MCQ Solution

১. **সূর্যকে কেন্দ্র করে ঘূর্ণায়মান জ্যোতিষ্কমণ্ডলীকে বলা হয়-**[রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক(শিউলী): ১১]
ক নক্ষত্র খ পৃথিবী
গ সৌরজগৎ ঘ বুধ
উত্তর: গ

২. **সূর্য সৌরজগতের কেন্দ্রে অবস্থিত এবং পৃথিবী সূর্যের চতুর্দিকে পরিভ্রমণ করিতেছে- এই তত্ত্ব দিয়েছিলেন কে?** [জাতীয় সংসদ সচিবালয়ের অধীন সহকারী সচিব : ৯৬]
ক গ্যালিলিও খ কেপলার
গ কোপার্নিকাস ঘ টাইকো ব্রাহে
উত্তর : গ

৩. **সর্বপ্রথম সৌরজগৎ কে আবিষ্কার করেন?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৫]
ক মাইকেল কলিন্স খ জন ক্যাবট
গ নীল আর্মস্ট্রং ঘ এরিস্টটল
উত্তর:
ব্যাখ্যা : সঠিক উত্তর নেই। নিকোলাস কোপার্নিকাস সৌরজগৎ আবিষ্কার করেন।

৪. **পৃথিবী সূর্যের চারদিকে ঘোরে -এ মতবাদ প্রথম প্রমাণ করেন-** [বাখরাবাদ গ্যাস সিস্টেম লিমিটেডের সহকারী কর্মকর্তা : ০৬]
ক গ্যালিলিও খ হ্যানিম্যান
গ কোপার্নিকাস ঘ লুইপাস্তুর
উত্তর: ক

৫. **কোনটি সৌরজগতের বস্তু নয়?** [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক : ১৭]
ক পৃথিবী খ ধূমকেতু
গ গ্যালাক্সি ঘ চাঁদ
উত্তর: গ

৬. **The Sun is a -** [Rupali Bank Ltd. (Senior officer): 13]
ⓐ Star ⓑ Planet
ⓒ Asteroid ⓓ None of the above
Ans. a

৭. **সূর্যের আয়তন পৃথিবী অপেক্ষা বড়-** [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১]
ক ১৩ মিলিয়ন গুণ খ ১০ মিলিয়ন গুণ
গ ১.৩ মিলিয়ন গুণ ঘ ১.০ মিলিয়ন গুণ
উত্তর: গ

৮. **সূর্য চন্দ্র অপেক্ষা কত গুণ বড়?** [মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরে প্রদর্শক : ০৪]
ক ২ কোটি ৩০ লক্ষ গুণ খ ২ কোটি ৪০ লক্ষ গুণ
গ ২ কোটি ৫০ লক্ষ গুণ ঘ ২ কোটি ৬০ লক্ষ গুণ
উত্তর: ঘ

৯. **সূর্যপৃষ্ঠের উত্তাপ কত?** [শ্রম অধিদপ্তরে রেজিস্ট্রার : ০০]
ক ৬০০০° সে. খ ১০০০০° সে.
গ ১২০০০° সে. ঘ ৮০০০° সে.
উত্তর: ক

১০. **সূর্যের নিজ অক্ষের উপর একবার আবর্তন করতে সময় লাগে-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ইছামতি) : ১০]
ক ২৫ ঘণ্টা খ ২৮ ঘণ্টা
গ ২৫ বছর ঘ ২৫ দিন
উত্তর: ঘ

১১. **সূর্যের মধ্য কোন মৌলিক গ্যাস বেশি রয়েছে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরে ইনস্ট্রাক্টর (নন-টেক) : ০৫]
ক নাইট্রোজেন খ হাইড্রোজেন
গ ইথাইল ঘ হিলিয়াম
উত্তর: খ

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

১২. সূর্যের কয়টি গ্রহ আছে? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ০৯]
ক ৮ খ ৯
গ ১০ ঘ ১১ উত্তর: ক

১৩. Which of the following is not the name of the Greek God?/ নিচের কোনটি গ্রিক দেবতার নাম নয়? [Eastern Bank Ltd. Officer : 05]
ⓐ Venus ⓑ Jupiter
ⓒ Neptune ⓓ Pluto
ⓔ Earth Ans. e

১৪. গ্রহটির নামকরণ রোমান যুদ্ধদেবতার নামে হয়েছে- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]
ক মার্স খ স্যাটার্ন
গ জুপিটার ঘ এপোলো উত্তর: ক

১৫. কোনটি অপর তিনটি থেকে আলাদা? [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ৯৫]
ক ধ্রুবতারা খ বুধ
গ শনি ঘ প্লুটো উত্তর: ক

১৬. Which of these is not a planet in the Solar system?/ কোনটি সৌরজগতের গ্রহ নয়? [Bangladesh Krishi Bank Ltd. Assistant Officer : 07]
ⓐ Mars ⓑ Neptune ⓒ Venus
ⓓ Pluto ⓔ None these Ans. d

১৭. নিম্নের কোনটি সৌর জগতের গ্রহ নয়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট) : ১৫-১৬]
ক পৃথিবী খ চাঁদ
গ বৃহস্পতি ঘ শনি
ঙ নেপচুন উত্তর: খ

১৮. কোনটি সৌর জগতের বামন গ্রহ? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ই ইউনিট - বিজোড়) : ১৬-১৭]
ক মঙ্গল খ শনি
গ প্লুটো ঘ বৃহস্পতি উত্তর: গ

১৯. Which planet is the nearest to sun? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৬-১৭/ Standard bank probationary Officer : 08/ IFIC Bank Ltd. Probationary Officer : 04]
Or,
সূর্যের নিকটতম গ্রহের নাম কি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট): ১৬-১৭ / জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ১৬ / কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স এর কার্যালয়ের অডিটর : ১৪/প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১৩]
ⓐ Mercury ⓑ Venus
ⓒ Jupiter ⓓ Mars Ans. a

২০. সূর্যের নিকটতম গ্রহ কোনটি? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট - সেট ৩) : ১৪-১৫]
ক শনি খ পৃথিবী
গ বুধ ঘ শুক্র উত্তর: গ

২১. সৌরজগতের ক্ষুদ্রতম গ্রহ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ড্যাফোডিল) : ১২/মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের অধীনে প্রদর্শক : ০৪/ মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১]
ক পৃথিবী খ শনি
গ বুধ ঘ নেপচুন উত্তর: গ

২২. Which one is the largest planet in the solar system? [Eastern Bank Ltd. Officer : 05]
Or,
সৌরজগতের সর্ববৃহৎ গ্রহ কোনটি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা, হোয়াহো): ১৩ / কুমিল্লা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯/ মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬/ সহকারী থানা শিক্ষা অফিসার : ০৫]
ⓐ Jupitar (বৃহস্পতি) ⓑ Saturn (শনি)
ⓒ Mars (মঙ্গল) ⓓ Earth (পৃথিবী)
ⓔ None of these Ans. a

২৩. কোন গ্রহকে গ্রহরাজ বলা হয়? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬]
ক নেপচুন খ পৃথিবী
গ বৃহস্পতি ঘ মঙ্গল উত্তর: গ

২৪. সৌরজগতের দ্বিতীয় বৃহত্তম গ্রহ- [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১৩ /প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ডালিয়া) : ১২/ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১১]
ক বৃহস্পতি খ পৃথিবী
গ শনি ঘ বুধ উত্তর: গ

২৫. সৌরজগতের দ্রুততম গ্রহ হলো- [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৪/গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ) : ০৩/ পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০০/থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ক বৃহস্পতি খ শনি
গ বুধ ঘ শুক্র উত্তর: গ

২৬. সৌরজগতের কোন গ্রহের সূর্যকে প্রদক্ষিণ করতে সবচেয়ে কম সময় লাগে? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬]
ক শুক্র খ বুধ
গ পৃথিবী ঘ বৃহস্পতি উত্তর: খ

২৭. কোন গ্রহের তাপমাত্রা তুলনামূলকভাবে অধিক? [৩৫তম বিসিএস/ বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক ও ব্যক্তিগত কর্মকর্তা : ১৮]
ক শুক্র গ মঙ্গল
খ পৃথিবী ঘ বুধ উত্তর: ক

২৮. পৃথিবীর জমজ নামে পরিচিত কোন গ্রহ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১০]
ক শনি খ মঙ্গল
গ বুধ ঘ শুক্র উত্তর: ঘ

২৯. 'শুকতারা' একটি - [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে সহকারী গবেষণা কর্মকর্তা : ৯৮/ থানা শিক্ষা অফিসার : ৯৬]
ক গ্রহ খ উপগ্রহ
গ নক্ষত্র ঘ নীহারিকা উত্তর: ক

৩০. শুক্রগ্রহের অপর নাম কি? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৪]
ক শুকতারা খ সন্ধ্যাতারা
গ সিরিয়াস ঘ ক ও খ উত্তর: ঘ

৩১. কোন গ্রহকে পশ্চিমাকাশে 'সন্ধ্যাতারা' এবং পূর্বাকাশে 'শুকতারা' রূপে দেখা যায়? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]
ক মঙ্গল খ বুধ
গ বৃহস্পতি ঘ শুক্র উত্তর: ঘ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

৩২. **Which one of these planets is nearest to the earth?** [Rupali Bank Ltd. (Senior Officer): 13]

Or,

পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার : ১৭/ সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা: ১৬/ সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪]

ক বুধ খ শুক্র
গ বৃহস্পতি ঘ মঙ্গল
উত্তর: খ

৩৩. **Which one of the following is the brightest planet of the solar system as seen from the earth?** [SBAC Bank Ltd. (MTO) : 14]

ⓐ Mars ⓑ Venus ⓒ Mercury
ⓓ Uranus ⓔ None of these
Ans. b

৩৪. **পৃথিবী সৌরজগতের একটি-** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ক্যাশ সহকারী : ১৪/প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৩]

ক নক্ষত্র খ গ্রহ
গ উপগ্রহ ঘ জ্যোতিষ্ক
উত্তর: খ

৩৫. **পৃথিবী সৌরজগতের কত নম্বর গ্রহ?** [কর্মসংস্থান ব্যাংক এসিস্টেন্ট অফিসার : ০১]

ক অষ্টম খ নবম
গ চতুর্থ ঘ তৃতীয়
উত্তর: ঘ

৩৬. **পৃথিবী প্রকৃতপক্ষে একটি-** [সমবায় অধিদপ্তরের (২য় শ্রেণির) গেজেটেড অফিসার : ৯৭]

ক পরিপূর্ণ গোলক খ সমতল ক্ষেত্র
গ অভিগত গোলক ঘ অর্ধবৃত্ত
উত্তর: গ

৩৭. **পৃথিবীর ব্যাসার্ধ কত?** [থানা নির্বাচন অফিসার : ০৪]

ক ৬০০০ কি.মি. খ ৩৪৮৬ কি.মি.
গ ৬৪৩৪ কি.মি. ঘ ৪০৭০ কি.মি.
উত্তর: গ

৩৮. **পৃথিবীর ব্যাস আনুমানিক কত?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (টিভি প্রশিক্ষণ): ০৩]

ক ৪০০০ কি.মি. খ ৪০০০ মাইল
গ ৮০০০ মাইল ঘ ৮ মাইল
উত্তর: গ

ব্যাখ্যা: ব্যাস = ২ × ব্যাসার্ধ।

৩৯. **পৃথিবীর উত্তর দক্ষিণের ব্যাস কত?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৪]

ক ১৫১০৯ কি.মি. খ ১৪৭০২ কি.মি.
গ ১২৭০৯ কি.মি. ঘ ১১৩০৯ কি.মি.
উত্তর: গ

৪০. **পৃথিবীর পরিধি হচ্ছে -** [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ০৬ / সহকারী থানা শিক্ষা অফিসার : ০৫/সমবায় অধিদপ্তরের (২য় শ্রেণির) গেজেটেড অফিসার : ৯৭]

ক ২৫,০০০ মাইল খ ৩৫০০০ মাইল
গ ৩০,০০০ মাইল ঘ ১৫,০০০ মাইল
উত্তর: ক

৪১. **What is the approximate circumference of the earth? / পৃথিবীর পরিধি প্রায় -** [Shahjalal Islami Bank Ltd. Officer : 03]

ক 50,000 km খ 25,000 km
গ 16,000 km ঘ 40,000 km
উত্তর: ঘ

৪২. **Average Sp.gr. of the earth- / পৃথিবীর আপেক্ষিক গুরুত্ব-** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী ভূরসায়নবিদ : ৯৮]

ক 3.517 খ 4.517
গ 5.517 ঘ 9.517
উত্তর: গ

৪৩. **পৃথিবী হতে সূর্যের গড় দূরত্ব-** [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা) : ১৩]

ক ১৭ কোটি কি.মি. খ ১৫ কোটি কি.মি.
গ ১০ কোটি কি.মি. ঘ ১৩ কোটি কি.মি.
উত্তর: খ

৪৪. **পৃথিবী থেকে সূর্যের দূরত্ব কত?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ৯৯-০০]

ক ১৫০ মিলিয়ন কি.মি. খ ১০০ মিলিয়ন কি.মি.
গ ১২০ মিলিয়ন কি.মি. ঘ ২০০ মিলিয়ন কি.মি.
উত্তর: ক

৪৫. **পৃথিবী থেকে সূর্যের দূরত্ব হলো -** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৬ / ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. সহকারী অফিসার : ০৩]

ক ৯৩ মিলিয়ন মাইল খ ৯০ মিলিয়ন মাইল
গ ৭৫ মিলিয়ন মাইল ঘ ১২০ মিলিয়ন মাইল
উত্তর: ক

৪৬. **সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে কতক্ষণ সময় লাগে?** [১৮তম বিসিএস]

ক ৮.৩২ মিনিট খ ৯.১২ মিনিট
গ ৭.৯৬ মিনিট ঘ ১০.৬৫ মিনিট
উত্তর: ক

৪৭. **যদি সূর্য থেকে হঠাৎ আলো বন্ধ হয়ে যায় তাহলে পৃথিবীর মানুষ কতক্ষণে এ পরিবর্তন প্রত্যক্ষ করবে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (মার্কেটিং বিভাগ) : ০২-০৩]

ক তৎক্ষণাৎ খ ৮মি. পরে
গ ৮ মি. ৪০ সে. পরে ঘ ৮ মি. ২০ সে. পরে
উত্তর: ঘ

৪৮. **সূর্য থেকে পৃথিবীতে আলো পৌছাতে সাধারণত কত সময় লাগে?** [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]

ক ২০০ সে. খ ৩০০ সে.
গ ৪০০ সে. ঘ ৫০০ সে.
উত্তর: ঘ

৪৯. **Which of the following is called Blue Planet?** [Probashi Kallyan Bank Ltd. (SEO) : 18]

ⓐ Saturn ⓑ Earth
ⓒ Jupiter ⓓ Mars
Ans. b

৫০. **মঙ্গলগ্রহ কত দিনে সূর্যকে আবর্তন করে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৫]

ক ৩৬৫ খ ৪২৭
গ ৬৬৭ ঘ ৬৮৭
উত্তর: ঘ

৫১. **লাল গ্রহ কাকে বলা হয়?** [১৩তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন : ১৬]

ক মঙ্গল গ্রহ খ বুধ গ্রহ
গ বৃহস্পতি গ্রহ ঘ শনি গ্রহ
উত্তর: ক

৫২. **কোন গ্রহের হাজার বলয় আছে?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর : ১১]

ক বুধ খ মঙ্গল
গ শনি ঘ বৃহস্পতি
উত্তর: গ

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

৫৩. **'সবুজগ্রহ' বলা হয় কাকে?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (সি-ইউনিট):১৬-১৭/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ): ০৭]
ক বুধ খ শুক্র
গ মঙ্গল ঘ ইউরেনাস **উত্তর:** ঘ

৫৪. **ইউরেনাসকে বলা হয়–** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১৬]
ক মঙ্গলগ্রহ খ সবুজগ্রহ
গ ক্ষুদ্রগ্রহ ঘ নক্ষত্র **উত্তর:** খ

৫৫. **Which one does not logically belong to the list : 'Mars, Jupiter, Comet, Earth, Neptune'?** [Standard Bank Ltd. Officer : 06]
ⓐ Mars ⓑ Jupiter
ⓒ Comet ⓓ Earth
ⓔ Neptune **Ans.** c

৫৬. **সৌরজগতের কোন গ্রহের সবচেয়ে বেশি উপগ্রহ আছে?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্যামেলিয়া) : ১৮]
ক শনি খ মঙ্গল
গ বৃহস্পতি ঘ শুক্র **উত্তর:** গ

৫৭. **কোন গ্রহের একটিও উপগ্রহ নেই?** [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১১]
ক শুক্র খ পৃথিবী
গ বৃহস্পতি ঘ ইউরেনাস **উত্তর:** ক

৫৮. **কোন গ্রহের কোন চাঁদ নেই?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিস্তা) : ১০]
ক মঙ্গল খ বুধ
গ বৃহস্পতি ঘ শনি **উত্তর:** খ

৫৯. **সৌরজগতের কোন গ্রহের উপগ্রহ নাই?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI)-এর সাঁটমুদ্রাক্ষরিক : ১৭]
ক পৃথিবী খ বুধ
গ শনি ঘ বৃহস্পতি **উত্তর:** খ

৬০. **মঙ্গল গ্রহের কয়টি উপগ্রহ আছে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ সহকারী পরিচালক :১৬/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৫]
ক ১০টি খ ২টি
গ ৩টি ঘ ৪টি **উত্তর:** খ

৬১. **ডিমোস কোন গ্রহের উপগ্রহ?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর : ১১]
ক শনি খ বুধ
গ মঙ্গল ঘ বৃহস্পতি **উত্তর:** গ

৬২. **সবচেয়ে বড় উপগ্রহ কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১]
ক টাইটান খ ফোবস
গ ডিমোস ঘ ক্যারন **উত্তর:** ক

৬৩. **পৃথিবীর উপগ্রহ কয়টি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (লোকপ্রশাসন বিভাগ) : ০২-০৩]
ক ৩ খ ৭
গ ৫ ঘ ১ **উত্তর:** ঘ

৬৪. **পৃথিবীর একমাত্র উপগ্রহ** - [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৮/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হেমন্ত) : ১০]
ক সূর্য খ বুধ
গ চন্দ্র ঘ শুক্র **উত্তর:** গ

৬৫. **পৃথিবী চাঁদের তুলনায় কতগুণ বড়?** [সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার : ০০]
ক ৩৯ খ ৪৯
গ ৫৯ ঘ ৬৯ **উত্তর:** খ

৬৬. **The distance between the earth and the moon is about?** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরে সহকারী ভূতত্ত্ববিদ : ৯৮] *Or,*
পৃথিবী হতে চাঁদের দূরত্ব গড়ে কত মাইল? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীনে অধীক্ষক : ৯৮]
ক 2,39,000 miles খ 2,49,000 miles
গ 2,59,000 miles ঘ 2,69,000 miles **উত্তর:** ক

৬৭. **Approximate distance of the moon from the earth-** [IFIC Bank Ltd. Probationary Officer : 92]
ⓐ 257×10^2 miles ⓑ 250×10^3 miles
ⓒ 930×10^5 miles ⓓ 67×10^6 miles **Ans.** b

৬৮. **পৃথিবী থেকে চাঁদের দূরত্ব কত?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া) : ১২]
ক ৩,৮৪,০০০ কিমি. খ ৩,৯৫,০০০ কিমি.
গ ৪,০৫,০০০ কিমি. ঘ ৪,২০,০০০ কিমি. **উত্তর:** ক

৬৯. **আলোর গতিতে চললে পৃথিবী থেকে চাঁদে পৌঁছাতে কত সময় লাগবে?** [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ০৬]
ক ১৫ সেকেন্ড খ প্রায় ১.৫ সেকেন্ড
গ ১.৫ মিনিট ঘ প্রায় ১৫ মিনিট **উত্তর:** খ

৭০. **পৃথিবীর চারদিকে চাঁদের একবার ঘুরতে লাগে-** [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১৩]
ক ২৭ দিন খ ২৮ দিন
গ ২৯ দিন ঘ ৩০ দিন **উত্তর:** ক

৭১. **শান্ত সাগর (Sea of transquility) কোথায় অবস্থিত?** [Bangladesh Krishi Bank (IT) : 16/ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব: ১৫/ ইসলামী বিশ্ববিদ্যালয় (জি-ইউনিট) : ০৫-০৬/ তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ৯৭]
ক সূর্যে খ শনি গ্রহে
গ চাঁদে ঘ বুধ গ্রহে **উত্তর:** গ

৭২. **কোন গ্রহগুলোকে বলা হয় দানবগ্রহ?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪]
ক বৃহস্পতি, শনি, বুধ, শুক্র
খ শনি, মঙ্গল, বৃহস্পতি, ইউরেনাস
গ বৃহস্পতি, ইউরেনাস, শনি, নেপচুন
ঘ মঙ্গল, বৃহস্পতি, শনি, ইউরেনাস **উত্তর:** গ


সূর্যগ্রহণ (Solar Eclipse)
অমাবস্যার তিথিতে পৃথিবী, চন্দ্র ও সূর্য প্রায় একই সরলরেখায় অবস্থান করে। এ সময় চাঁদ পৃথিবী ও সূর্যের মাঝে অবস্থান করে। ফলে চাঁদের ছায়া পৃথিবীর উপর পড়ে। এ ঘটনাকে সূর্যগ্রহণ বলে।

চন্দ্রগ্রহণ (Lunar Eclipse)
পূর্ণিমার তিথিতে চন্দ্র, পৃথিবী ও সূর্য প্রায় একই সরলরেখায় অবস্থান করে। এ সময় পৃথিবী সূর্য ও চাঁদের মধ্যে অবস্থান করে। ফলে পৃথিবীর ছায়া চাদের উপর পড়ে। এ ঘটনাকে চন্দ্রগ্রহণ বলে।


www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

এক নজরে চন্দ্রগ্রহণ এবং সূর্যগ্রহণ

ঘটনা	আলো →			সময় কাল
সূর্যগ্রহণ	সূর্য	চাঁদ	পৃথিবী	অমাবস্যা
চন্দ্রগ্রহণ	সূর্য	পৃথিবী	চাঁদ	পূর্ণিমা



সূর্যগ্রহণ



চন্দ্রগ্রহণ

MCQ Solution

১. **The word 'solar' is related to** –[আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট : ১০]
ⓐ Moon ⓑ Sun
ⓒ Mars ⓓ Saturn **Ans.** b

২. **The word 'Lunar' is related to** – [১৩তম বেসরকারী প্রভাষক নিবন্ধন পরীক্ষা : ১৬ / সহকারী পরিবার পরিকল্পনা অফিসার : ১৬/ সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার : ১৩ /সহকারী উপজেলা শিক্ষা অফিসার : ১২]
ⓐ Moon ⓑ Sun
ⓒ Earth ⓓ Mars **Ans.** a

৩. **যখন সূর্য ও পৃথিবীর মধ্যে চাঁদ অবস্থান করে তখন হয়-** [২৩তম বিসিএস]
ⓚ চন্দ্রগ্রহণ ⓚ সূর্যগ্রহণ
ⓖ অমাবস্যা ⓖ পূর্ণিমা **উত্তর:** খ

৪. **চন্দ্র ও সূর্য পৃথিবীর একপাশে অবস্থান করে-** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (গোলাপ) : ০৯]
ⓚ পূর্ণিমা তিথিতে ⓚ পূর্ণিমা ও অমাবস্যা উভয় তিথিতে
ⓖ অমাবস্যা তিথিতে ⓖ এর কোনোটিই নয় **উত্তর:** গ

৫. **সূর্যগ্রহণ ঘটে যখন-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৩]
ⓚ চাঁদ ও সূর্য এক সরলরেখায় অবস্থান করে
ⓚ চাঁদ ও পৃথিবী এক রেখায় অবস্থান করে
ⓖ চাঁদ, সূর্য ও পৃথিবী এক সরলরেখায় অবস্থান করে
ⓖ পৃথিবী, সূর্য ও চাঁদের মাঝে থাকে **উত্তর:** গ

৬. **যখন সূর্য ও চন্দ্রের মধ্যে পৃথিবী অবস্থান করে তখন হয়-** [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১]
ⓚ সূর্যগ্রহণ ⓚ চন্দ্রগ্রহণ
ⓖ পূর্ণিমা ⓖ অমাবস্যা **উত্তর:** খ

৭. **Lunar eclipse occurs on-** [৩৪তম বিসিএস/ প্রাক প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৫]
ⓐ A new moon day ⓑ A full moon day
ⓒ A half moon day ⓓ A moonless day **উত্তর :** খ

৮. **চন্দ্রগ্রহণের সময়-** [গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার : ০৫]
ⓚ পৃথিবী, সূর্য ও চন্দ্রের মাঝে অবস্থান করে
ⓚ চন্দ্র, সূর্য ও পৃথিবীর মাঝে অবস্থান করে
ⓖ সূর্য, চন্দ্র ও পৃথিবীর মাঝে অবস্থান করে
ⓖ পৃথিবী ও চন্দ্র সোজাসুজি অবস্থান করে **উত্তর:** ক

মহাকাশ অভিযান

মহাশূন্যযানের নাম	সাফল্যের প্রকৃতি
স্পুটনিক-I Sputnik-I	মহাশূন্যযাত্রার প্রথম পদক্ষেপটির সূচনা হয়েছে ১৯৫৭ সালের ৪ অক্টোবর। এই যাত্রার সূচনা করে তৎকালীন সোভিয়েত ইউনিয়ন মহাশূন্যে স্পুটনিক-১ নামক কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণের মাধ্যমে। এটি মহাশূন্যে পাঠানো প্রথম কৃত্রিম উপগ্রহ। স্পুটনিক শব্দের অর্থ Fellow Travellers (ভ্রমণসঙ্গী)।
স্পুটনিক-II Sputnik-II	জীবন্ত প্রাণী বহনকারী প্রথম মহাশূন্যযান। সোভিয়েত ইউনিয়ন নির্মিত এ মহাশূন্যযানের যাত্রী ছিল লাইকা (Laika) নামের একটি কুকুর। 
স্কোর [SCORE]	মহাশূন্যে পাঠানো প্রথম যোগাযোগ উপগ্রহ।
লুনা-২ [Luna-2]	চন্দ্রপৃষ্ঠকে স্পর্শকারী প্রথম মহাশূন্যযান।
লুনা-৩ [Luna-3]	প্রথম উপগ্রহ যা চাঁদের অদৃশ্যমান অংশের ছবি পাঠায়।
ইনটেলসেট-১ Intelset I	বাণিজ্যিক কাজে ব্যবহারের জন্য পাঠানো প্রথম যোগাযোগ উপগ্রহ। পরবর্তীতে উপগ্রহটির নামকরণ করা হয় Early Bird.
ভেনেরা-৩ (Venera -3)	শুক্র গ্রহে অবতরণকারী প্রথম মহাশূন্যযান।
Salyut 1	প্রথম স্পেস স্টেশন।
মারস ২ [Mars II]	মঙ্গলগ্রহে প্রেরিত প্রথম মহাশূন্য অনুসন্ধানী যান।

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

মহাশূন্যযানের নাম	সাফল্যের প্রকৃতি
লুনা-৯ Luna-9	১৯৬৬ সালে প্রথম সফলভাবে চাঁদের পৃষ্ঠে অবতরণকারী (Soft landing) সোভিয়েত মহাশূন্য অনুসন্ধানী যান।
অ্যাপোলো ১১ Apollo 11	 অ্যাপোলো-১১ চন্দ্রপৃষ্ঠে অবতরণকারী প্রথম মনুষ্যবাহী মহাকাশযান। ১৯৬৯ সালের ২০ জুলাই এটি সফলভাবে চন্দ্রপৃষ্ঠে অবতরণ করে। এই অভিযানে অংশ নেন মার্কিন নভোচারী নীল আর্মস্ট্রং, মাইকেল কলিন্স এবং এডউইন অলড্রিন। ২১ জুলাই নীল আর্মস্ট্রং প্রথম মানব হিসেবে চন্দ্রপৃষ্ঠে পা রাখেন। এ সময় তিনি বিখ্যাত একটি মন্তব্য করেন, "That's one small step for [a] man, one giant leap for mankind" (এটি একটি মানুষের জন্য ক্ষুদ্র পদক্ষেপ কিন্তু মানব জাতির জন্য বিশাল অগ্রযাত্রা)।
পায়োনিয়ার ১০ Pioneer-10	বৃহস্পতি গ্রহে প্রেরিত প্রথম মহাশূন্য অনুসন্ধানীযান যা খুব নিকট হতে গ্রহটির ছবি তুলতে সক্ষম হয়।
ল্যান্ডসেট ১[Landsat I]	রিমোট সেনসিং বা দূর অনুধাবনের জন্য পাঠানো প্রথম উপগ্রহ।
অ্যাপোলো-সায়োজ টেস্ট প্রজেক্ট	আন্তর্জাতিক যোগসূত্র স্থাপনের জন্য মহাশূন্যে পাঠানো প্রথম উপগ্রহ।
ভয়েজার Voyager	বৃহস্পতি, শনি, ইউরেনাস, নেপচুন এবং প্লুটোর কক্ষপথে প্রেরিত যুক্তরাষ্ট্রের একটি মহাশূন্যযান।
ভাইকিং১,২[Viking 1,2]	মঙ্গলগ্রহে অবতরণকারী মার্কিন মহাশূন্য অনুসন্ধানী যান।
গ্যালিলিও [Galileo]	পৃথিবী থেকে পাঠানো বৃহস্পতির একটি কৃত্রিম উপগ্রহ।
পাথ ফাইন্ডার [Pathfinder]	মঙ্গলগ্রহের উদ্দেশ্যে প্রেরিত একটি মার্কিন নভোযান।
চন্দ্রযান-১ Chandrayaan-1	২০০৮ সালের ১৪ নভেম্বর সফলভাবে চাঁদে অবতরণ করে। এটি চন্দ্রপৃষ্ঠে অবতরণকারী মনুষ্যবিহীন প্রথম ভারতীয় নভোযান।

দূর অনুধাবন (Remote sensing)

কোনো কিছুর সরাসরি সংস্পর্শে না এসে সেই বিষয়-বস্তুর সম্বন্ধে তথ্য আহরণই হল দূর অনুধাবন। উপগ্রহের সাহায্যে আলট্রাসাউন্ড ওয়েভের মাধ্যমে বস্তুকে স্ক্যান করে যে সংকেত পাওয়া যায় তা ব্যবহার করে ফটো তোলার মাধ্যমে ভূমণ্ডলের অবলোকন করা হয়।

MCQ Solution

১. **প্রথম কৃত্রিম উপগ্রহ উড্ডয়ন করে কোন দেশ?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক : ০৯/ থানা নির্বাচন অফিসার : ০৪/ আবহাওয়া অধিদপ্তরের অধীন সহকারী আবহাওয়াবিদ : ৯৫/ পরিবার পরিকল্পনা অধিদপ্তরে মেডিক্যাল অফিসার : ৮৪]

ক যুক্তরাষ্ট্র খ রাশিয়া
গ চীন ঘ জাপান **উত্তর: খ**

২. **কোন সনে প্রথম নভোযান আকাশে পাঠানো হয়?** [রাষ্ট্রায়ত্ত ব্যাংক অফিসার : ৯৯]

ক ১৯৫৭ খ ১৯৫৯
গ ১৯৬১ ঘ ১৯৬৩ **উত্তর: ক**

৩. **কোন সনে রাশিয়া প্রথম ভূ-উপগ্রহ নিক্ষেপ করে?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]

ক ১৯৪৮ খ ১৯৫৭
গ ১৯৬২ ঘ ১৯৭২ **উত্তর: খ**

৪. **'Sputnik' is the name of -** [IFIC Bank Ltd. Probationary Officer : 96]

ⓐ A comet ⓑ An American space object
ⓒ The first space satellite ⓓ None of the above **Ans. c**

৫. **স্পুটনিক-১ কখন ভূ-উপগ্রহ কক্ষপথে সাফল্যজনকভাবে নিক্ষেপ করা হয়?** [সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন থানা ও জেলা সমাজসেবা অফিসার : ৯৯]

ক ১৯৫৭ সালে খ ১৯৬০ সালে
গ ১৯৬৬ সালে ঘ ১৯৬৯ সালে **উত্তর: ক**

৬. **মহাশূন্যে উৎক্ষিপ্ত প্রথম কৃত্রিম উপগ্রহের নাম কি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬/ স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে স্বাস্থ্য সহকারী : ০৪]

ক অ্যাপোলো খ চ্যালেঞ্জার
গ স্পুটনিক ঘ এক্সপ্লোরার **উত্তর: গ**

৭. **মহাকাশে কোন প্রাণী প্রথম গিয়েছিল?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (জি-ইউনিট; সেট-বি) : ১৪-১৫]

ক বানর খ কুকুর
গ মানুষ ঘ কোনটাই নয় **উত্তর: খ**

৮. **মহাশূন্যে প্রথম কোন দেশ কুকুর লাইকা পাঠায়?** [পরিকল্পনা এবং প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক:০৬]

ক যুক্তরাষ্ট্র খ রাশিয়া
গ চীন ঘ জাপান **উত্তর: খ**

৯. **কবে মানুষ প্রথম চাঁদে অবতরণ করে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - সেট এ) : ১৪-১৫/ শ্রম অধিদপ্তরে রেজিস্ট্রার : ০০/ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে সহকারী গবেষণা কর্মকর্তা : ৯৮]

ক ২০ জুন, ১৯৬৯ খ ২৫ জুলাই, ১৯৬৮
গ ২০ জুলাই, ১৯৬৯ ঘ ২০ আগস্ট, ১৯৬৯ **উত্তর: গ**

১০. **কবে মানুষ চাঁদে অবতরণ করে?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০৬-০৭]

ক ২০ জুন, ১৯৬৯ খ ২৫ জুলাই, ১৯৬৮
গ ২১ জুলাই, ১৯৬৯ ঘ ২০ আগস্ট, ১৯৬৯ **উত্তর: গ**

১১. **সর্বপ্রথম চাঁদে মানুষ অবতরণ করে কোন সালে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১০-১১]

Or,

In which year man landed on the moon? [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরে সহকারী ভূতত্ত্ববিদ : ৯৮]

ক ১৯৫৭ খ ১৯৬১ গ ১৯৬৯
ঘ ১৯৭২ ঙ ১৯৭৭ **উত্তর: গ**

১২. **On July ..... man walked on the Moon for the first time.** [Probashi Kallyan Bank Ltd. (SEO) : 18]

ⓐ 19th ⓑ 20th
ⓒ 18th ⓓ 21th **Ans. d**

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

১৩. **চন্দ্রপৃষ্ঠে প্রথম অবতরণকারী মানুষের নাম ও দেশ** - [বাতিলকৃত ২৪তম বিসিএস/ পিএসসি'র সহকারী পরিচালক : ১৬ / জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৪-১৫ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]
ক ইউরি গ্যাগারিন, রাশিয়া খ জন গ্লেন, যুক্তরাষ্ট্র
গ রিচার্ড এলড্রিন, যুক্তরাষ্ট্র ঘ নেল আর্মস্ট্রং, যুক্তরাষ্ট্র **উত্তর: ঘ**

১৪. **নীল আর্মস্ট্রং যে নভোযানে চড়ে চাঁদে অবতরণ করেন** - [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪/ জনসংখ্যা পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৩]
ক এ্যাপোলো ৮ খ লুনা ০৯
গ এ্যাপোলো ১১ ঘ লুনা ১৬ **উত্তর: গ**

১৫. **"A small step for men, a giant step for mankind-" said an astranaut. Name the astranaut. / "এটি একজন মানুষের ক্ষুদ্র পদক্ষেপ কিন্তু গোটা মানবজাতির এক বিশাল অগ্রযাত্রা-" কোন নভোচারীর উক্তি?** [IFIC Bank Ltd. Probationary officer: 92]
ⓐ Neil Armstrong ⓑ Edward White
ⓒ Yuri Gagarin ⓓ Allen Shepherd **Ans.** a

১৬. **চাঁদে অবতরণকারী প্রথম নভোচারী নীল আর্মস্ট্রং মৃত্যুবরণ করেন** - [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১২-১৩]
ক ২৫ আগস্ট, ২০১২ খ ২৫ জুলাই, ২০১২
গ ২৫ জানুয়ারি, ২০১২ ঘ ২৬ জুন, ২০১২ **উত্তর: ক**

১৭. **চাঁদে পানির সন্ধান পাওয়া ভারতীয় মহাকাশযান-** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী : ১৩/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ক চন্দ্রযান-১ খ অগ্নিযান
গ পুষ্পক যান ঘ চন্দ্রযান-৩ **উত্তর: ক**

১৮. **পৃথিবীর প্রথম বাণিজ্যিক যোগাযোগ কৃত্রিম উপগ্রহ কোনটি?** [২৯তম বিসিএস/ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার : ১৭]
ক আলিবার্ড হল খ এস্ট্রোলার হল
গ ওবেরী হল ঘ কসমস **উত্তর: ক**

১৯. **মঙ্গলগ্রহে অবতরণ করা খেয়াযানটির নাম কি?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০০]
ক ডিসকভারি খ ক্যাসিনি
গ চ্যালেঞ্জার ঘ পাথফাইন্ডার **উত্তর: ঘ**

২০. **মঙ্গলগ্রহে প্রেরিত নভোযান কোনটি?** [১৩তম বিসিএস/ থানা ও জেলা সমাজসেবা অফিসার : ৯৯]
ক সয়ুজ খ এপোলো
গ ভয়েজার ঘ ভাইকিং **উত্তর: ঘ**

২১. **'পাথ ফাইন্ডার' (Pathfinder) কি?** [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
ক চাঁদে অবতরণকারী একটি যানের নাম খ শুক্র গ্রহে অবতরণকারী যানটির নাম
গ রাতের অন্ধকারে পথ দেখা যায় এরূপ একটি আলোর মেশিন
ঘ মঙ্গল গ্রহে অবতরণকারী যানটির নাম **উত্তর: ঘ**

২২. **মঙ্গলগ্রহে অবতরণকারী নাসা'র মহাশূন্য যানটির নাম কী?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]
ক রোভার খ বিগলৎ
গ স্পিরিট ঘ কলম্বিয়া **উত্তর: গ**

২৩. **মঙ্গল গ্রহে অবতরণকারী নাসা'র রোভার স্কাউট যান দু'টি** - [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ০৩-০৪]
ক স্পিরিট ও অপরচুনিটি খ এপোলো ও ঈগল
গ ইউরোপা ও নাসা ঘ রোভার ও স্কাউট **উত্তর: ক**

২৪. **'গ্যালিলিও' কি?** [১৮তম বিসিএস/ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (PSC) - এর সহকারী পরিচালক : ০৬]
ক মঙ্গলগ্রহের একটি উপগ্রহ খ বৃহস্পতি গ্রহের একটি উপগ্রহ
গ শনি গ্রহের একটি উপগ্রহ
ঘ পৃথিবী থেকে পাঠানো বৃহস্পতির একটি কৃত্রিম উপগ্রহ **উত্তর: ঘ**

২৫. **রিমোট সেন্সিং বা দূর অনুধাবন বলতে বিশেষভাবে বুঝায়-** [১২তম বিসিএস]
ক রেডিও ট্রান্সমিটার সহযোগে দূর থেকে তথ্য সংগ্রহ
খ রাডারের সাহায্যে চারদিকের পরিবেশের অবলোকন
গ কোয়াসার প্রভৃতি মহাজাগতিক উৎস থেকে সংকেত অনুধাবন
ঘ উপগ্রহের সাহায্যে দূর থেকে ভূমণ্ডলের অবলোকন **উত্তর: ঘ**

২৬. **Chandrayaan কী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ০৯-১০]
ক উপন্যাস খ চাঁদের খাদ গ মহাকাশযান
ঘ উদ্যান ঙ যোগাসন **উত্তর: গ**

২৭. **ভারত প্রেরিত চাঁদে মনুষ্যবিহীন নভোযানের নাম কী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ০৮-০৯]
ক গৌরী-১ খ স্পুটনিক গ ব্রহ্ম-১
ঘ চন্দ্রযান-১ ঙ চন্দ্রখেয়া-১ **উত্তর: ঘ**

দেশভিত্তিক প্রথম সফল মনুষ্যবাহী মহাশূন্যযান উৎক্ষেপণ

দেশ	মহাশূন্যযান	প্রথম যাত্রী	মহাশূন্য যাত্রীদের বলা হয়	সময়কাল
রাশিয়া	ভস্টক-১	ইউরি গ্যাগারিন	Cosmonaut	১২ এপ্রিল, ১৯৬১
যুক্তরাষ্ট্র	মার্কারি-রেডস্টোন ৩	অ্যালান শেফার্ড	Astronaut	৫ মে, ১৯৬১
চীন	শেনঝিউ-৫	ইয়াং লিওই	Taikonaut	১৫ অক্টোবর, ২০০৩

মহাশূন্যে প্রথম মানব-মানবী

প্রথম মহাশূন্যচারী	মানব	মানবী
নাম	ইউরি গ্যাগারিন	ভ্যালেন্তিনা তেরেসকোভা
ছবি		
দেশ	সোভিয়েত ইউনিয়ন	সোভিয়েত ইউনিয়ন
মহাশূন্যযানের নাম	ভস্টক-১	ভস্টক-৬
সময়কাল	১২ এপ্রিল, ১৯৬১	১৬ জুন, ১৯৬৩

www.boimate.com
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

মহাশূন্যে পর্যটক

মহাকাশে প্রথম পর্যটক মার্কিন ধনকুবের ডেনিস টিটো (Dennis Tito)। মহাকাশে প্রথম নারী পর্যটক ইরানি বংশোদ্ভূত মার্কিনি আনুশেহ আনসারি (Anousheh Ansari) ।

MCQ Solution

১. **মহাশূন্যে মনুষ্যবাহীযান উৎক্ষেপণকারী তৃতীয় দেশ-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ক জার্মানি খ জাপান
গ চীন ঘ অস্ট্রেলিয়া
ঙ ফ্রান্স
উত্তর: গ

২. **সর্বশেষ কোন দেশ মহাশূন্যে মানুষ প্রেরণ করে?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ক চীন খ ফ্রান্স
গ ব্রিটেন ঘ রাশিয়া
উত্তর: ক

৩. **মহাশূন্যে প্রথম নভোচারী-** [বিটিভি-এর সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ১৪-১৫]
ক ইউরি গ্যাগারিন খ লাইকা
গ ভেলেন্টিনা তেরেসকোভা ঘ নীল আর্মস্ট্রং
উত্তর: ক

৪. **মহাশূন্য প্রথম নভোচারী একজন -** [জাতীয় সংসদ সচিবালয়ের অধীন সহকারী সচিব : ৯৬]
ক আমেরিকান খ ব্রিটিশ
গ ফরাসি ঘ রাশিয়ান
উত্তর: ঘ

৫. **কোন নভোচারী সর্বপ্রথম পৃথিবী প্রদক্ষিণ করেন?** [প্রতিরক্ষার মন্ত্রণালয়ের অধীন গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার : ০৫/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ০১]
ক নেইল আর্মস্ট্রং খ ইউরি আন্দ্রোপভ
গ জন পে ঘ ইউরি গ্যাগারিন
উত্তর: ঘ

৬. **ইউরি গ্যাগারিন কোন মহাকাশযানে চড়ে পৃথিবী পরিভ্রমণ করেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (অবাণিজ্য) : ০৫-০৬]
ক মাকারি খ ভস্টক
গ অ্যাপোলো ঘ ডিসকভারি
উত্তর: খ

৭. **মহাকাশের প্রথম মহিলা অভিযাত্রীর নাম কি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট) : ১৪-১৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (হিসাববিজ্ঞান-অবাণিজ্য) : ০৫-০৬]
ক মাদাম কুরি খ ভ্যালেন্তিনা তেরেসকোভা
গ তাসফিয়া রাজভিকো ঘ তাসনুভা গোরবাচেভ
উত্তর: খ

৮. **'ভেলেনতিনা তেরেসকোভা' জন্মগ্রহণ করেন -** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ই ইউনিট - গ্রুপ ৩) : ১৭-১৮]
ক ৬ মার্চ, ১৯৩৭ খ ২১ মে, ১৯৫৯
গ ১৭ মার্চ, ১৯৬২ ঘ ৪ জুন, ১৯৬৩
উত্তর: ক

৯. **প্রথম মহিলা মহাশূন্যচারী কবে মহাশূন্যে যাত্রা করেন?** [পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি বাড়ি একটি খামার প্রকল্পের জেলা সমন্বয়কারী : ১৭]
ক ১৯৬১ সালের ১২ এপ্রিল খ ১৯৬৩ সালের ৪ ডিসেম্বর
গ ১৯৬৫ সালের ১৬ নভেম্বর ঘ ১৯৬৭ সালের ৪ অক্টোবর
উত্তর:


১০. **মহাকাশে প্রথম আনন্দ ভ্রমণকারী কে?** [দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো সহকারী পরিচালক : ০১]
ক নেইল আর্মস্ট্রং খ ডেনিস টিটো
গ মাইকেল কলিন্স ঘ ইউরি গ্যাগারিন
উত্তর: খ

www.boimate.com

১১. **মহাকাশে প্রথম নারী পর্যটকের নাম কি?** [যোগাযোগ মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা : ০৬]
ক কল্পনা খ ভ্যালেন্তিনা তেরেস্কোভা
গ শিরিন এবাদি ঘ আনুশেহ আনসারি
উত্তর: ঘ

আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্র (International Space Station)

পৃথিবীর নিম্নকক্ষে স্থাপিত একটি কৃত্রিম উপগ্রহ। এ যাবৎকালের সর্ববৃহৎ মহাকাশ স্টেশন। ১৯৯৮ সালের ২০ নভেম্বর এটি উৎক্ষেপণ করা হয়। এটি প্রতিদিন ১৫.৫৪ বার পৃথিবীকে প্রদক্ষিণ করে। এটি আকার এত বড় যে, এটি পৃথিবী থেকে খালি চোখে দৃশ্যমান হতে পারে। আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্র পাঁচটি গবেষণা সংস্থার একটি সম্মিলিত প্রকল্প। সংস্থা পাঁচটি হচ্ছে-



- National Aeronautics and Space Administration (NASA)
- European Space Agency (ESA)
- Roscosmos State Corporation for Space Activities (Roscosmos)
- Japan Aerospace Exploration Agency (JAXA)
- Canadian Space Agency (CSA)

National Aeronautics & Space Adminstration (NASA)

ভূমিকা	মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা।
প্রতিষ্ঠাকাল	২৯ জুলাই, ১৯৫৮
সদর দপ্তর	ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র
উৎক্ষেপণ কেন্দ্র	ফ্লোরিডার কেপ ক্যানভেরালে (পূর্ব নাম কেপ কেনেডি)

European Space Agency (ESA)

পরিচিতি	ইউরোপের ২২টি দেশের সম্মিলিত মহাকাশ গবেষণা সংস্থা।
প্রতিষ্ঠাকাল	১৯৭৫ খ্রি.
সদর দপ্তর	প্যারিস, ফ্রান্স

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

MCQ Solution

১. **নাসা (NASA) কোন ধরনের প্রতিষ্ঠান?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI)-এর সহকারী পরিচালক : ১৭]
ক বিজ্ঞান গবেষণা খ মহাকাশ গবেষণা
গ গোয়েন্দা ঘ বিশ্ব পরিবেশ **উত্তর: খ**

২. **নাসা কোন দেশের মহাকাশ গবেষণা সংস্থা?** [১৯তম বিসিএস/ সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১২]
Or;
NASA is the organization of - [খুলনা বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০৩-০৪]
ক জার্মানি খ রাশিয়া
গ ফ্রান্স ঘ যুক্তরাষ্ট্র **উত্তর: ঘ**

৩. **NASA-কত সালে প্রতিষ্ঠিত হয়?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরে সার্কেল এ্যাডজুটেন্ট : ০৫]
ক ১৯৫২ সনে খ ১৯৫৪ সনে
গ ১৯৫৬ সনে ঘ ১৯৫৮ সনে **উত্তর: ঘ**

৪. **'NASA' এর সদর দপ্তর কোথায়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ই ইউনিট - সেট ১) : ১৭-১৮]
ক ওয়াশিংটন ডিসি খ বোস্টন
গ শিকাগো ঘ নিউইয়র্ক **উত্তর: ক**

৫. **NASA-এর সদর দফতর কোথায়?** [২৮তম বিসিএস/ স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী : ১৬]
ক ফ্লোরিডা খ হিউস্টন
গ কেপ কেনেডি ঘ টেকসাস **উত্তর:**
ব্যাখ্যা: নাসার সদর দপ্তর যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডি.সিতে অবস্থিত।

স্পেস শাটল (Space Shuttle)

স্পেস শাটল বহুবার মহাশূন্যচারীদের নিয়ে মহাকাশে যায় এবং ফিরে আসে। এর প্রধান সুবিধা হল এটি বার বার ব্যবহার করা যায়। 'আটলান্টিস', 'এন্ডেভার', 'ডিসকভারি' প্রভৃতি মার্কিন স্পেস শাটল। রুশ স্পেস শাটল হলো 'সয়ুজ'। নাসার একটি বিধ্বস্ত স্পেস শাটল 'কলম্বিয়া'।

হাবল টেলিস্কোপ (Hubble Space Telescope)



মহাশূন্য বিভিন্ন চিত্র গ্রহণের জন্য ১৯৯০ সালের ২৪ এপ্রিল হাবল টেলিস্কোপ পৃথিবীর কক্ষপথে স্থাপিত হয়। এই টেলিস্কোপটি [NASA, ESA এবং STScI (Space Telescope Science Institute) এর যৌথ উদ্যোগে নির্মিত হয়।

MCQ Solution

১. **The 'Hubble Telescope' is-** [IFIC Bank Ltd. Probationary Officer : 96]
ⓐ The name of a book
ⓑ An observatory in UK
ⓒ Placed in orbit round the earth for cosmic observation
ⓓ Used in space crafts **Ans.** c

www.boimate.com

বিসিএস প্রিলিমিনারি প্রশ্নোত্তর

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com